		ময়মনসিংহ বা নসীরাবাদ	উত্তর সীমা, থানা ফুলপুর। পশ্চিম সীমা, মহকুমার সীমা। দক্ষিণ সীমা, এই২ গ্রাম অর্থাৎ শোরাবাড়ী ও কালগা ও তুলমা ও জয়পুর ও কান্দানিয়া ও কয়েদেরবাড়ী বা কালীয়াজীরী ও লালপুর জঙ্গালিয়া ও শাপখালী ও ফুটী ও গুজিয়াম ও আমীরাবাড়ী ও গোপলপুর ও পলাশ খালী ও বড়গাঁ। পূর্ব্ব সীমা, এই২ গ্রাম অর্থাৎ নাগারকুরশা বা গড়পাড়া ও রাঢ়গাঁ ও খীলগাঁ প্রভৃতি ও সুকারীকান্দি ও বাবুপুর ও শাখুয়া ও বিষ্ণুপুর ও বাহাদুরপুর ও ধল্লা ও চর মদাখালী ও তথা হইতে বয়ড়াভালুকা গ্রাম পর্য্যন্ত ব্রহ্মপুত্র নদ, ও পরে এই২ গ্রাম অর্থাৎ চর নিল্লাখিয়া ও চর ঘোড়ামারা ও রাঘবপুরচর ও বিজয়নগর।
ময়মনসিংহ ..	ময়মনসিংহ	মাদারগঞ্জ	উত্তর সীমা, এই২ গ্রাম অর্থাৎ ডেঙ্গা ও ময়িলা কান্দা ও নৌপাই ও টাঙ্গুয়া ও লামাপাড়া ও গীতপুর কোরায়েদ ও কোরাইদ ও চালিসা নশা-বরিয়াটী ও বরিহাটী ও কুলাতলী ও কালীহরবীর ও কালীহরখুর্দ্দ ও রামচন্দ্রনগর ও মুখারিয়া ও পালু হাটী ও খলতবাড়ী ও মৌহা কোদালিয়াপাড়া ও রামকৃষ্ণপুর। পূর্ব্ব সীমা এই২ গ্রাম অর্থাৎ চালিসা কোরেহা ও ধেকুয়া কোরেহা ও মৌয়ার পাজুহাটীপাড়া নৌহালাশম্প ও বীর আহমেদপুর ও সরসাহাটী ও ঈশ্বরপর ও পাথরাইল বঙ্গুরীহাটী ও হাতিউর ও পেচাঙ্গিয়া ও পলতী পাড়া ও বারাইকান্দা ও কিসমৎ রামেশ্বরপুর ও ঢাপিলাকান্দা বা কোণাপাড়া ও ফতেনগর ও ইটাউলিয়া ও শ্রীরামপুর বা মঙ্কেপুর ও গলকুণ্ড ও গাবরকলীয়ানী ও সুরাতী- ও রাজীবপুর ও সুন্দাইলপাড়া ও চর আসিয়া ও গরতীয়া ও শ্রীদেবপুর বা ধল্লিপুর ও রায়পুর ও ভাগরা বা বাগরা ও কৃষ্ণরামপুর ও নিধিয়া ও ঘালা ও বনারা ও রূপপুর ও পূর্ব্বকান্দি ও নসরতপুর ও সুন্দাইল প্রভৃতি ও মদনপুর ও কয়রাহাটী ও গোপালাশ্রমপ্রভৃতি ও কান্দিউরা ও বাণীপুর ও গালিপাড়া ও বাণীপুরখোষাল খরীদপাড়া ও খল্লাপাড়া প্রভৃতি ও বরাইল ধীতপুর ও মোহরূপপুর ও নসতী ও বনাতী-আবদুল্লাপুর ও বালমগুল্লা ও দক্ষিণ কয়রাহাটী। দক্ষিণ সীমা, মহেশকুরা গ্রামপর্য্যন্ত মহকুমার সীমা। পশ্চিম সীমা, ব্রহ্মপুত্র নদ ও ময়মনসিংহ বা নসিরাবাদ ও ফুলপুর থানা।
		গফরগাঁ ...	উত্তর সীমা, ময়মনসিংহ বা নসিরাবাদ থানা। পূর্ব্ব সীমা, ব্রহ্মপুত্র নদ ও মহকুমার সীমা। দক্ষিণ সীমা জিলার সীমা। পশ্চিম সীমা, মহকুমার সীমা।

জিলা	মহকুমা	থানা	সীমা।
ময়মনসিংহ ...	ময়মনসিংহ	দুর্গাপুর বা সুসঙ্গ	উত্তর ও পূর্ব্ব সীমা জিলার সীমা। দক্ষিণ সীমা এইং গ্রাম অর্থাৎ বাউমারী ও মানারাড়ী ও রামপুর ও চারোলিয়া ও সুনয় ও কেওয়ানপুর ও শারারকোণা ও আমতলী ও ধোবাপাড়া ও সুনাই-বদলাপ্রভৃতি ও রায়পুর ও পানপাড়া ও বারোই ভাতিওর ও তথাহইতে গন্দাবেরগ্রামপর্য্যন্ত কংশ নদী ও তথাহইতে জারীয়া ও পঙ্কবিরনার প্রথম অংশ ও পাড়মন্ধ নাটোর কোণা ও খাটওয়ারীপ্রভৃতি ও মেঘইমুলি ও ছুগলা বা তরফ ছুগলাপ্রভৃতি। পশ্চিম সীমা, ফুলপুর বা সোনকান্দা থানা।
		নেত্ররকোণা	উত্তর সীমা দুর্গাপুর থানা। পশ্চিম সীমা, ফুলপুর বা মাদারগঞ্জ থানা। দক্ষিণ সীমা, মহকুমার সীমা। পূর্ব্ব সীমা জিলার সীমা।

কিশোরগঞ্জ মহকুমা, সদর স্থান কিশোরগঞ্জ।
এই মহকুমার উত্তর ও পশ্চিম সীমা ময়মনসিংহ মহকুমার সীমার সহিত মিলে।
দক্ষিণ পশ্চিম ও দক্ষিণ ও পূর্ব্ব সীমা জিলার সীমার সহিত মিলে।

জিলা	মহকুমা	থানা	সীমা।
ময়মনসিংহ	কিশোরগঞ্জ	কশোরগঞ্জ	উত্তর ও পশ্চিম সীমা মহকুমার সীমা। দক্ষিণ সীমা এইং গ্রাম অর্থাৎ চর জামায়েল ও জামা-য়েলপ্রভৃতি ও কিসমৎ ভকুয়া কুরিমারা ও আছুতিয়া প্রভৃতি ও রহিমপুরপ্রভৃতি ও পাটাবুকা ও বীরনাতী ও চরমাল শ্রীশাহেদলেরপাড়াকটিয়া ও কিসমৎ বাতা-ইল ও কিসমৎ নন্দনা ও কিসমৎ পাইতীসকাহনিয়া ও তেকুহিল ও চুপীনগর ও জৌলাপাড়াপ্রভৃতি ও গোবিন্দপুরপ্রভৃতি ও ভটখিলা ও মলতবপুর ও থোকুশ চৌদ্দশো, ও কিসমৎ চারাকান্দি ও কিসমৎ বগাছুবী ও কুলাইল বা সুন্দরকোনা ও কোদালআটিয়া ও চন্দ্র রাজকরিয়াইল প্রভৃতি, ও বাদে করিয়াইল, ও মাইস-বেড় ও পাইকপাড়া ও দোনাপাটনি ও কামার-আটিয়া ও পানাহর ও দরি লতীফনগর ও কদিম মাইঝাটি ও মদন ও থয়রাৎ ও সোতাল ও ইন্দাচুলি। পূর্ব্ব সীমা, ইন্দাকুলি ও দরিগঙ্গাতীয়া ও গঙ্গাতীয়া গ্রাম।
	ময়মনসিংহ	মিকলী বা এগারো-সিন্দুর	উত্তর সীমা, কিশোরগঞ্জ থানা। পশ্চিম সীমা, মহকুমার সীমা। দক্ষিণ সীমা. জিলার সীমা। পূর্ব্ব সীমা চরিয়াকোণাপর্য্যন্ত ব্রহ্মপুত্র নদ, তথাহইতে এইং গ্রাম, অর্থাৎ দরীচরিয়া কোণা ও বরাদিয়া ও কাছেভেরটেকী ও সোয়ালিয়া ভাঙ্গনাদি ও চারিয়া ও দরিচারিয়া ও মণ্ডলভোগ ও চাঁদপুরপ্রভৃতি ও ভূনা ও ভাটারা ও কাওনা ও মহম্মেদপুর ও করগাঁ ও মহম্মদপুর দ্বিতীয়, ও করপাশাপ্রভৃতি ও শোলেমাইল প্রভৃতি ও নানশ্রী।
		বাজীদপুর	উত্তর সীমা, মহকুমার সীমা। পশ্চিম সীমা, কিশোরগঞ্জ ও এগারোসিন্দুর থানা। দক্ষিণ ও পূর্ব্ব সীমা জিলার সীমা।

মন্তব্য।—মহকুমার বা থানার সীমায় আছে বলিয়া উপরোক্ত বিবরণপত্রে যে সকল গ্রামের নাম লেখা গিয়াছে সেই সকল গ্রাম ঐ মহকুমার ও থানার সীমার মধ্যে ধরা গেল।

এচ, জে, রেনল্ডস,
বঙ্গদেশের গবর্নমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৩ নবেম্বর।]

DECLARATION.

The 27th October 1874.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for workshops, storehouses, brick-fields, &c., for the Northern Bengal State Railway, it is hereby declared that for the above purpose the following plots of land are required:—

Plot No I—A piece of land in the village of Beharipore, pergunnah Amrool, zillah Rajshahye, measuring, more or less, 7 beeghas 5 cottahs 13 chittacks of standard measurement, bounded on the north by the River Atrayee, west by the railway line, and south and east by Beharipore.

Plot No. II.—A piece of land in the village of Jat Amrool, pergunnah Amrool, zillah Rajshahye, measuring, more or less, 17 beeghas 5 cottahs 12 chittacks of standard measurement, bounded on the north, east, and west by the railway land, and south by the village Jat Amrool.

Plot No. III.—A piece of land in the village of Tetooliya, pergunnah Khatta, zillah Rajshahye, measuring, more or less, 26 beeghas 7 cottahs 12 chittacks of standard measurement, bounded on the north and east by the village Tetooliya, south by the River Atrayee, and west by the railway boundary.

Plot No. IV.—A piece of land in the village of Soyidpore, pergunnah Amrool, zillah Rajshahye, measuring, more or less, 28 beeghas 4 cottahs 10 chittacks of standard measurement, bounded on the north and west by the village Soyidpore, south by the River Atrayee, and east by the railway land.

The plan of the above plots of land may be inspected in the Office of the Special Deputy Collector at Nattore.

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

G. TOYNBEE,
for Offg. Under-Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 2872C.S.

The 20th October 1874.—Mr. Charles Campbell Quinn, who has, under separate orders of this date, been appointed to act as Joint-Magistrate and Deputy Collector of Hooghly, is vested with the powers of a Magistrate of the First Class, with the powers to try summarily the offences mentioned in Section 222, and with the powers under Sections 142, 157, 417, and 521 of the Criminal Procedure Code.

The 23rd October 1874.—Mr. Michael Finucane, B.A., Assistant Magistrate and Collector, Monghyr, is appointed, under the provisions of Section 3, Act II of 1869, to act as a Justice of the Peace within the territories under His Honor's control.

The 27th October 1874.—Major J. G. Lindsay, R.E., Engineer-in-Chief, Northern Bengal State Railway, is appointed, under the provisions of Section 3, Act II of 1869, to act as a Justice of the Peace within the territories under His Honor's control. Major Lindsay is also vested with the powers of a Magistrate of the First Class, to be exercised in the case of European vagrants, or in cases occurring on the line of the Northern Bengal (State) Railway.

The name of Shurfu Myan, *alias* Nooral Nabbi, is removed from the list of Honorary Magistrates of the Moorshedabad district.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 3rd *November* 1874.]

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২৭ অক্টোবর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বঙ্গদেশের উত্তরদিগের ষ্টেট রেল-ওয়ের কারখানা ঘর ও গুদাম ঘর ও ইটপ্রস্তুত প্রভৃতি করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে নিম্নলিখিত কএক খণ্ড ভূমির প্রয়োজন।

১ নং খণ্ড।—রাজশাহী জিলার অন্তর্গত আমরুল পরগনার বিহারীপুর গ্রামে কস্টিমত পরিমাণের ন্যূনাধিক ৭১০৲৴ ছটাক পরিমিত এখণ্ড ভূমি, এই ভূমির উত্তর সীমা আত্রাই নদী, পশ্চিম সীমা রেল পথ, দক্ষিণ ও পূর্ব্ব সীমা বেহারীপুর।

২ নং খণ্ড।—রাজশাহী জিলার অন্তর্গত আমরুল পরগনার জাত আমরুল গ্রামে কস্টিমত পরিমাণের ন্যূনাধিক ১৭।০৲৮ ছটাক পরিমিত এক খণ্ড ভূমি। এই ভূমির উত্তর ও পূর্ব্ব ও পশ্চিম সীমা রেলওয়ের জমী, ও দক্ষিণ সীমা জাত আমরুল গ্রাম।

৩ নং খণ্ড।—রাজশাহী জিলার অন্তর্গত খাট্টাপরগনার তেঁতুলিয়া গ্রামে কস্টিমত পরিমাণের ন্যূনাধিক ২৬।২৮ ছটাক পরিমিত এক খণ্ড ভূমি, এই ভূমির উত্তর ও পূর্ব্ব সীমা তেঁতুলিয়া গ্রাম, দক্ষিণ সীমা আত্রাই নদী ও পশ্চিম সীমা রেলওয়ের সীমা।

৪ নং খণ্ড।—রাজশাহী জিলার অন্তর্গত আমরুল পরগনার সৈদপুর গ্রামে কস্টিমত পরিমাণের ন্যূনাধিক ২৮৴৪।।৴ ছটাক পরিমিত এক খণ্ড ভূমি, এই ভূমির উত্তর ও পশ্চিম সীমা সৈদপুর গ্রাম, দক্ষিণ সীমা আত্রাই নদী ও পূর্ব্ব সীমা রেলওয়ের ভূমি।

উপরোক্ত কএক খণ্ড ভূমির নকশা নাটোরের বিশেষ ডেপুটী কালেকটরের আফিসে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরীর পরিবর্ত্তে
জি টয়নবি।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

২৮৭২ C.S. নম্বর।

১৮৭৪ সাল ২০ অক্টোবর।—শ্রীযুত চারলস কাম্বেল কুইন সাহেব অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে হুগলীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হওয়াতে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করণার্থে উক্ত আইনের ১৪২ ও ১৫৭ ও ৪১৭ ও ৫২১ ধারামতে ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৪ সাল ২৩ অক্টোবর।—মুঙ্গেরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত মাইকেল ফিমুকেন সাহেব, বি, এ, মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন দেশে ১৮৬৯ সালের ২ আইনের ৩ ধারার বিধানমতে শান্তিরক্ষার্থ জষ্টিসের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৪ সাল ২৭ অক্টোবর।— বঙ্গদেশের উত্তরদিগের ষ্টেট রেলওয়ের প্রধান ইঞ্জিনিয়র মেজর শ্রীযুত জে, জি, লিণ্ডসে সাহেব, আর, ই, মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন দেশে ১৮৬৯ সালের ২ আইনের ৩ ধারার বিধানমতে শান্তিরক্ষার্থ জষ্টিসের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন। তিনি ইউরোপীয় পরিভুমিদের মোকদ্দমার ও বঙ্গদেশের উত্তরদিগের ষ্টেট রেলওয়ের রেলপথে যে সকল অপরাধ করা যায় তাহার বিচার করণার্থে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

মুরশিদাবাদ জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটদের নামনির্দ্দিষ্টপত্রহইতে শ্রীযুত শরফু মিঞা বা নুরল নবি নাম উঠাইয়া দেওয়া গেল।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৩ নবেম্বর।]

NOTIFICATION.

The 27th October 1874.—Under the authority vested in him by Section 3, Act IV (B.C.) of 1865 (an Act for the prohibition of the practice of inoculation, &c.), the Lieutenant-Governor hereby extends the provisions of the said Act to the Sudder, Jheuidah, Magoora. and Narail sub-divisions of the district of Jessore, with effect from 1st November 1874. The limits within which this Act shall be in force shall be the same as those of the criminal jurisdictions of these sub-divisions respectively.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT.—(Bengal.)

NOTIFICATIONS—ESTABLISHMENT.

The 27th October 1874.

No. 374.—*Notification.*—Mr. S. A. Stewart, Executive Engineer, Second Grade, Officiating Executive Engineer, Second Calcutta Division, resumed charge of that division on the 13th October 1874, on return from privilege leave.*

* Bengal Government, Public Works Department, Notification No. 255, dated 21st July 1874.

No. 375.—*Leave of Absence.*—Mr. W. Connan, Assistant Engineer, Second Grade, Officiating Executive Engineer, Lohardugga District, is allowed privilege leave for one month, under Chapter VI, Section 21 of the Civil Leave Code.

No. 376.—*Appointment.*—Baboo Khetter Mohun Bose, Executive Engineer, Third Grade, Singbhoom and Manbhoom Districts, is appointed to the charge of the Lohardugga District in addition to his own duties, during the absence on privilege leave of Mr. W. Connan, or until further orders.

No. 377.—*Leave of Absence.*—Baboo Ramessur Ghossal, Overseer, Second Grade, attached to the Rungpore Special Division, is allowed privilege leave for three weeks, under Supplement F, Section 12 of the Civil Leave Code, with effect from the 28th August 1874.

No. 378.—*Appointment.*—Mr. H. J. Handley, Assistant Engineer, First Grade, attached to the Purneah Special Division, is placed in charge of the North Bhagulpore Special Division.

G. F. E. S. NEILL, *Captain, M. S. C.,*
Offg. Assistant Secretary to the Govt. of Bengal,
Public Works Department.

IRRIGATION.

NOTIFICATIONS.—ESTABLISHMENT.

The 14th October 1874.

No. 353.—*Notification.*—Mr. J. Norris, Temporary Sub-Engineer, Third Grade, has been dismissed from the service of Government from the 24th ultimo, for having absented himself from his Sub-division without leave.

The 27th October 1874.

No. 354.—*Transfer.*—Mr. C. L. Davies, Executive Engineer, Second Grade, Eastern Soane Survey Division, is transferred from the Soane to the South-Western Circle. The transfer is in the interest of the public service.

[*Government Gazette,* 3rd *November* 1874.]

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২৭ অক্টোবর।—বসন্তবীজে টীকাদানপ্রভৃতির প্রথা নিষেধার্থ ১৮৬৫ সালের বঙ্গীয় ৪ আইনের ৩ ধারাক্রমে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি উক্ত আইনের বিধান ১৮৭৪ সালের নবেম্বর মাসের ১ তারিখঅবধি যশোহর জিলার সদর ও ঝিনিদহ ও মাগুড়া ও নড়াইল মহকুমায় এতদ্দ্বারা প্রচলিত করিলেন।

ঐ২ মহকুমার ফৌজদারী বিচারাধিপত্যের যেং সীমা নির্দ্দিষ্ট হইয়াছে সেই সীমার মধ্যে উক্ত আইন প্রবল হইবে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশতাবিষয়ক—বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ২৭ অক্টোবর।

৩৭৪ নম্বর।—বিজ্ঞাপন।—কলিকাতার দ্বিতীয় খণ্ডের একটিং একসেকিটিব ইঞ্জিনিয়র দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এস, এ, ষ্টুয়ার্ট সাহেব অনুগ্রহের ছুটী * হইতে প্রত্যাগমন করিয়া ১৮৭৪ সালের অক্টোবর মাসের ১৩ তারিখে পুনরায় ঐ খণ্ডের কর্ম্ম গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৪ সালের জুলাই মাসের ২১ তারিখের ২৫৫ নং বিজ্ঞাপন।

৩৭৫ নম্বর।—ছুটী।—লোহারডগা জিলার একটিং একসেকিটিব ইঞ্জিনিয়র দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ কনান্ সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

৩৭৬ নম্বর।—নিয়োগ।—শ্রীযুত ডবলিউ কনান সাহেবের অনুগ্রহের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত সিংহভুম ও মানভূম জিলার তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন বসু আপন কর্ম্মাতিরিক্ত লোহারডগা জিলার অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত হইলেন।

৩৭৭ নম্বর।—ছুটী।—রঙ্গপুর বিশেষ খণ্ডে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু রামেশ্বর ঘোষাল সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে ১৮৭৪ সালের আগষ্ট মাসের ২৮ তারিখঅবধি তিন সপ্তাহ অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

৩৭৮ নম্বর।—নিয়োগ।—পুরনিয়া বিশেষ খণ্ডে নিযুক্ত প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এচ জে হাণ্ডলী সাহেব উত্তর ভাগলপুর বিশেষ খণ্ডের অধ্যক্ষতা ভার পাইয়াছেন।

জি, এফ, ই, এস, নীল, কাপ্তান, এম, এস, সি,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
একটিং আসিস্টাণ্ট সেক্রেটরী।

জলসেচনসম্পর্কীয়,

সিরিশতাবিষয়ক,—বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ১৪ অক্টোবর।

৩৫৩ নম্বর।—বিজ্ঞাপন।—তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীন সব-ইঞ্জিনিয়র শ্রীযুত জে, নোরিস সাহেব ছুটী না লইয়া আপন মহকুমায় অনুপস্থিতহেতু গত মাসের ২৪ তারিখঅবধি গবর্ণমেণ্টের কর্ম্মচ্যুত হইয়াছেন।

১৮৭৪ সাল ২৭ অক্টোবর।

৩৫৪ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—পূর্ব্ব সোণ জরীপী খণ্ডের দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত সি, এল, ডেবিস সাহেব সোণহইতে দক্ষিণ পশ্চিম চক্রে প্রেরিত হইলেন। তিনি রাজকার্য্যোপলক্ষে স্থানান্তরে প্রেরিত হন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৩ নবেম্বর।]

No. 355.—*Notification.*—With reference to the above, Mr. Davies made over charge of the Eastern Soane Survey Division to Mr. C. W. Hope, Executive Engineer of the Eastern Soane Division, on the afternoon of the 9th instant, and reported his arrival in the South-Western Circle on the 13th idem.

No. 356.—The following Notification of the Government of India, Public Works Department, is republished for information :—

No. 357.—Mr. G. I. Lee, Assistant Engineer, 1st Grade, Kurmanassa Division, has been transferred to the Buxar Division, which he joined on the forenoon of the 9th instant.

No. 358.—Mr. A. C. C. Rogers, Assistant Engineer, 3rd Grade, Pooree Survey Division, availed himself, on the 5th instant, of the three months, privilege leave granted him in orders marginally noted.

Notification No. 316, dated 28th August 1874.

No. 359.—Serjeant Clarke, Overseer, 1st Grade, Eastern Soane Division, has been granted one month's privilege leave on medical certificate from the forenoon of the 23rd ultimo.

No. 360.—The public are informed that the Midnapore Canal between Dainan and Midnapore is closed till further notice for cyclone repairs.

G. A. SEARLE, *Lt.-Col.*, S. C.,
For Offg. Joint-Secy. to the Govt. of Bengal,
in the P. W. D., Irrigation Branch.

৩৫৫ নম্বর।—বিজ্ঞাপন।—উপরোক্ত জ্ঞাপনপত্রোপলক্ষে শ্রীযুত ডেবিস সাহেব এই মাসের ৯ তারিখের অপরাহ্নে পূর্ব্ব সোণখণ্ডের একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত সি, ডবলিউ হোপ সাহেবের প্রতি পূর্ব্ব সোণ জরীপী খণ্ডের কর্ম্মের ভারার্পণ করিয়া ঐ মাসের ১৩ তারিখে দক্ষিণ পশ্চিম চক্রে আপনার পঁহুছিবার কথা রিপোর্ট করিলেন।

৩৫৭ নম্বর।—কর্ম্মনাশা খণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি, আই, বি সাহেব বক্সারখণ্ডে প্রেরিত হওয়াতে এই মাসের ৯ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

৩৫৮ নম্বর।—পুরীর জরীপীখণ্ডের তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, সি, সি, রজার্স সাহেব পার্শ্বের লিখিত আজ্ঞা-মতে যে তিন মাস অনুগ্রহের ছুটী পান তাহা এই মাসের ৫ তারিখে গ্রহণ করিলেন।

* ১৮৭৪ সালের আগষ্ট মাসের ২৮ তারিখের ৩১৬ নং বিজ্ঞাপন।

৩৫৯ নম্বর।—সোণ নদের পূর্ব্ব খণ্ডের প্রথম শ্রেণীর ওবরসিয়র সার্জেণ্ট শ্রীযুত ক্লার্ক সাহেব চিকিৎ-সকের সর্টিফিকটক্রমে গত মাসের ২৩ তারিখের পূর্ব্বাহ্ন অবধি এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

৩৬০ নম্বর।—ঘাড়ে দৈনান ও মেদিনীপুরের মধ্যগত মেদিনীপুরের খালের হানি হওয়াতে অন্য সং-বাদ প্রকাশ না হওনপর্য্যন্ত তাহা মেরামৎ হওনের নিমিত্তে বন্দ থাকিবে, সাধারণের জানিবার জন্যে এই সম্বাদ প্রকাশ করা গেল।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায় বঙ্গদেশের
গবর্ণমেণ্টের একটিং জাইণ্ট সেক্রেটরীর পরিবর্ত্তে
জি, এ, শেরল, লেপ্টেনেণ্ট, কর্ণেল, এস, সি।

Numb. 1841. ১৮৪১

REGISTERED No. 30

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 10, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ১০ নবেম্বর।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

HOME DEPARTMENT.

NOTIFICATION.—Establishments.

Fort William, the 28th October 1874.

No. 73.—Mr. A. Barooah, of the Bengal Civil Service, having obtained a degree of honor in the Sanskrit language, has been presented with the authorized donation of Rs. 4,000.

No. 74.—Mr. F. C. Daukes, of the Bengal Civil Service, having obtained a certificate of high proficiency in Persian, has been presented with the authorized donation of Rs. 2,000.

No. 75.—Messrs. F. H. Fisher and V. A. Smith of the Bengal Civil Service, having obtained a certificate of high proficiency in Urdu, have been each presented with the authorized donation of Rs. 1,000.

A. C. Lyall,
Secy. to the Govt. of India.

হোম ডিপার্টমেণ্ট।

সিরিশ্‌তাবিষয়ক বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ২৮ অক্টোবর।

৭৩ নম্বর।—বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত এ বড়ুয়া সংস্কৃত ভাষায় সম্ভ্রমসূচক উপাধি প্রাপ্ত হওয়াতে নিয়মিত ৪০০০৲ টাকা পুরস্কার পাইলেন।

৭৪ নম্বর।—বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত এফ সি ডক্‌স সাহেব, পারস্য ভাষায় বিজ্ঞতার সর্টিফিকট পাওয়াতে নিয়মিত ২০০০৲ টাকা পুরস্কার পাইলেন।

৭৫ নম্বর।—বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত এফ এচ ফিশর সাহেব ও শ্রীযুত বি, এ স্মিথ সাহেব উর্দ্দু ভাষায় বিজ্ঞতার সর্টিফিকট্ পাওয়াতে নিয়মিত ১০০০৲ টাকা পুরস্কার পাইলেন।

এ, সি, লায়ল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 10, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ১০ নবেম্বর।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টর আজ্ঞা ও নির্দ্ধারণ প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 2943C.S.

GENERAL.—*The 28th October* 1874.—Mr. William Sutherland Wells, Magistrate and Collector of Fureedpore, is allowed leave for two weeks, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

Mr. Robert Fulton Rampini, M.A., is appointed to act as Magistrate and Collector of Fureedpore, during the absence, on leave, of Mr. W. S. Wells, or until further orders.

Mr. Alexander John Fraser, Deputy Magistrate and Deputy Collector, Fureedpore, is appointed to have charge of the Moonsheegunge Division of the Dacca District. This cancels the orders of the 13th instant, appointing Baboo Jadub Chunder Gossami to that Division. Mr. Fraser will, however, do duty at the Sudder Station of Dacca during Mr. R. F. Rampini's absence on deputation.

Baboo Jadub Chunder Gossami, Deputy Magistrate and Deputy Collector, is posted to Fureedpore.

In supersession of the orders of the 13th instant, the following officers are posted to the districts mentioned, viz.:—

Baboo Huro Kali Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, to Dacca.

Mr. Aratoon Catchick Mackertich, Deputy Magistrate and Deputy Collector, to Fureedpore.

The 30th October 1874.—Mr. Edward Stauford Andrew, Deputy Magistrate and Deputy Collector, on special duty at Mudhoobunnee, is appointed to have charge of the Sasseram Division of the Shahabad District.

Mr. Joseph Kennedy, who has been recently appointed to be a Member of the Bengal Civil Service, is appointed to be an Assistant Magistrate and Collector in the Presidency Division, and is posted to Jessore.

Mr. Henry Leland Harrison, B.A., Magistrate and Collector of Midnapore, is allowed leave for three months, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

Mr. William Benjamin Oldham is appointed to act as Magistrate and Collector of Midnapore, during the absence, on leave, of Mr. H. L. Harrison, or until further orders.

The 31st October 1874.—Moulvi Feda Ali, Deputy Magistrate and Deputy Collector, is allowed leave for three months without pay, in extension of the leave granted to him under orders of the 1st August 1874.

Mr. R. C. Hamilton, Extra Assistant Commissioner, Rajmehal, is dismissed from the service of Government.

Mr. George Henry Atkinson, Assistant Magistrate and Collector, Cuttack, is allowed leave for ten days, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 13th instant.

The services of Lieutenant G. H. Molyneux, 37th Regiment of Foot, are replaced at the disposal of the Government of India in the Military Department. This notification cancels that published at page 1608 of the *Calcutta Gazette* of the 21st October 1874.

The 2nd November 1874.—The services of Mr. Henry Muspratt, C.S., are placed at the disposal of the Government of India in the Home Department.

[*Government Gazette, 10th November* 1874.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট ।

২৯৪৩ C.S. নম্বর ।

সাধারণ ।—১৮৭৪ সাল ২৮ অক্টোবর ।—ফরীদপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত উলিয়ম সমরলণ্ড ওয়েলস সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুই সপ্তাহ ছুটী পাইয়াছেন।

শ্রীযুত ডবলিউ, এস, ওয়েলস সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত রবর্ট ফুলটন রাম্পিনি সাহেব এম, এ, ফরীদপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

ফরীদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আলেকজাণ্ডর জান ফ্রেসর সাহেব ঢাকা জিলার অন্তর্গত মুনশীগঞ্জ মহকুমার অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত হইলেন। শ্রীযুত বাবু যাদবচন্দ্র গোস্বামী ঐ মহকুমায় নিযুক্ত হইলেন বর্ত্তমান মাসের ১৩ তারিখের এই আজ্ঞা ইহাদ্বারা রহিত করা গেল। রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত আর এফ রাম্পিনি সাহেবের অনুপস্থান কালে শ্রীযুত ফ্রেসর সাহেব ঢাকার সদর মোকামে কর্ম্ম করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যাদবচন্দ্র গোস্বামী ফরীদপুরে অবস্থিত হইলেন।

এই মাসের ১৩ তারিখের আজ্ঞা রহিত হইয়া নিম্নলিখিত কার্য্যকারকেরা আপন২ নামের পার্শ্বের লিখিত জিলায় অবস্থিত হইলেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরকালী মুখোপাধ্যায়, ঢাকাতে।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আরাটুন কাচিক মাকার্টিচ সাহেব ফরীদপুরে।

১৮৭৪ সাল ৩০ অক্টোবর।—মধুবনিতে বিশেষ কার্য্যে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এডওয়ার্ড ষ্টানফর্ড আমুক্ষ সাহেব, শাহাবাদ জিলার অন্তর্গত সাশীরাম মহকুমায় অধ্যক্ষতা কার্য্যের ভার পাইবেন।

সম্প্রতি বঙ্গদেশের সিবিল সর্ব্বিসভুক্ত শ্রীযুত জোসেফ কেনেডি সাহেব, রাজধানীখণ্ডে আসিষ্টান্ট মাজেষ্ট্রেট ও কালেক্টরের পদে নিযুক্ত হইয়া যশোহরে অবস্থিত হইলেন।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত হেনরি লিলণ্ড হারিসন সাহেব, বি, এ, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত এচ এল হারিসন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত উলিয়ম বেঞ্জামিন ওলডহাম সাহেব, মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৪ সাল ৩১ অকটোবর।—ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী ফেদা আলী ১৮৭৪ সালের আগষ্ট মাসের ১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত বিনা বেতনে তিন মাস ছুটী পাইয়াছেন।

রাজমহলের অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত আর, সি, হামিলটন সাহেব গবর্ণমেণ্টের কর্ম্মচ্যুত হইলেন।

কটকের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত জর্জ হেনরি আটকিন্সন সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এই মাসের ১৩ তারিখঅবধি দশ দিন ছুটী পাইয়াছেন।

৩৭ পদাতিক পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত জি, এচ, মলিন্যু সাহেব, মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে পুনর্ব্বার নিযুক্ত হইলেন। ১৮৭৪ সালের অক্টোবর মাসের ২৭ তারিখের বাঙ্গালা গেজেটের ১৩২১ পৃষ্ঠায় যে বিজ্ঞাপন প্রকাশ হয় তাহা ইহাদ্বারা রহিত করা গেল।

১৮৭৪ সাল ২ নবেম্বর।—শ্রীযুত হেনরি মস্‌প্রাট সাহেব, সি, এস, হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১০ নবেম্বর।]

Mr. Anthony Patrick MacDonnell, M.A., Joint-Magistrate and Deputy Collector, in charge of the Durbhunga Division, is allowed leave for one month, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from any date between the 23rd ultimo and 5th instant.

Mr. Alfred Wallis Paul, B.A., C.S., is appointed to have charge of the Durbhunga Division of the Tirhoot District, during the absence, on leave, of Mr. A. P. MacDonnell, or until further orders.

The 3rd November 1874.—The services of Major B. H. Preston, of the 33rd Madras Native Infantry, on relief duty in Chota Nagpore, are replaced at the disposal of the Government of India in the Military Department.

Mr. Alfred Augustus Wace, Acting Joint-Magistrate and Deputy Collector, Second Grade, on leave, is posted to the District of Patna.

Mr. Francis Henry Bennet Skrine, Assistant Magistrate and Collector, on relief duty in Gya, is appointed to have charge of the Chooadangah Division of the Nuddea District.

Mr. Henry Gillon, Assistant Magistrate and Collector, on relief duty in Tirhoot, is posted to the District of Chittagong.

Mr. Frank Robert Stanley Collier, Assistant Magistrate and Collector, on relief duty in Bogra, is posted to the District of Rungpore.

Mr. Herbert John Hamilton Fasson, Assistant Magistrate and Collector, on relief duty in Dinagepore, is appointed to have charge of the Atia Division of the Mymensing District.

Mr. Edward Maxwell Reily, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Atia Division, is transferred to Tipperah.

Mr. William Robert Millar, who has been recently appointed to be a member of the Bengal Civil Service, is appointed to be an Assistant Magistrate and Collector in the Dacca Division.

In modification of the Notification of the 17th April 1874, appointing Baboo Tarini Sunker Roy to act as Special Deputy Collector to take up lands for the Northern Bengal State Railway, that officer is appointed, with effect from the above date, to act as a Deputy Magistrate and Deputy Collector for famine relief duty in Bogra.

Baboo Jogeshur Sing, Sub-Deputy Collector, Chumparun, is allowed leave for one month, under Section 3, Supplement F of the Civil Leave Code.

Moulvie Hossein Ali, Deputy Magistrate and Deputy Collector, Bhagulpore, is vested temporarily with the powers of an Assistant Settlement Officer in the Sonthal Pergunnahs. He will continue to exercise the powers of a Magistrate of the Second Class in that district.

Mr. William Henry Ryland, Deputy Magistrate and Deputy Collector, is posted to the Sudder Station of the 24-Pergunnahs.

Baboo Tarini Coomer Ghose, B.A., Deputy Magistrate and Deputy Collector, on leave, is posted to the Sudder Station of Dacca.

POLICE.—*The 11th September* 1874.—Mr. James Patch, District Superintendent of Police, is allowed subsidiary leave for a period not exceeding thirty days from the 6th instant, the day following the date of his return from furlough, to enable him to join his appointment.

[*Government Gazette*, *10th November* 1874.]

দরভঙ্গা মহকুমার কর্ম্মের অধ্যক্ষতা ভার প্রাপ্ত জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত আণ্টনি পাট্রিক মাকডনেল সাহেব, এম, এ, গত মাসের ২৭ তারিখ অবধি এই মাসের ৫ তারিখের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই অবধি সিবিল কার্য্যকারদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত এ, পি, মাকডনেল সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত আলফ্রেড ওয়ালিস পাল সাহেব, বি, এ, ও সি, এস, ত্রিহুত জিলার অন্তর্গত দরভাঙ্গা মহকুমার অধ্যক্ষতা কার্য্যে নিযুক্ত হইলেন।

১৮৭৪ সাল ৩ নবেম্বর।—ছোট নাগপুরে উপকারার্থ কার্য্যে নিযুক্ত মান্দ্রাজের ৩৩ সংখ্যক দেশীয় পদাতিক পল্টনের মেজর শ্রীযুত বি, এচ, প্রেস্টন সাহেব, মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

দ্বিতীয় শ্রেণীর একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আলফ্রেড আগষ্টস ওরেস সাহেব পাটনা জিলায় অবস্থিত হইলেন। ইনি ছুটী লইয়াছেন।

গয়ার উপকারার্থ কার্য্যে নিযুক্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ফ্রান্সিস হেনরি বেনেট স্ক্রাইন সাহেব, নদীয়া জিলার অন্তর্গত চুয়াডাঙ্গা মহকুমার কর্ম্মের অধ্যক্ষতা ভার পাইবেন।

ত্রিহুতে উপকারার্থ কার্য্যে নিযুক্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত হেনরি গিলন সাহেব, চট্টগ্রাম জিলায় অবস্থিত হইলেন।

বগুড়ায় উপকারার্থ কার্য্যে নিযুক্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ফ্রাঙ্ক রবর্ট ষ্টানলী কলিয়র সাহেব, রঙ্গপুর জিলায় অবস্থিত হইলেন।

দিনাজপুরে উপকারার্থ কার্য্যে নিযুক্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত হর্ব্বর্ট জাম হামিলটন ফাসন সাহেব, ময়মনসিংহ জিলার অন্তর্গত আটিয়া মহকুমার কর্ম্মের অধ্যক্ষতা ভার পাইলেন।

আটিয়া মহকুমার কর্ম্মের অধ্যক্ষতা ভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এডওয়ার্ড মাক্সওয়েল রাইলা সাহেব, ত্রিপুরায় প্রেরিত হইলেন।

সম্প্রতি বঙ্গদেশের সিবিল সরবিসভুক্ত শ্রীযুত উলিয়ম রবর্ট মিলর সাহেব, ঢাকা খণ্ডে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু তারিণী শঙ্কর রায়, বঙ্গদেশের উত্তরদিগের ষ্টেট রেলওয়ের জন্যে ভূমি গ্রহণ করিবার নিমিত্তে বিশেষ ডেপুটী কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন, ১৮৭৪ সালের আপ্রিল মাসের ১৭ তারিখের এই বিজ্ঞাপন মতান্তর করিয়া তাঁহাকে উক্ত তারিখ অবধি বগুড়ায় দুর্ভিক্ষ জন্য উপকারার্থ কার্য্যের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত করা গেল।

চাম্পারণের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যোগেশ্বর সিংহ, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী হুসেন আলি, কিয়ৎকালের নিমিত্তে সাঁওতাল পরগনার বন্দোবস্তের আসিষ্টাণ্ট কর্ত্তৃপক্ষের ক্ষমতা পাইয়াছেন। তিনি ঐ জিলায় দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্ম করিতে থাকিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত উলিয়ম হেনরি রাইলগু সাহেব ২৪ পরগনার সদর মোকামে অবস্থিত হইলেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারিণীকুমার ঘোষ, বি, এ, ঢাকার সদর মোকামে অবস্থিত হইলেন। ইনি ছুটী লইয়াছেন।

পোলীস সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ১১ সেপ্টেম্বর।—পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জেমস পাচ সাহেব এই মাসের ৫ তারিখে নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করাতে আপন কর্ম্ম গ্রহণ করিতে পারিবার নিমিত্তে তৎপর দিন অবধি ত্রিশ দিন পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১০ নবেম্বর।]

The 3rd November 1874.—Baboo Jogodish Nath Roy, District Superintendent of Police, Balasore, is allowed leave for three mouths, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 1st instant, or any subsequent date on which he may avail himself of the leave.

EDUCATION.—*The 27th October* 1874.—Baboo Chundi Churn Banerjee, Head Master of the Cuttack High School, is appointed as Deputy Inspector of Schoolo for Calcutta, *vice* Baboo Brojo Nath Lahuri, who has been temporarily in charge of that appointment.

The 31st October 1874.—The following gentlemen are appointed to be Members of the Bankoora District School Committee, viz.:—

Mr. Lancelot Hare, Assistant Magistrate and Collector.

Baboo Koolada Prosad Mookerjee, Pleader.

,, Gouri Sunker Chatterjee, ditto.

MEDICAL.—*The 3rd November* 1874.—Assistant Surgeon Judoo Nath Ghose, attached to the Satkhira Charitable Dispensary, is allowed leave for one month, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

Assistant Surgeon Rojoni Lal Set, attached to the sub-division of Raneegunge, is allowed leave for five days, under Section 3, Supplement F of the Civil Leave Code, with effect from the date on which he might have availed himself of the leave.

JAILS.—*The 30th October* 1874.—Mr. John Edward Addis Eyre, Deputy Magistrate and Deputy Collector, Sasseram, is appointed to act as Superintendent of Jails at Bhagulpore, until further orders.

FORESTS.—*The 9th October* 1874.—The following postings of Officers of the Forest Department are sanctioned:—

Mr. A. L. Home, Deputy Conservator of Forests, to the charge of the Julpigoree Forest Division.

,, J. Sykes Gamble, Assistant Conservator of Forests, to the charge of the Darjeeling Forest Division.

,, E. Fuchs, Assistant Conservator of Forests, to be attached to the Darjeeling Forest Division.

,, W. Johnston, Assistant Conservator of Forests, to the charge of the Palamow Forest Division.

PORT COMMISSIONERS.—*The 2nd November* 1874.—The Lieutenant-Governor is pleased to accept the resignation tendered by the Hon'ble J. R. Bullen Smith of his appointment as Chairman of the Commissioners for making improvements in the Port of Calcutta.

The Hon'ble Vernon Hugh Schalch is reappointed, under the provisions of Section 3, Act V (B.C) of 1870, to be Chairman of the Commissioners for making Improvements in the Port of Calcutta.

ROAD CESS.—*The 3rd November* 1874.—Baboo Tara Prosad Roy is appointed to be Vice-Chairman of the Moonsheegunge Branch Road Cess Committee, *vice* Baboo Srinath Bose, whose appointment is cancelled.

Baboo Kali Kishore Shome, School Master, is appointed to be an Additional Member of the Moonsheegunge Branch Road Cess Committee.

ERRATA.—*The 3rd November* 1874.—In the orders of the 21st September 1874, appointing the members of the Maldah Road Cess Committee—

For " Mr. L. Grey, Manager, Silk Factory, Bholahat," *read* " Mr. L. Gay, Manager, Silk Factory, Bholahat."

[*Government Gazette,* 10*th November* 1874.]

১৮৭৪ সাল ৩ নবেম্বর।—বালেশ্বরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু জগদীশনাথ রায়, এই মাসের ১ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

শিক্ষা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২৭ অক্টোবর।—কলিকাতার বিদ্যালয় সমূহের ডেপুটী ইন্‌স্পেক্টরের কর্ম্মের কিয়ৎকালীন ভারপ্রাপ্ত শ্রীযুত বাবু ব্রজনাথ লাহিড়ীর পরিবর্ত্তে কটকের হাই স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় সেই পদে নিযুক্ত হইলেন।

১৮৭৪ সাল ৩১ অক্‌টোবর।—নিম্নলিখিত মহাশয়েরা বাঁকুড়া জিলার স্কুল কমিটীতে নিযুক্ত হইলেন।

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত লান্সলট হেয়র সাহেব।

উকীল শ্রীযুত বাবু কুলদা প্রসাদ মুখোপাধ্যায়।

ঐ ,, বাবু গৌরীশঙ্কর চট্টোপাধ্যায়।

চিকিৎসা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ৩ নবেম্বর।—সাতক্ষীরার দাতব্য ঔষধালয়ে নিযুক্ত আসিষ্টান্ট সর্জন শ্রীযুত যদুনাথ ঘোষ, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

রাণীগঞ্জ মহকুমায় নিযুক্ত আসিষ্টান্ট সর্জন শ্রীযুত রজনী লাল সেট যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে পাঁচ দিন ছুটী পাইয়াছেন।

জেল সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ৩০ অক্‌টোবর।—সাশীরামের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্কটর শ্রীযুত জান এডওয়ার্ড আডিশ এয়র সাহেব, অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত ভাগলপুরের জেলসমূহের সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

বনসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ৯ অক্‌টোবর।—বনসম্পর্কীয় কার্য্যবিভাগের কর্ত্তৃপক্ষেরা অনুমতিমতে নিম্নলিখিত স্থানে অবস্থিত হইলেন।

ডেপুটী বনরক্ষক শ্রীযুত এ, এস, হোম সাহেব জলপাইগুড়ীর বনখণ্ডের কর্ম্মের অধ্যক্ষতা পদে অবস্থিত হইলেন।

আসিষ্টান্ট বনরক্ষক শ্রীযুত জে সাইকস গাম্বেল সাহেব দারজিলিঙ্গ বনখণ্ডের কর্ম্মের অধ্যক্ষতা পদে অবস্থিত হইলেন।

আসিষ্টান্ট বনরক্ষক শ্রীযুত ই ফিউক্স সাহেব, দার্জিলিঙ্গ বন খণ্ডে নিযুক্ত হইলেন।

আসিষ্টান্ট বনরক্ষক শ্রীযুত ডবলিউ জনষ্টন সাহেব পালামৌ বনখণ্ডের কর্ম্মের অধ্যক্ষতা পদে অবস্থিত হইলেন।

বন্দরীয় কমিশ্যনরদের বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ২ নবেম্বর।—কলিকাতা বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদের সভাপতি মান্যবর শ্রীযুত জে, আর বুলেন স্মিথ সাহেব স্বীয় পদত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব তাহা গ্রাহ্য করিলেন।

মান্যবর শ্রীযুত বার্ণন হিউ শক সাহেব, ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩ ধারার বিধানমতে কলিকাতা বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদের সভাপতির পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

পথকর বিষয়ক বিজ্ঞাপন।—১৮৭৪ সাল ৩ নবেম্বর।—শ্রীযুত বাবু শ্রীনাথ বসুর নিয়োগ রহিত হওয়াতে তাঁহার পরিবর্ত্তে শ্রীযুত বাবু তারাপ্রসাদ রায় মুনশীগঞ্জের শাখা পথকর কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

স্কুলের শিক্ষক শ্রীযুত বাবু কালীকিশোর সোম, মুনশীগঞ্জের পথকর কমিটীর অতিরিক্ত মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

অশুদ্ধশোধন।—১৮৭৪ সাল ৩ নবেম্বর।—মালদহের পথকর কমিটীতে নিযুক্ত হওন বিষয়ক ১৮৭৪ সালের সেপ্টেম্বর মাসের ২১ তারিখের আজ্ঞায় "ভোলাহাটের রেসম কুঠীর কার্য্যাধ্যক্ষ শ্রীযুত এল গ্রে সাহেব" এই কথার পরিবর্ত্তে "ভোলাহাটের রেসম কুঠীর কার্য্যাধ্যক্ষ শ্রীযুত এল গে সাহেব" পাঠ করিতে হইবে।

[গবর্নমেন্ট গেজেট। ১৮৭৪। ১০ নবেম্বর।]

In the orders of the 20th October 1874, appointing the members of the Moorshedabad Road Cess Committee—

For " Mr. P. Dubas," *read* " Mr. R. Dubas."

In the orders of the 5th October last, published in the *Calcutta Gazette* of the 7th idem—

For " Mr. J. J. Mendes, Acting Deputy Magistrate and Deputy Collector, Soopool, Bhagulpore, is appointed to be a Sub-Deputy Collector of the First Grade in Nuddea," *read* " Mr. T. J. Mendes, &c."

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 3rd November 1874.—The following officers having passed by the higher standard in Oriya, as third compulsory language, at the examination held on the 12th October last, have been allowed to draw the authorized donation of Rs. 500 each as laid down in the resolution of the Government of India in the Home Department, No. 1310, dated the 4th May 1874, viz:—

Mr. Thomas Norman, Acting Magistrate and Collector of Balasore.

Mr. John Foster Stevens, Acting Joint-Magistrate and Deputy Collector, Cuttack.

RIVERS THOMPSON,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 3rd November 1874.—A plan and estimate amounting to Rs. 1,40,000 (one lakh and forty thousand), for extending the pitching of the slope of the inland vessels' wharf between Juggernath Ghât and Aheereetollah Ghât on the Strand Bank, having been submitted by the Port Trust Commissioners with their letter No. 748, dated the 23rd June 1874, the Lieutenant-Governor is pleased to sanction the execution of the work under Section 35 of Act V (B.C.) of 1870.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 3rd November 1874.—A plan and estimate amounting to Rs. 1,10,000 (one lakh and ten thousand), for pitching with brickwork the slope in front of the export sheds, and for metalling the jetty enclosure on the Strand Bank, having been submitted by the Port Trust Commissioners with their letter No. 911, dated the 7th July 1874, the Lieutenant-Governor is pleased to sanction the execution of the project under Section 35 of Act V (B.C.) of 1870

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 10*th November* 1874.]

মুরশিদাবাদ জিলার পথকর কমিটীতে নিয়োগ বিষয়ক ১৮৭৪ সালের অক্টোবর মাসের ২৩ তারিখের আজ্ঞায়,

"শ্রীযুত পি ডুবাস সাহেব" এই নামের পরিবর্ত্তে "শ্রীযুত আর ডুবাস সাহেব" পাঠ করিতে হইবে।

গত অক্টোবর মাসের ৫ তারিখের যে আজ্ঞা ঐ মাসের ১৩ তারিখে বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহাতে

"ভাগলপুরের অন্তর্গত সুপুলের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে জে মেণ্ডিস সাহেব, নদীয়ায় প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন" এই কথার পরিবর্ত্তে "শ্রীযুত টি, জে, মেণ্ডিস সাহেব প্রভৃতি" পাঠ করিতে হইবে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৩ নবেম্বর।—যেং ভাষায় পরীক্ষা দেওয়া আবশ্যক, গত অক্টোবর মাসের ১২ তারিখের পরীক্ষাতে নিম্নলিখিত কার্য্যকারকেরা তন্মধ্যে তৃতীয় অর্থাৎ উড়িয়া ভাষায় উচ্চতর কক্ষের পরীক্ষায় উত্তীর্ণ হওয়াতে হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৭৪ সালের মে মাসের ৪ তারিখের ১৩১০ নং নির্দ্ধারণের লিখিতমতে প্রত্যেকে ৫০০৲ টাকা পুরস্কার লইবার অনুমতি পাইলেন।

বালেশ্বরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত তামস নর্ম্মান সাহেব।

কটকের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জান কষ্টর ষ্টিবন্স সাহেব।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৩ নবেম্বর।—গঙ্গার ধারে জগন্নাথের ঘাটের ও আহীরী টোলার ঘাটের মধ্যে অভ্যন্তর দেশগামি নৌকাদির মার্কের গড়ানিয়া স্থানে অধিক দূর পর্য্যন্ত পিচ দিবার নিমিত্তে পোর্ট ট্রষ্টের কমিশ্যনরেরা ১৮৭৪ সালের জুন মাসের ২৩ তারিখের ৭৪৮ নং পত্রের সঙ্গে নক্সা ও ১,৪০,০০০৲ এক লক্ষ চল্লিশ হাজার টাকা ব্যয়ের ইষ্টিমেট প্রেরণ করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৫ ধারামতে সেই কার্য্যসম্পাদন করিবার অনুমতি দিয়াছেন।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৩ নবেম্বর।—গঙ্গার ধারের এক্সপোর্ট শেডের সম্মুখের গড়ানিয়া স্থান ইঁট দিয়া গাঁথিয়া পিচ দিবার ও জেটীর ঘেরা স্থানের মধ্য স্থান পাকা করিবার নিমিত্তে পোর্ট ট্রষ্টের কমিশ্যনরেরা ১৮৭৪ সালের জুলাই মাসের ৭ তারিখের ৯১১ নং পত্রের সঙ্গে নক্সা ও ১১০,০০০ এক লক্ষ দশ হাজার টাকা ব্যয়ের ইষ্টিমেট প্রেরণ করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৫ ধারামতে সেই কার্য্য সম্পাদন করিবার অনুমতি দিয়াছেন।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ১০ নবেম্বর।]

NOTIFICATION.

The 3rd November 1874.—It is hereby notified for general information that the following villages are transferred from District Tipperah to District Noakholly :—

No.	Names of Villages.	Thakbust Number.	Pergunnah.
1	Lemooa Kismut	2545	Hannabad.
	Kolabaoora Kismut	2544	Ditto.
	Oondaleea Kismut	2543	Ditto.
	Poirkot Kismut	2525	Ditto.
5	Poltee Kismut	2526	Ditto.
	Padooa Kismut	2527	Ditto.
	Sooratolee Kismut	2528	Ditto.
	Doomrooa Kismut	2529	Ditto.
	Shreepoor Kismut	2530	Ditto.
10	Matoeen Kismut...	2540	Ditto.
	Birkot Kismut	2541	Ditto.
	Loodooadang	2542	Ditto.
	Majoorkhul	2539	Ditto.
	Jortoota Kismut	2538	Ditto.
15	Nalooa	2537	Ditto.
	Harenkata	2531	Ditto.
	Jirooa Kismut	2533	Ditto.
	Satbareea Kismut	2532	Ditto.
	Kadboi	2534	Ditto.
20	Arjoontolah	2535	Ditto.
	Garkata Kismut	2536	Ditto.
	Moisan Kismut	2521	Ditto.
	Chatarpaiya Kismut	4404	Ditto.
	Sonakande	4407	Ditto.
25	Khajooriya Kismut	4406	Ditto.
	Itbariya Kismut	4409	Ditto.
	Kalabaoora Kismut	4408	Ditto.
	Kesarpar Kismut...	4410	Ditto.
	Hateerpar Kismut	4415	Ditto.
30	Chachooa Kismut	4414	Ditto.
	Atiyabaree Kismut	4411	Ditto.
	Chara Ralhannya Kismut	4412	Ditto.
	Manikpore Kismut	4413	Ditto.
	Adilpore Kismut	4416	Ditto.
35	Silaniya	4417	Ditto.
	Batakandee Kismut	4418	Ditto.
	Gorkata Daree	4419	Ditto.
	Dowlutpore	4420	Ditto.
	Tanarpar Dukhin Kismut	4405	Ditto.
40	Biraliunpore Kismut	4400	Ditto.
	Bussuntpore Kismut	4401	Ditto.
	Mahabatpore Kismut	4402	Ditto.
	Cheeladee Kismut	4403	Ditto.
	Mamoodpore Kismut	4289	Joar Lokhunpore.
45	Yarra	4288	Pateekera Tuppeh Ramchunderpoor.
	Huripore	4287	Ditto.
	Nirchindeepore	4157	Ditto.

[*Government Gazette,* 10*th November* 1874.]

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৩ নবেম্বর।—নিম্নলিখিত সকল গ্রাম ত্রিপুরা জিলাহইতে নওয়াখালী জিলাভুক্ত করা গিয়াছে সাধারণের জ্ঞানার্থে এই সংবাদ প্রকাশ করা গেল।

নম্বর।	গ্রামের নাম।	থাকবস্তের নম্বর।	পরগনার নাম।
১	কিসমৎ লেমুয়া	২৫৪৫	হাম্নাবাদ।
	,, কোলাবাউরা	২৫৪৪	ঐ
	,, উন্দালিয়া	২৫৪৩	ঐ
	,, পয়রকোট	২৫২৫	ঐ
৫	,, পোলতী	২৫২৬	ঐ
	,, পাদুয়া	২৫২৭	ঐ
	,, সুরাটোলি	২৫২৮	ঐ
	,, ভুমকয়া	২৫২৯	ঐ
	,, শ্রীপুর	২৫৩০	ঐ
১০	,, মাতইন	২৫৪০	ঐ
	,, বীরকোট	২৫৪১	ঐ
	লুড়ুয়া দাং	২৫৪২	ঐ
	মাজুরখল	২৫৩৯	ঐ
	কিসমৎ জটুটা	২৫৩৮	ঐ
১৫	মালুয়া	২৫৩৭	ঐ
	হারেনকাটা	২৫৩১	ঐ
	কিসমৎ জিকয়া	২৫৩৩	ঐ
	,, সাতবেড়িয়া	২৫৩২	ঐ
	কাদবই	২৫৩৪	ঐ
২০	অর্জুনটোলা	২৫৩৫	ঐ
	কিসমৎ গাড়কাটা	২৫৩৬	ঐ
	,, মইসান	২৫২১	ঐ
	,, চাতারপাইয়া	৪৪০৪	ঐ
	সোণাকান্দি	৪৪০৭	ঐ
২৫	কিসমৎ খাজুরিয়া	৪৪০৬	ঐ
	,, ইটংবাড়িয়া	৪৪০৯	ঐ
	,, কালাবাউড়া	৪৪০৮	ঐ
	,, কেশরপার	৪৪১০	ঐ
	,, হাতির পাড়	৪৪১৫	ঐ
৩০	,, চাচুয়া	৪৪১৪	ঐ
	,, আটিয়াবাড়ী	৪৪১১	ঐ
	,, চারা রালহাদিয়া	৪৪১২	ঐ
	,, মানিকপুর	৪৪১৩	ঐ
	,, আদিলপুর	৪৪১৬	ঐ
৩৫	সিলনিয়া	৪৪১৭	ঐ
	কিসমৎ বাটা কান্দি	৪৪১৮	ঐ
	গড়কাটা দারী	৪৪১৯	ঐ
	দৌলৎপুর	৪৪২০	ঐ
	কিসমৎ টামারপার দক্ষিণ	৪৪০৫	ঐ
৪০	,, বিরালিজয়পুর	৪৪০০	ঐ
	,, বসন্তপুর	৪৪০১	ঐ
	,, মহবৎপুর	৪৪০২	ঐ
	,, চিলাদি	৪৪০৩	ঐ
	,, মামুদপুর	৪২৮৯	জোয়ার লক্ষ্মণপুর।
৪৫	হরারা	৪২৮৮	পটিকেরা তপে রামচন্দ্রপুর।
	হরিপুর	৪২৮৭	ঐ
	লিশিচন্দ্রপুর	৪১৫৭	ঐ

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১০ নবেম্বর।]

No.	Names of Villages.	Thakbust Number.	Pergunnahs.
	Hirapore	4156	Pateekera Tuppeh Ramchunderpoor.
	Manikpore	4154	
50	Khadhongar	4153	Bullooah.
	Baoorkara	4152	Yora.
	Dukheenpara Kismut	4150	Joar Bhatra.
	Bishnopore	4151	Pateekera Tuppeh Ramchunderpoor.
	Mamoodpore Kismut	4148	Joar Bhatra.
55	Ramsinhopore Kismut	4147	Ditto.
	Jamalpore Kismut	4146	Ditto.
	Nandeeara	4145	Ditto.
	Panisala Kismut	4076	Yora.
	Asarkoto Kismut	4075	Ditto.
60	Desooa Kismut	4069	Mehar and Yora.
	Joypoor Kismut	4068	Singargaon Yurakabad, Mohobutpoor.
	Balooa Kismut	4070	Singargaon.
	Nooyagawn Kismut	4071	Singargaon Yurakabad, Mohobutpoor.
	Barghuna Kismut	4074	Mohobutpoor.
65	Soorsoee Kismut	4073	Yurakabad, Singargaon.
	Boreais Kismut	4072	Singargaon.
	Ichapoor Kismut...	4009	Ditto.
	Nooneeapara Kismut	4008	Ditto.
	Dolta	4143	Bullooah, &c.
70	Surippoor Kismut	4144	Joar Bhatra.
	Hasimpoor Kismut	4149	Ditto.
	Iofurnugger, &c.	4142	Joar Lukhunpoor, &c.
	Mohurpore	4161	Patekera Tuppeh Ramchunderpoor.
	Hosunpoor Kismut	4163	Ditto.
75	Chandeeara Kismut	4158	Ditto.
	Chandpoor	4159	Ditto.
	Mooktee	4160	Ditto.
78	Mooraim	4155	Ditto.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 3rd November 1874.—**It is hereby notified for general information that the following villages are transferred from District Noakholly to District Tipperah :—**

No.	Names of Villages.	Thakbust Number.	Pergunnahs.
1	Sorsak	770	Bullooah.
	Shoochiara	767	Bullooah Tuppeh Joynugger.
	Ghoramoydan	768	Bullooah.
	Doikamta	766	Ditto.

[*Government Gazette,* 10*th November* 1874.]

নম্বর।	গ্রামের নাম।	থাকবস্তের নম্বর।	পরগনার নাম।
	হিরাপুর	৪১৫৬	পটিকিরা, তপে রামচন্দ্রপুর।
	মাণিকপুর	৪১৫৪	ঐ
৫০	খাধংগার	৪১৫৩	বলুয়া।
	বাউরকারা	৪১৫২	ইয়োরা।
	কিসমৎ দক্ষিণ পাড়া	৪১৫০	জোয়ার ভাটরা।
	বিষ্ণুপুর	৪১৫১	পটিকিরা, তপে রামচন্দ্রপুর।
	কিসমৎ মামুদপুর	৪১৪৮	ইয়োর ভাটরা।
৫৫	,, রামসিংহপুর	৪১৪৭	ঐ
	,, জামালপুর	৪১৪৬	ঐ
	মান্দিয়ারা	৪১৪৫	ঐ
	কিসমৎ পানিসালা	৪০৭৬	ইয়োরা।
	,, আসারকোট	৪০৭৫	ঐ
৬০	,, দেশুয়া	৪০৬৯	মেহর ও ইয়োরা।
	,, জয়পুর	৪০৬৮	সিঙ্গরাগাঁ ইয়রাকাবাদ ও মহবৎপুর।
	,, বলুয়া	৪০৭০	সিঙ্গরগাঁ।
	,, মুয়াগাঁ	৪০৭১	সিঙ্গরগাঁ, ইয়রাকাবাদ ও মহবৎপুর।
	,, বারঘমা	৪০৭৪	মহবৎপুর।
৬৫	,, সুরশেই	৪০৭৩	ইয়রাকাবাদ ও সিঙ্গরগাঁ।
	,, বোরইস	৪০৭২	সিঙ্গরগাঁ।
	,, ইচ্ছাপুর	৪০০৯	ঐ
	,, মুনিরাপাড়া	৪০০৮	ঐ
	দোলতা	৪১৪৩	বলুয়া, প্রভৃতি।
৭০	কিসমৎ সরিপপুর	৪১৪৪	জোয়ার ভাটরা।
	,, হাসিমপুর	৪১৪৯	ঐ
	জাফরনগর প্রভৃতি	৪১৪২	জোয়ার লক্ষণপুর প্রভৃতি
	মোহরপুর	৪১৬১	পটিকিরা তপে রামচন্দ্রপুর।
	কিসমৎ হোশনপুর	৪১৬৩	ঐ
৭৫	,, চান্দিয়ারা	৪১৫৮	ঐ
	চাঁদপুর	৪১৫৯	ঐ
	মুক্তি	৪১৬০	ঐ
৭৮	মুরাইস	৪১৫৫	ঐ

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৩ নবেম্বর।—নিম্নলিখিত সকল গ্রাম নওয়াখালী জিলাহইতে ত্রিপুরা জিলাভুক্ত করা গিয়াছে সাধারণের জ্ঞানার্থে এই সংবাদ প্রকাশ করা গেল।

নম্বর	গ্রামের নাম।	থাকবস্তের নম্বর।	পরগনার নাম।
১	সরশাক	৭৭০	বলুয়া।
	শুচিয়ারা	৭৬৭	বলুয়া তপে জয়নগর।
	ঘোড়াময়দান	৭৬৮	বলুয়া।
	উদকাদটা	৭৬৬	ঐ

No.	Names of Villages	Thakbust Number.	Pergunnahs.
5	Komwideea Kismut	765	Singargaon.
	Dhamra	764	Bullooah.
	Harairpara	769	Ditto.
	Bhobanipore	763	Ditto.
	Ragace	771	Ditto.
10	Kesranga	762	Ditto.
	Fooleh Kismut	761	Ditto.
	Simleeah	760	Ditto.
	Lotra	759	Ditto.
	Ghunna Kismut	788	Kanchunpore.
15	Baoochatolee, &c....	789	Ditto.
	Gazyapoor	688	Bullooah.
	Gatra	687	Ditto.
	Baisgaon	686	Bullooah Tuppeh.
			Ramchunderpore, Joynugger.
			Pateekera Tuppeh.
			Ramchunderpore.
	Nowanpore	690	Bullooah.
20	Sreepore	639	Ramchunderpore.
	Kumulpore Kismut	691	Bullooah.
	Bhagooee, &c.	526	Umrabad.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

উত্তর সীমা।—মুরাঘাটের রক্ষিত শালবন।
পূর্ব্ব সীমা।—ঘৈরকটা নদী।
দক্ষিণ সীমা।—নোনাই নদী।
পশ্চিম সীমা।—কানাই ও নোনাই নদী।

২। বক্সা সামান্য বন, কালিতে অনুমান—৬৭,৬০৯ একর।

সীমা।

উত্তর সীমা।—বর্ত্তমান "এলো বনের" সীমা অর্থাৎ চিহ্নিত যে রেখা ভুটান পর্ব্বতের গোড়া দিয়া কালা নদী অবধি গদাধর নদী পর্য্যন্ত যায় তাহা।

পূর্ব্ব সীমা।—প্রথম সন্ন্যাসী আর তালুকার দক্ষিণ সীমা পর্য্যন্ত গদাধর নদী, পরে শালবনের ধারে২ চেকোনদী পর্য্যন্ত চিহ্নিত রেখা, ঐ নদীর ভাটো কর্ষিত ভূমি যাহাতে ছাড়া হয় এমত ভাবে ঐ ভূমি ঘুরিয়া পুনর্ব্বার শাল বনের বাহিরের ধারে২ গদাধর পর্য্যন্ত গিয়া গদাধরের ভাটো কতক দূর যায়, পরে পুনরায় শাল বনের বাহিরের ধারে২ গিয়া খেলেহাঙ্গপাড়ার কর্ষিত ভূমি যাহাতে ছাড়া হয় এমত ভাবে ঐ ভূমি ঘুরিয়া যায়।

দক্ষিণ সীমা।—বর্ত্তমান "এলো বনের" সীমা অর্থাৎ প্রথম, চেকো নদীর সহিত বক্সা নদীর সংযোগ স্থানাবধি উজানদিগে বক্সা নদী, পরে বনমালী ও উদলাগুড়ি তালুকার দক্ষিণ সীমার সঙ্গে২ পোরো নদী পর্য্যন্ত চিহ্নিত রেখা।

পশ্চিমসীমা।—গুর্ম্ম নদীর সহিত কালা নদীর সংযোগ স্থানাবধি উত্তর সীমা হইতে কালা নদী, পরে নোরক নদী পর্য্যন্ত খয়ের ও শিশুবনের পশ্চিম ধার। নোরক নদীর ভাটোদিগে পরে ধম চাষ যাহাতে বাহিরে থাকে এমত ভাবে এই চাষ ঘুরিয়া নোরক নদী হইতে পশ্চিম ভাবে যে চিহ্নিত রেখা যায় তাহা, পরে উত্তরভাবে শাল বনের ধারে২ পরে পশ্চিম ভাবে নিমাতি নদীপর্য্যন্ত এই নদীর ভাটোদিগে যায়। পরে ব্রাহ্মণী নদী পর্য্যন্ত শাল বনের বাহির ধার ঐ ব্রাহ্মণী নদী ও ঐ দক্ষিণ সীমা পর্য্যন্ত পরো নদী।

[গবমের্ণণ্ট গেজেট। ১৮৭৪। ১৫ ডিসেম্বর।]

The Buxa plain forest, as above reserved, will contain the following two enclosures :—

(1) Rajabatkana,

(2) Minagaon;

and as to these the following arrangements will be made :—

A block of 20 acres will be marked off for the use of each of these two villages. The sâl trees within the areas thus marked off will be removed by the Forest Department if required. The inhabitants will be entitled to collect such dry sticks and minor forest produce, except of sâl, toon, and India-rubber, as may be required for their domestic purposes from the forest, within a radius of one-fourth of a mile around their villages; the area thus defined will be marked off They will also be allowed to graze their cattle within the same tract. No family will be allowed to take up its residence in these villages without the permission of the Conservator of Forests. The villages will be removed outside the forest at any time that the Government may consider it necessary to do so.

H. L. Dampier,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 1st December 1874.—In the notification dated 7th October 1874, regarding the re-arrangement of the Moonsiffee Jurisdictions in the district of Moorshedabad, published at page 1580 of the *Calcutta Gazette* of the 14th October 1874, insert the words "with ordinarily five Moonsiffs" after the words "four Moonsiffees" in line 4, and under "1 Berhampore" in the side column insert the words "with two Moonsiffs."

H. L. Dampier.
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 5th December 1874.—Under the provisions of Section 83, Act V (B.C.) of 1870 (an Act for making improvements in the Port of Calcutta), the following additional bye-law for the landing and delivery of goods at the jetties, as proposed by the Commissioners, is published for general information :—

Bye-law No. 1A.

The Master of every vessel lying alongside any of the Commissioners' jetties shall provide at least one gangway plank not less than 2 feet 6 inches wide, and of sufficient length, thickness, and strength, to form a convenient communication between the jetty and the gangway of the vessel, and such gangway plank shall be properly and securely placed between the gangway of the vessel and the jetty during the whole time the vessel remains alongside the jetty.

H. L. Dampier,
Secy. to the Govt. of Bengal

JUDICIAL DEPARTMENT.

No. 3418C.S.

The 4th December 1874.—Baboo Denonath Mookerjee, Personal Assistant to the Commissioner of Cooch Behar, who exercises the powers of a Moonsif, is vested with the powers of a Small Cause Court Judge under Section 29, Act VI of 1871.

Baboo Nobin Chunder Ghose, Acting Second Subordinate Judge of Tipperah, is transferred to Chittagong.

The 5th December 1874.—Baboo Kristo Dass Dey, B.L., is appointed to act as Moonsif of Khoolna, in Jessore, during the absence, on duty, of Baboo Bhoobun Chunder Mookerjee, or until further orders.

Baboo Hurrish Chunder Sen is appointed to act as Moonsif of Bazitpore, in Mymensingh, during the absence, on leave, of Moulvie Abdul Khaliq, or until further orders.

Baboo Munmotho Nath Chatterjee is appointed to act as Moonsif of Satkhira, in the 24-Pergunnahs, during the absence, on leave, of Baboo Amirt Lal Pal, or until further orders.

[*Government Gazette*, 15*th December* 1874.]

উপরোক্ত রক্ষিত বক্সা সামান্য বনের মধ্যে নিম্নলিখিত দুই ঘেরা স্থান ধরা গেল।

(১) রাজাবাটকানা।

(২) মিনাগাঁ।

ও এই দুইয়ের সম্পর্কে নিম্নলিখিত বন্দোবস্ত করা যাইবে।

এই দুই গ্রামের মধ্যে একং গ্রামের ব্যবহারের নিমিত্তে ২০ একর করিয়া একং খণ্ড চিহ্নিত করিয়া দেওয়া যাইবে। ঐ চিহ্নিত স্থানের মধ্যে যে শাল গাছ থাকিবে তাহা প্রয়োজনমতে বন কার্য্য-বিভাগ কর্তৃক কাটিয়া লওয়া যাইবে। বনে যে শাল ও তুঁত ও ইণ্ডিয়ান রবরের গাছ থাকে তাহা ছাড়া বাসেন্দা লোকেরা গ্রামের চতুর্দ্দিগের সিকি মাইলের মধ্যে অন্য গাছের শুষ্ক সকডাল ও অন্য আগাছা গৃহ কার্য্যের নিমিত্তে লইতে পারিবে। এই নির্দ্দিষ্ট সীমারও চিহ্ন করিয়া দেওয়া যাইবে। তাহারা তন্মধ্যে পশ্বাদি চরাইতে পারিবে। বনরক্ষকের অনুমতিভিন্ন কোন গৃহস্থ ঐং গ্রামে আসিয়া বাস করিতে পাইবে না। গবর্ণমেণ্ট কোন সময়ে আবশ্যক জ্ঞান করিলে ঐ গ্রাম বনের বাহিরে আনিয়া বসাইতে পারিবেন।

এচ, এল, ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ১ ডিসেম্বর। —মুরশিদাবাদ জিলার মুনসেফী এলাকার নূতন বন্দোবস্ত হওন বিষয়ক ১৮৭৪ সালের অক্টোবর মাসের ৭ তারিখের যে বিজ্ঞাপন ১৮৭৪ সালের অক্টোবর মাসের ২০ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১২৮৭ পৃষ্ঠায় প্রকাশ হয় তাহার ৪ পঁক্তিতে "এলাকাসুদ্ধ" এইং কথার পর "সামান্যতঃ পাঁচ জন মুনসেফ সহিত" এই কথা এবং "১। বহরমপুর" পার্শ্ব লিখিত এই শব্দের পূর্ব্বে "দুই জন মুনসেফ সহিত এই কথা যোগ করিতে হইবে।

এচ, এল, ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৫ ডিসেম্বর। —কলিকাতা বন্দর সোষ্ঠব করণার্থ ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৮৩ ধারামতে কমিশ্যনরেরা জেটীতে মাল নামাইবার ও তথায় মাল দিবার নিমিত্তে নিম্নলিখিত যে অতিরিক্ত উপবিধির প্রস্তাব করিয়াছেন তাহা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১ক নং উপবিধি।

কমিশ্যনরদের জেটীর পার্শ্বে লাগান প্রত্যেক জাহাজের অধ্যক্ষ জেটীর ও জাহাজে উঠিবার স্থানের মধ্যে যাতায়াতের সুবিধার নিমিত্তে ২ ফুট ৬ ইঞ্চির কম চৌড়া না হয় অথচ উপযুক্তমতে লম্বা ও পুরু ও শক্ত এক খান তক্তা ফেলিয়া দিবেন। ও জাহাজ যত দিন জেটীর পার্শ্বে লাগান করিয়া থাকে তত দিন ঐ তক্তা জাহাজে উঠিবার স্থানের ও জেটীর মধ্যে উপযুক্ত ও নির্ব্বিঘ্নরূপে রাখিতে হইবে।

এচ, এল, ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩৪৪৮C.S. নম্বর।

১৮৭৪ সাল ৪ ডিসেম্বর। —কুচবেহারের কমিশ্যনর সাহেবের স্বকীয় আসিস্টাণ্ট শ্রীযুত বাবু দীননাথ মুখোপাধ্যায়, মুনসেফের ক্ষমতাক্রমে কর্ম্ম করাতে ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারামতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা পাইয়াছেন।

ত্রিপুরার একটিং দ্বিতীয় সবরডিনেট জজ শ্রীযুত বাবু নবীনচন্দ্র ঘোষ, চট্টগ্রামে প্রেরিত হইয়াছেন।

১৮৭৪ সাল ৫ ডিসেম্বর। —রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু ভুবনচন্দ্র মুখোপাধ্যায়ের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু কৃষ্ণদাস দে, বি, এল, যশোহর জিলার অন্তর্গত খুলনার মুনসেফের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত মৌলবী আবদুল খালিকের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র সেন, ময়মনসিংহের অন্তর্গত বাজিৎপুরের মুনসেফের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু অমৃতলাল পালের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু মন্মথনাথ চট্টোপাধ্যায়, ২৪ পরগনার অন্তর্গত সাতক্ষীরার মুনসেফের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১৫ ডিসেম্বর।]

The 7th December 1874.—Baboo Koylash Chunder Chatterjee, Assistant Surgeon, in medical charge of Noakholly, is appointed to be an Honorary Magistrate in that district, and is vested with the powers of a Magistrate of the Third Class, *vice* Baboo Udoy Chand Dutt, who has left the district.

Mr. T. E. Dempster, Acting Extra Assistant Commissioner, Sonthal Pergunnahs, is vested with the powers of a Magistrate of the Second Class.

Rivers Thompson,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 4th December 1874.—It is hereby notified that, under the provisions of Section 3, Regulation VI of 1819, the Lieutenant-Governor has been pleased to sanction the establishment of a public ferry on the line of road between Taltulla and the head-quarters of the Moonsheegunge sub-division, where it crosses the Rikabi Bazar khall on the Dhullessary river, in the district of Dacca.

Rivers Thompson,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT.—(Bengal.)

Establishment.

The 2nd December 1874.

No. 419.—*Notification.*—Mr. J. W. Johnson, Assistant Engineer, First Grade, Officiating Executive Engineer of the Dacca district, resumed charge of that district on the 23rd November 1874, before noon, on return from privilege leave.*

No. 420.—*Leave of Absence.*—Mr. E. James, Assistant Engineer, First Grade, attached to the Chumparun Special Division, is allowed privilege leave for eleven days, under Supplement F, Section 12, of the Civil Leave Code, in addition to that already granted† to him.

No. 421.—*Notification.*—Baboo Hemchunder Biswas, Supervisor, First Grade, joined the Third Calcutta Division on the 12th November 1874, before noon.

The 4th December 1874.

No. 422.—*Notification.*—The services of Mr. P. deL. Lennox, Assistant Engineer, Second Grade, attached to the Purneah Special Division, who was deputed to Bengal for relief works, are replaced at the disposal of the Indus Valley State Railway, with effect from the 26th November 1874.

No. 423.—*Transfer.*—Baboo Rakhal Doss Roy, Supervisor, Second Grade, from the Darjeeling and Julpigoree to the Tirhoot district.

No. 424.—*Leave of Absence.*—Baboo Lall Gopaul Banerjee, Overseer, First Grade, attached to the Hazareebagh district, is allowed privilege leave for fifteen days, under Section 12, Supplement F, of the Civil Leave Code, with effect from the 16th November 1874.

No. 425.—*Notification.*—Baboo Surruth Chunder Sandle, Overseer, Third Grade, attached to the Dinagepore and Maldah district, availed himself of sick leave‡ on the 21st November 1874.

No. 426.—*Transfer.*—Mr. G. P. Pritchard, Probationary Accountant, Fourth Grade, from the Central Office of Accounts, Bengal, to the First Calcutta Division.

* Bengal Government, Public Works Department, Notification No. 413, dated 26th November 1874.

† Bengal Government, Public Works Department, Notification No. 313, dated 11th September 1874.

‡ Bengal Government, Public Works Department, Notification No. 366, dated 14th October 1874.

Miscellaneous Public Improvements.

The 5th December 1874.

No. 427.—*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the expense of Baboo Gokool Krishna for a public purpose, viz. for digging a khal in the village of Sonakadar, Bugjooree, in thana Manickgunge, in the district of Dacca, it is

১৮৭৪ সাল ৭ ডিসেম্বর।—শ্রীযুত বাবু উদয়চাঁদ দত্ত, জিলাহইতে গমন করায় নওয়াখালির চিকিৎসা কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র চট্টোপাধ্যায়, ঐ জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

সাঁওতাল পরগনার একটিং অতিরিক্ত আসিস্টান্ট কমিশ্যনর শ্রীযুত টি, ই, ডেম্পেস্টর সাহেব, দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৪ ডিসেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮১৯ সালের ৬ আইনের ৩ ধারার বিধানমতে ঢাকা জিলার অন্তর্গত তালতলার ও মুনশীগঞ্জ মহকুমার সদরস্থানের মধ্যগত পথ যে স্থানে ধলেশ্বরী নদীর তটে রেকাবী বাজার খাল পার হয়, সেই স্থানে রাজকীয় খেয়াঘাট স্থাপন করিবার অনুমতি দিয়াছেন।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্‌তাবিষয়ক।

১৮৭৪ সাল ২ ডিসেম্বর।

৪১৯ নম্বর।—বিজ্ঞাপন।—ঢাকা জিলার একটিং একসেকিটিব ইঞ্জিনিয়র, প্রথম শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে ডবলিউ জনসন সাহেব অনুগ্রহের ছুটী* হইতে প্রত্যাগমন করিয়া ১৮৭৪ সালের নবেম্বর মাসের ২৩ তারিখের পূর্ব্বাহ্নে ঐ জিলার কার্য্যের ভার পুনর্গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৪ সালের ২১ নবেম্বরের ৪১৩ নং বিজ্ঞাপন।

৪২০ নম্বর।—ছুটী।—চাম্পারণের বিশেষ খণ্ডে নিযুক্ত প্রথম শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই জেমস সাহেব, যে ছুটী পান † তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে এগার দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

† বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৪ সালের ১১ সেপ্টেম্বরের ৩১৩ নং বিজ্ঞাপন।

৪২১ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত বাবু হেমচন্দ্র বিশ্বাস ১৮৭৪ সালের নবেম্বর মাসের ১২ তারিখের পূর্ব্বাহ্নে কলিকাতার তৃতীয় খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৪ সাল ৪ ডিসেম্বর।

৪২২ নম্বর।—বিজ্ঞাপন।—বঙ্গদেশে উপকারার্থ কার্য্যের নিমিত্তে প্রেরিত পূরণিয়ার বিশেষ খণ্ডে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত পি ডেল লেনো সাহেব, ১৮৭৪ সালের নবেম্বর মাসের ২৬ তারিখঅবধি ইণ্ডস বালা ষ্টেট রেলওয়ের আজ্ঞাধীনে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

৪২৩ নম্বর। স্থানান্তরে নিয়োগ।—দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত বাবু রাখাল দাস রায় দার্জ্জিলিঙ্গ ও জলপাইগুড়ি জিলাহইতে ত্রিহুত জিলায় প্রেরিত হইলেন।

৪২৪ নম্বর।—ছুটী।—হাজারীবাগ জিলায় নিযুক্ত প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু লাল গোপাল বন্দ্যোপাধ্যায়, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে, ১৮৭৪ সালের নবেম্বর মাসের ১৬ তারিখ অবধি পনের দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

৪২৫ নম্বর।—বিজ্ঞাপন।—দিনাজপুর ও মালদহ জিলায় নিযুক্ত তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু শরচ্চন্দ্র সান্ন্যাল, পীড়াগ্রযুক্ত ১৮৭৪ সালের নবেম্বর মাসের ২১ তারিখে ছুটী ‡ গ্রহণ করেন।

‡ বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৪ সালের ১৪ অকটোবরের ৩৬৬ নং বিজ্ঞাপন।

৪২৬ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—চতুর্থ শ্রেণীর প্রেকেশনারি আকৌণ্টাণ্ট শ্রীযুত জি, পি, প্রিচার্ড সাহেব, বঙ্গদেশের সদর আকৌণ্ট আফিসহইতে কলিকাতার প্রথম খণ্ডে প্রেরিত হইলেন।

উন্নতি সাধনার্থ বিবিধ রাজকার্য্যবিষয়ক কথা।

১৮৭৪ সাল ৫ ডিসেম্বর।

৪২৭ নম্বর।—ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ঢাকা জিলার অন্তর্গত মানিকগঞ্জ থানার সোণাকোদের বগজুরা গ্রামে খাল কাটিবার নিমিত্তে গোকুল কৃষ্ণ বাবুর অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের

hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 1 beegha 5 cottahs 5 dhoors of standard measurement, in pergunnah Shahjatpore, bounded on the north by the land of Joly Karigar, Unnoda Shoondoree Dassya, and others; on the east by lands of Kadar Karigar; on the south by the land of Kedar Ram Kishore Shakharee, Unnoda Shoondoree Dassya, and others; and on the west by the Dussarah Khal, is required within the aforesaid village of Sonakadar Bugjooree.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

By order of the Lieutenant-Governor of Bengal,

J. E. T. NICOLLS, *Colonel., R.E.*,
Secy. to the Govt. of Bengal, P. W. D.

IRRIGATION.

ESTABLISHMENT.—NOTIFICATIONS.

The 7th December 1874.

No. 408.—*Leave.*—Baboo Mooni Swamy Moodlear, Accountant, Fourth Grade, attached to the Byturni Division, is granted privilege leave on medical certificate from 1st September to 13th October 1874, both days inclusive.

No. 409.—Baboo Opendro Lall Goopta, Overseer, Second Grade, Hidgellee Division, is granted three months' privilege leave from the date on which he may avail himself of it.

No. 410.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by the Government at the public expense for a public purpose, viz., for the construction of two distributing channels parallel to, or adjoining or near to, the Dumraon Branch canal, one on each side thereof, both taking off from the said Dumraon Branch Canal in its first mile, and continuing along or near the sides thereof to the 32nd mile thereof, it is hereby declared that for the above purpose additional land amounting to 520 acres, more or less, is required adjoining the land already acquired or to be acquired for the Dumraon Branch Canal under notifications Nos. 110, of the 17th March 1873, and 373, of the 31st October 1873, published respectively at page 391 of the *Calcutta Gazette* of the 19th March 1873 and at page 1651 of the *Calcutta Gazette* of the 4th November 1874, from its first to its thirty-second mile or thereby, in or near the following villages in zillah Shahabad, viz.—

In Pergunnah Danwar—Amiawar, Manauli, Jina, Dhanao *English*, Kathkauliya, Maraujhia, Panapur, Sukahra, Dhamni, Tithu, Bodhi Dihri, Gumhariya, Subhiya, Purasi, Sakhwa, Padumnapur, Sahari, Jasri *English*, Godpa, Hathilpur *English*, Jonhi, Nazirganj, Sulaimpur, Dhanupur, Dumariya, Bharkundiya, Durgadih, Dhawa, Dhari, Dihri, Morauna, Bahrar, Andhar, Nima, Gopal Dihri, Guzra, Dhango, Kusanand Khurd, Kusanand Buzurg, Chaunri Ahir, Koath Khas, Deogana, Tendo Bahar, Bhonda Dih *or* Bhonda Dihri, Shahpur, Bulsa, Ratsa, Param Dihri, Bijay Chaunri, Madhubana, Tewa Badil, Amolwa.

In Pergunnah Bhojpur—Ganjar Dihri of Nawanagar, Ganjar Dihri of Rupsagar, Turanon Pati of Rupsagar, Turanon Pati of Nawanagar, Bhatauli, Katkanar, Kesath, Khargpur, Chaugain, Rampur, Murar.

The width of the aforesaid strips of land varies from five to one hundred and twenty feet, more or less.

The land plans of the said parallel distributaries to the Dumraon Branch Canal may be seen in the office of the Executive Engineer, Arrah Division, Arrah.

This declaration is made, under the provision of Section 6, Act X of 1870, to all whom it may concern.

G. A. SEARLE, *Lieut-Col.*, S.C.,
for Offg. Jt. Secy. to the Govt. of Bengal,
in the P. W. D., Irrigation Branch.

[*Government Gazette, 15th December* 1874.]

নিমিত্তে শাহআতপুর পরগনার উক্ত সোণাকাদের বগজুরী গ্রামে কথিমত পরিমাণের ন্যূনাধিক ১।০ কাঠা ৫ ধুর পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা জলি কারিগরের ও অন্নদা সুন্দরী দাস্যা প্রভৃতির ভূমি, পূর্ব্বসীমা কেদার কারিগরের ভূমি, দক্ষিণ সীমা কেদাররাম কিশোর-শাখারির ও অন্নদা সুন্দরী দাস্যা প্রভৃতির ভূমি, ও পশ্চিম সীমা দশারা খাল।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

জে, ই, টি, নিকলস, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জলসেচনসম্পর্কীয়

সিরিশতাবিষয়ক,—বিজ্ঞাপন।

১৮৭৪ সাল ৭ ডিসেম্বর।

৪০৮ নম্বর।—ছুটী।—বৈতরণী খণ্ডে নিযুক্ত চতুর্থ শ্রেণীর আকৌণ্টাণ্ট শ্রীযুত বাবু মুনিস্বামী মুদলীয়র, চিকিৎসকের সার্টিফিকটক্রমে, ১৮৭৪ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখঅবধি অক্টোবর মাসের ১১ তারিখ পর্য্যন্ত অনুগ্রহের ছুটী পাইয়াছেন। তন্মধ্যে উক্ত দুই দিনও ধরিতে হইবে।

৪০৯ নম্বর।—হিজলী খণ্ডের দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু উপেন্দ্র লাল গুপ্ত, যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

৪১০ নম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ডুমরাওন শাখা খালের দুই দিগে তাহার সমান্তরাল বা লাগাও বা নিকটে জলবিতরণের দুই খাল উক্ত শাখা খালের প্রথম মাইলে আরম্ভ হইয়া তাহার সঙ্গে২ বা নিকট দিয়া তাহার ৩২ মাইল পর্য্যন্ত কাটিবার নিমিত্তে, রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। ১৮৭৩ সালের মার্চ মাসের ১৭ তারিখের ১১০ নং যে বিজ্ঞাপন এবং ১৮৭৪ সালের অক্টোবর মাসের ৩১ তারিখের ৩৭৩ নং যে বিজ্ঞাপন ক্রমান্বয়ে ১৮৭৩ সালের মার্চ মাসের ২৫ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ২৬৯ পৃষ্ঠায় ও ১৮৭৪ সালের নবেম্বর মাসের ১০ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১১৮৪ পৃষ্ঠায় প্রকাশ হয় তদনুসারে ডুমরাওন শাখা খালের জন্যে গৃহীত ভূমির লাগাও বা যে ভূমি গ্রহণ করিতে হইবে তদতিরিক্ত পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত শাহাবাদ জিলার অন্তর্গত নিম্নলিখিত গ্রামে বা তন্নিকটে উক্ত শাখা খালের ১ মাইল হইতে ৩২ মাইল পর্য্যন্ত ন্যূনাধিক আর ৩২০ একর ভূমির প্রয়োজন।

দানওয়ার পরগনার অন্তর্গত—আমিরাওয়ার ও মনৌলি ও জিনা, ও ধনাও ইংলিস ও কাঠকলিয়া ও মারৌঝিয়া ও পানাপুর ও মুকহরা ও ধমনি ও তিথু ও বোধি দিহরা ও গুমহারিয়া ও মুণ্ডিয়া ও পুরাশী ও শখওয়া ও পদ্মপুর ও শহরি ও জগ্গী ইংলিস ও গোদপা ও হাথিলপুর ইংলিস ও জনহি, ও নাজিরগঞ্জ ও সুলেমপুর ও ধাকপুর ও ডুমরিয়া ও ভরকুণ্ডিয়া ও দুর্গাডিহ, ও ধাওয়া ও পারি ও দিহরা, ও মোরাওন ও বহরার ও আঞ্চার ও নিমা ও গোসালদিহরি ও গুহরা ও ধাঙ্গ ও কুশানন্দ খুর্দ্দ ও কুশানন্দ বুজর্গ ও চৌনুরি আহির ও কোয়াথ খাস, ও দেবগণা ও তেন্দ বাহার ও ভোঁদাডিহ বা ভোঁদা ডিহরি ও শাহপুর ও বলশা ও রতসা ও পরম ডিহরি ও বিজয় চৌনরি ও মধুবনা ও তেওয়ারাদিল ও আমলওয়া।

ভোজপুর পরগনার অন্তর্গত। নওয়া নগরের গুনজার ডিহরি ও রূপসাগরের গুনজার ডিহরি ও রূপ সাগরের তুরানন পটি ও নওয়া নগরের তুরানন পটি, ও ভাতৌলি ও কাটকনার ও কেসঠ ও খজাপুর ও চৌগাঁই ও রামপুর ও মুরার।

উক্ত কএক খণ্ড ভূমি ন্যূনাধিক ৫ অবধি ১২৫ ফুট পর্য্যন্ত প্রস্থ।

উক্ত ডুমরাওন শাখা খালের সমান্তরাল জলবিতরণের খালের নক্শা আরায় আরা খণ্ডের একজেকিটিব ইঞ্জিনিয়রের কার্য্যালয়ে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে জলসেচন শাখায় বঙ্গদেশের গবর্ণমেণ্টের
একটিং জাইণ্ট সেক্রেটরীর পরিবর্ত্তে,
জি, এ, সেরল, লেপ্টেনেণ্ট কর্ণেল এস, সি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১৫ ডিসেম্বর।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY DECEMBER 15, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ১৫ ডিসেম্বর।

PART IV.

Bills of the Legislative Council of Inia.

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষের আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF INDIA.

LEGISLATIVE DEPARTMENT.

The following Report of a Select Committee, together with the Bill as settled by them, was presented to the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 25th November 1874:—

We, the undersigned Members of the Select Committee to which the Bill to amend the law relating to Civil Appeals in the Lower Provinces of the Presidency of Fort William was referred, have considered the Bill and the papers noted in the margin, and have now the honour to present this preliminary report.

From Chief Commissioner, British Burmah, No. 598/10, dated 30th April 1874, and enclosure.
Note by J. Pitt Kennedy, Esq., dated 15th July 1874.
From Offg. Secy. to Chief Commissioner, Oudh, No. 4058, dated 20th July 1874, and enclosures.
" Sir R. Couch, C. J., dated 25th July 1874.
" Acting Chief Secy. to Govt., Madras, No. 1373, dated 27th July 1874, and enclosures.
" Secy. to Govt., Bengal, No. 3209, dated 20th August 1874, and enclosures.
" Offg. Registrar, High Court, Calcutta, No. 2319, dated 29th August 1874.
" Home Dept., No. 1128, dated 4th September 1874, and enclosures.
" Rajshahai Association (no date).
" Hony. Secy., British Indian Association, dated 12th October 1874, and enclosures.
" Pleaders of the High Court, Appellate Side, Calcutta, dated 28th September 1874.
Petition from certain Native inhabitants of the 24-Parganas.
From Offg. Secy. to Chief Commissioner, Oudh, No. 6073G, dated 14th November 1874, and enclosures.

2. The marginally noted communications from the Rajshahai Association, from the Secretary to the British Indian Association and from the Pleaders of the High Court, Calcutta, all raise objections to the whole principle of the Bill, so far as it restricts the right of appealing. These objections are principally founded on the insufficiency of the existing Courts below the High Court to dispose of suits in a way satisfactory to the suitors. The Rajshahai Association submit proposals for improving the Mofussil Courts, but whatever consideration such proposals may receive from the Government, we have not considered them within the scope of our functions.

3. We think that the fears expressed about the operation of the measure are to a considerable extent due to an imperfect apprehension of the mode in which it is calculated to work, and in particular to some forgetfulness of the fact that, at the present time, there is no second appeal from a decision on the facts, even though the District Court may have reversed the decision of the Court below, and may be clearly shown to have erred in so doing, and that the Bill proposes to open a door to appeal in such cases.

4. We do not wish to make light of the fears expressed about a change which everybody admits to be tentative and which it is therefore prudent to introduce cautiously. And we have made some important alterations with the view of meeting those fears to a considerable extent. For this reason we have wholly struck out the limitations placed by the Bill as introduced on first appeals, and have left them to be regulated by the existing law, namely, Act VI of

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক কর্ম্মবিভাগ।

মনোনীত কমিটীর নিম্নলিখিত রিপোর্ট ও তাঁহাদের নির্দ্ধারিত আইনের পাণ্ডুলিপি ১৮৭৪ সালের নবেম্বর মাসের ২৫ তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের মন্ত্রিসভায় অর্পণ করা গেল।

ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বঙ্গপ্রভৃতি দেশে দেওয়ানী আপীলবিষয়ক আইন সংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি মনোনীত কমিটী আমাদের প্রতি অর্পিত হইলে, আমরা ঐ পাণ্ডুলিপি ও পার্শ্বলিখিত পত্রাদি বিবেচনা করিয়া প্রথম স্থলীয় রিপোর্টমতো এই রিপোর্ট অর্পণ করিলাম।

২। এই পাণ্ডুলিপিতে আপীল করিবার অধিকার সংকোচ করণবিষয়ের যে মূল বিধি আছে, রাজশাহীর সভার ও ভারতবর্ষীয় সভার সেক্রেটরীর ও কলিকাতার হাই কোর্টের উকীলদের পার্শ্বলিখিত পত্রে ঐ বিধানের বিষয়ে আপত্তি হইয়াছে। হাই কোর্টের অধীন যেং আদালত আছে সেইং আদালত বাদিদের হৃদ্বোধমতে মোকদ্দমা নিষ্পত্তি করিতে অক্ষম ইহা সেইং আপত্তির মূল। রাজশাহীর সভা মফঃসল আদালত উৎকৃষ্ট করিবার প্রস্তাব লিখিয়াছেন। গবর্ণমেণ্ট সেই প্রস্তাবের যদ্রূপ বিবেচনা করুন, কিন্তু তাহা আমাদের কর্ত্তব্যের মধ্যে না থাকা বিবেচনায় আমরা তাহার বিবেচনা করি নাই।

ব্রিটনীয় বর্ম্মাদেশের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৪ সালের ৩০ আপ্রিলের ৫২৮/১৪ নং পত্র ও তৎসহিত পত্র।
শ্রীযুত জে পিট কেনেডি সাহেবের ১৮৭৪ সালের ১৫ জুলাইর নোট।
অযোধ্যার প্রধান কমিশ্যনর সাহেবের একটিং সেক্রেটরীর ১৮৭৪ সালের ২০ জুলাইর ৪০৫৮ নং পত্র ও তৎসহিত পত্রাদি।
চীফ জষ্টিস সর আর কৌচ সাহেবের ১৮৭৪ সালের ২৫ জুলাইর পত্র।
মান্দ্রাজ গবর্ণমেণ্টের একটিং প্রধান সেক্রেটরীর ১৮৭৪ সালের ২৭ জুলাইর ১০৭৩ নং পত্র ও তৎসহিত পত্রাদি।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরীর ১৮৭৪ সালের ২০ আগষ্টের ৩৩০৯ নং পত্র ও তৎসহিত পত্রাদি।
কলিকাতার হাই কোর্টের একটিং রেজিষ্ট্রারের ১৮৭৪ সালের ২৯ আগষ্টের ২৩১৯ নং পত্র।
হোম ডিপার্টমেণ্টের ১৮৭৪ সালের ৪ সেপ্টেম্বরের ১১২৮ নং পত্র ও তৎসহিত পত্রাদি।
রাজশাহীর সভার পত্র। (তারিখ নাই।)
ভারতবর্ষীয় সভার অবৈতনিক সেক্রেটরীর ১৮৭৪ সালের ১২ অক্টোবরের পত্র ও তৎসহিত পত্রাদি।
আপীলপক্ষে কলিকাতার হাই কোর্টের উকীলদের ১৮৭৪ সালের ২৮ সেপ্টেম্বরের পত্র।
চব্বিশ পরগনা নিবাসি কতিপয় দেশীয় ব্যক্তির দরখাস্ত।
অযোধ্যার প্রধান কমিশ্যনর সাহেবের একটিং সেক্রেটরীর ১৮৭৪ সালের ১৪ নবেম্বরের ৬০৭৩এ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

৩। প্রস্তাবিত আইনমতে কার্য্য চলন হইলে তাহার ফলবিষয়ে যে ভয়ের উল্লেখ হইয়াছে, বোধ হয় ঐ আইনঅনুযায়ী কার্য্য চলনের নিয়ম স্পষ্টরূপে না বুঝাতে, বিশেষতঃ এই সময়েও নিম্নতর আদালতের বৃত্তান্ত সম্পর্কীয় যে নিষ্পত্তি হয়, জিলার আদালত সেই নিষ্পত্তি অন্যথা করিলে, ও অন্যথা করাতে ভ্রম হইয়াছে ইহা স্পষ্টরূপে প্রকাশ করা গেলেও, জিলার আদালতের সেই নিষ্পত্তির উপর আর আপীল নাই, ও তদ্রূপ স্থলে এই পাণ্ডুলিপি আপীল করিবার দ্বারা মুক্ত করিতে চাহে, এই কথা মনে না থাকাতে ঐ ভয় জন্মিয়াছে।

৪। বিধির যেরূপ পরিবর্ত্তন করিবার প্রস্তাব হইয়াছে তাহা কেবল পরীক্ষার্থে হওয়াতে অত্যন্ত সতর্ক হইয়া সেই নিয়ম প্রচলিত করা উচিত, ইহা সকলেই স্বীকার করেন। অতএব সেই বিষয়ে যে ভয়ের উল্লেখ হইয়াছে আমরা তাহা তুচ্ছ জ্ঞান করি না। আর সাধ্যমতে সেই ভয় নিবারণের জন্যে গুরুতর ভাবে এই পাণ্ডুলিপির পরিবর্ত্তনও করিলাম। এই নিমিত্ত প্রথম পাণ্ডুলিপিতে প্রথম আপীলের সঙ্কোচার্থক যে কথা ছিল তাহা সম্পূর্ণরূপে উঠাইয়া দিয়াছি। প্রচলিত আইনমতে অর্থাৎ ১৮৭১ সালের

1871, section 29. We have by section 5, clauses (*c*) and (*d*) conferred a much larger measure of discretion on the High Court to admit second appeals; and we hope we have made it clear both by direct enactment and by illustration, that rent-suits as well as other suits raising questions of general interest will be fit subjects for a second appeal. Perhaps we ought hardly to describe this last point as an alteration, because it was the intention of the Bill as introduced; but the language then used may not have been sufficiently clear to prevent doubt, whether it included all the classes of suits intended.

5. We have not felt justified consistently with the maintenance of the measure in going any further in the direction of greater latitude of appeal, and in our opinion the measure is one the main principles of which will be beneficial to the community they affect.

6. The other alterations which we have made may be briefly stated as follows :—

7. We think the proposed Act should not apply to suits in which appellate decrees have been made within three months before it passes.

8. We have provided that, whether a Judge allows or disallows an appeal, he shall state his reasons for so doing.

9. We have slightly reduced the time within which applications for leave to appeal must be made. But we have admitted applications after the prescribed period when the applicant was prevented applying in time by causes beyond his control. And in computing this period we have authorized the exclusion of the time requisite for obtaining a copy of the decree sought to be appealed against.

10. We have authorized the Court stating a case under the proposed Act, as well as the Court allowing an appeal, to impose terms as to costs on the party applying for a second appeal. All orders imposing such terms will be reversible by the High Court on the decision of the appeal or case referred to.

11. We think that the Court allowing a second appeal should fix a time (not exceeding ninety days from the date of the allowance) within which the appeal must be presented, and we have declared that every such appeal presented after such period shall be dismissed.

12. We have made a few verbal amendments and given some illustrations, and recommend that the Bill thus altered be passed. But first we think that it should be republished with this report, and the papers above mentioned in the second paragraph.

A. HOBHOUSE.
B. H. ELLIS.
E. C. BAYLEY.
JOHN INGLIS.
RAMANATH TAGORE.

The 23rd November 1874.

[*Government Gazette*, 15*th December* 1874.]

৬ আইনের ২৯ ধারামতে সেই আপীল হইবার বিধান থাকিল। ৫ ধারার (গ) ও (ঘ) প্রকরণে হাই কোর্টের প্রতি দ্বিতীয় আপীল গ্রাহ্য করিবার বিস্তৃত ক্ষমতা প্রদান করিয়াছি, আর খাজানার বাবৎ মোকদ্দমায়, ও যাহাতে সাধারণের মঙ্গলামঙ্গল ঘটিতে পারে এমত অন্য২ মোকদ্দমায় দ্বিতীয় আপীল হওয়ার বিধান করা উচিত, স্পষ্ট বিধি করিয়া ও উদাহরণ দিয়া এই কথা স্পষ্ট করিয়াছি এমত আশা হইতেছে। এই বিষয়টি পাণ্ডুলিপির পরিবর্ত্তনের মধ্যে প্রায় ধরা যাইতে পারে না, কেননা তাহাই প্রথম পাণ্ডুলিপির উদ্দেশ্য কিন্তু ঐ পাণ্ডুলিপির কথা কিছু অস্পষ্ট থাকাতে তন্মধ্যে নানা প্রকারের মোকদ্দমা ধরা যাইতে পারে না বলিয়া কিছু সন্দেহ জন্মিতে পারিত।

৫। যে ব্যক্তিদের প্রতি এই পাণ্ডুলিপির মূল বিধান খাটিতে পারে, তাঁহাদের পক্ষে ঐ বিধান মঙ্গলজনক বিবেচনায় আমরা ন্যায্যমতে আপীল করিবার আর কোন বিধান বিস্তৃত করিতে পারিলাম না।

৬। অন্য যে২ প্রকারে পাণ্ডুলিপির পরিবর্ত্তন করিলাম তাহার সংক্ষেপ এই,—

৭। কোন মোকদ্দমায় এই আইন প্রচলিত হইবার পূর্ব্ব তিন মাসের মধ্যে আপীল অনুসারে ডিক্রী হইয়া থাকিলে, আমাদের বিবেচনায় সেই মোকদ্দমার প্রতি এই আইন বর্ত্তান উচিত নয়।

৮। কোন জজ আপীল গ্রাহ্য কি অগ্রাহ্য করিলেও তাঁহার সেই কার্য্যের কারণ জানাইতে হইবার বিধান করিলাম।

৯। আপীল করিবার অনুমতি প্রার্থনা করিবার সময় কিঞ্চিৎ কমাইয়া দিয়াছি। কিন্তু প্রার্থক অগত্যা কোন কারণে সেই সময়ের মধ্যে প্রার্থনা করিতে না পারিলে, তাহার পরও তাহার প্রার্থনা করিবার অনুমতি দিলাম। ঐ সময়ের হিসাব করিতে গেলে, যে ডিক্রীর উপর আপীল করিবার প্রার্থনা হয় সেই ডিক্রীর নকল পাইতে যত দিন যায় তাহা ঐ সময়ের মধ্যে ধরা যাইবে না।

১০। প্রস্তাবিত আইনমতে আদালত মোকদ্দমার বৃত্তান্ত লিখিলে কিম্বা আপীল করিবার অনুমতি দিলে, যে পক্ষ দ্বিতীয় আপীল প্রার্থনা করেন তাঁহার খরচা দিবার নিয়ম করিতে আদালতের প্রতি অনুমতি দিলাম। যে আজ্ঞাক্রমে ঐ নিয়ম নির্দ্ধার্য্য হয় উল্লিখিত আপীল কি মোকদ্দমা নিষ্পত্তি করণ সময়ে হাই কোর্ট সেই নিয়ম অন্যথা করিতে পারিবেন।

১১। কোন আদালত দ্বিতীয় আপীল হইবার অনুমতি দিলে, অনুমতি দিবার তারিখ অবধি আপীল উপস্থিত করিবার নব্বই দিনের অনধিক কোন সময় নির্দ্ধার্য্য করিবেন, ইহা আমাদের বিবেচনায় উচিত হওয়াতে, ঐ সময়ের পর উক্ত প্রকারের কোন আপীল উপস্থিত করা গেলে ডিসমিস করা যাইবে, এই আদেশ করিলাম।

১২। কোন২ স্থলে শব্দের পরিবর্ত্তন করিলাম, কএকটী উদাহরণও দিলাম। এই প্রকারে পরিবর্ত্তিত হইয়া পাণ্ডুলিপি গ্রাহ্য হইবার পরামর্শ দিলাম। কিন্তু তৎপূর্ব্বে এই রিপোর্টের ও দ্বিতীয় দফার উল্লিখিত পত্রাদির সঙ্গে তাহা পুনরায় প্রকাশ করিবার পরামর্শ দিলাম।

এ হবহৌস।
বি এচ এলিস।
ই সি বেলি।
জান ইঙ্গলিস।
রমানাথ ঠাকুর।

১৮৭৪ সাল ২৩ নবেম্বর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১৫ ডিসেম্বর।

CIVIL APPEALS (BENGAL) BILL, 1874.

CONTENTS.

দেওয়ানী আপীলবিষয়ক বঙ্গদেশীয় ১৮৭৪ সালের পাণ্ডুলিপি।

নির্ঘণ্টপত্র।

A Bill to amend the Law relating to Civil Appeals in the Lower Provinces of the Presidency of Fort William.

[AS AMENDED BY THE SELECT COMMITTEE.]

Preamble.

WHEREAS it is expedient to amend the law relating to appeals in civil suits in the Lower Provinces of the Presidency of Fort William in Bengal; It is hereby enacted as follows:—

Short title.

1. This Act may be called, "The Civil Appeals Act (Bengal), 1874."

Local extent.

It extends only to the territories for the time being subject to the Lieutenant-Governor of the Lower Provinces of Bengal.

Bar of second appeals:

2. No appeal shall lie against any decree or order made by a Judge in the exercise of his appellate jurisdiction, in either of the following cases (namely)—

Where subject does not exceed Rs. 200 in amount or value;

(*a*) When the amount or value of the subject-matter of the suit in which such decree or order has been made does not exceed two hundred rupees, or such less sum as the Local Government may from time to time, by notification in the official Gazette, direct in this behalf for the District or Munsifi in which the suit is brought:

where Court of First Instance and Appellate Court concur.

(*b*) When such decree or order substantially affirms the decree appealed against.

Judge's power to allow appeals.

3. Notwithstanding anything contained in section two, the Judge who personally made any decree or order, may, if he think fit, on the application of any of the parties to the suit allow an appeal therefrom.

Statement of reasons for allowing or disallowing appeal.

4. Whether a Judge allows or disallows an appeal under section three, he shall state in writing his reasons for so doing, and such statement shall form part of the record.

ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বঙ্গ প্রভৃতি দেশে দেওয়ানী মোকদ্দমার আপীল বিষয়ক আইন সংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি।—

[মনোনীত কমিটীরদ্বারা সংশোধিত।]

হেতুবাদ।

ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বঙ্গপ্রভৃতি দেশের দেওয়ানী মোকদ্দমায় আপীল করণবিষয়ক যে আইন আছে তাহা সংশোধন করা বিহিত, এই কারণে নিম্নলিখিত বিধান করা যাইতেছে,—

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "আপীল বিষয়ক বঙ্গদেশীয় ১৮৭৪ সালের আইন" নামে বলা যাইতে পারিবে।

যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

যে সময়ে যে দেশ বঙ্গপ্রভৃতি দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন থাকে কেবল সেই২ দেশে এই আইন প্রচলিত হইবে ইতি।

দ্বিতীয় আপীল হইবার বাধার কথা।

২ ধারা। নিম্নলিখিত কোন স্থলে, কোন জজ সাহেব আপীলী মোকদ্দমা বিচার করিবার ক্ষমতাক্রমে কার্য্য করিয়া যে ডিক্রী কি আজ্ঞা করেন, তাহার উপর আপীল নাই,—

২০০ টাকার কি ২০০ শত টাকা মুল্যের অধিক না হইলে।

(ক) ঐ ডিক্রী কি আজ্ঞা যে মোকদ্দমায় করা গেল. যে বিষয় লইয়া সেই মোকদ্দমা হয় তাহা ২০০ শত টাকার কিম্বা দুই শত টাকা মূল্যের অধিক না হইলে, কিম্বা স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া মোকদ্দমা যে জিলায় কি মুনসেফী যে কাছারীতে উপস্থিত করা যায় তথায় তদপেক্ষা ন্যূন যত টাকা নির্দ্ধার্য্য করেন তত টাকার অধিক না হইলে,

মোকদ্দমা প্রথমে যে আদালতে উপস্থিত করা যায় সেই ও আপীল আদালত একবাক্য হইলে।

(খ) যে ডিক্রীর উপর আপীল হয় তাহা আপীল আদালতের ডিক্রীর কি আজ্ঞার দ্বারা বস্তুতঃ দৃঢ় করা গেলে ইতি।

আপীল করিবার অনুমতি দেওনার্থে জজ সাহেবের ক্ষমতার কথা।

৩ ধারা। যে জজ নিজে কোন ডিক্রী কি আজ্ঞা করেন, মোকদ্দমার অন্যতর পক্ষ তাঁহার নিকট দরখাস্ত করিলে, তিনি উচিত বোধ করিলে আপনার সেই ডিক্রীর কি আজ্ঞার উপর আপীল করিবার অনুমতি দিতে পারিবেন। ২ ধারায় ভাবান্তরের বিধান থাকিলেও অনুমতি দিতে পারিবেন ইতি।

আপীল করিবার অনুমতি দেওনের বা না দেওনের কারণ লিখিবার কথা।

৪ ধারা। কোন জজ ৩ ধারামতে আপীল করিবার অনুমতি দিলে বা না দিলেও, তিনি আপনার সেই কার্য্যের কারণ লিখিয়া রাখিবেন, ও সেই লিপি মোকদ্দমার কাগজপত্রের একাংশ বলিয়া থাকিবে ইতি।

5. Notwithstanding anything contained in section two, the High Court may, if it think fit, on the application of any of the parties to the suit, allow an appeal in any of the following cases:—

Superior Court's power allow appeals.

(*a*) where the importance of the suit to the person seeking to appeal cannot properly be measured in money, and the decree or order sought to be appealed against has substantially varied the decree of the Court of first instance;

Illustrations.

(1). A sues Z for the possession of a family idol of which each claims to be the proper custodian as representing the family. The Munsif decrees in favour of one, the District Judge in favour of the other. To both of them the suit is one the importance of which cannot properly be measured in money. The Court may therefore allow an appeal at the instance of either.

(2). A sues Z for the possession of an idol belonging to A's family. Z has nothing to do with the family, but has got the idol for the value of the materials. The Munsif decrees in favour of one, the District Judge in favour of the other. To A the suit is one the importance of which cannot properly be measured in money, but it is not so to Z. The Court may therefore allow an appeal at the instance of A, but not at the instance of Z.

(3). A sues Z for the possession of a piece of and containing graves of A's ancestors. Z is a stranger to A's family. To A the suit is one the importance of which cannot properly be measured in money, but it is not necessarily so to Z.

(*b*) where any question raised in the suit is of such general importance to the public or of such common interest to a large class of persons as, in the opinion of the High Court, to render an appeal expedient;

Illustrations.

(1). A disputes his liability to pay Rs. 5 claimed on account of a tax levied under the authority of an Act of Council. The question is whether the Act does in fact impose such a tax. This is a question of general importance to the public.

(2). In a like suit the question is whether the law is such as the legislative body which made it has power to make. This is a question of general importance to the public.

(3). A sues Z according to the law of British India. Z pleads that the territory by the law of

৫ ধারা। ২ ধারায় ভাবান্তরের কথা থাকিলেও, মোকদ্দমার অন্যতর পক্ষ দরখাস্ত করিলে হাই কোর্ট নিম্নলিখিত স্থলে উচিত বোধ করিলে আপীল হইবার অনুমতি দিতে পারিবেন।

উপরিস্থ আদালতের আপীল করিবার অনুমতি দেওনের ক্ষমতার কথা।

(ক) যে ব্যক্তি আপীল করিতে চেষ্টা করেন তাঁহার পক্ষে টাকা দ্বারা মোকদ্দমার মূল্য উপযুক্ত মতে নির্ণীত হইতে না পারিলে, ও যে ডিক্রীর উপর আপীল করিতে চেষ্টা হয়, তদ্দ্বারা বাস্তবে প্রথম স্থলের আদালতের ডিক্রী পরিবর্ত্তন হইলে।

উদাহরণ।

(১) আনন্দ ও যদু একি পরিবারের স্থলাভিষিক্ত স্বরূপ পরিবারীয় দেবপ্রতিমার অধ্যক্ষ হওন বিষয়ে আপন২ অধিকার জানাইলে আনন্দ সেই প্রতিমার অধিকার পাইবার নিমিত্ত যদুর নামে নালিশ করে। মুনসেফ এক ব্যক্তির পক্ষে, জিলার জজ সাহেব অন্য ব্যক্তির পক্ষে ডিক্রী করেন। উভয়ের পক্ষে সেই মোকদ্দমার মূল্য টাকাদ্বারা উপযুক্তমতে নির্ণয় হইতে পারে না। অতএব আদালত একতর ব্যক্তির প্রার্থনামতে আপীল হইবার অনুমতি দিতে পারিবেন।

(২) আনন্দ আপন পরিবারের দেবপ্রতিমার অধিকার পাইবার জন্যে যদুর নামে নালিশ করে। ঐ পরিবারের সঙ্গে যদুর সম্পর্ক নাই, কিন্তু যে দ্রব্যে প্রতিমা গঠিত হয় সেই দ্রব্যের মূল্যের নিমিত্ত ঐ প্রতিমা প্রাপ্ত হইয়াছেন। এই মোকদ্দমায় মুনসেফ এক ব্যক্তির পক্ষে, জিলার জজ সাহেব অন্য ব্যক্তির পক্ষে ডিক্রী করেন। আনন্দের পক্ষে সেই মোকদ্দমার মূল্য টাকাদ্বারা উপযুক্তমতে নির্ণয় হইতে পারে না, কিন্তু যদুর পক্ষে তদ্রূপ নয়। অতএব আনন্দের প্রার্থনামতে আদালত আপীল করিবার অনুমতি দিতে পারিবেন, কিন্তু যদুর প্রার্থনামতে পারিবেন না।

(৩) আনন্দ স্বীয় পূর্ব্বপুরুষের সমাধি স্থান বলিয়া এক খণ্ড ভূমির অধিকার পাইবার জন্যে যদুর নামে নালিশ করেন। যদু আনন্দের পরিবারের অপরিচিত লোক। আনন্দের পক্ষে মোকদ্দমার মূল্য টাকাদ্বারা উপযুক্তমতে নির্ণয় করা যাইতে পারে না, কিন্তু যদুর পক্ষে যে নির্ণয় করা যাইতে না পারে এমত নয়।

(খ) মোকদ্দমায় যে প্রশ্ন উত্থাপিত হয় তাহা সাধারণের পক্ষে গুরুতর হওয়াপ্রযুক্ত, কিম্বা বহুতর লোকশ্রেণীর সাধারণ মঙ্গলামঙ্গলজনক হওয়াপ্রযুক্ত হাই কোর্টের বিবেচনায় আপীল করা বিহিত হইলে।

উদাহরণ।

(১) মন্ত্রিসভার প্রণীত কোন আইনের বলে যে টাক্স ধার্য্য হয় সেই টাক্সের নিমিত্ত আনন্দের স্থানে ৫ টাকার দাওয়া হইলে, তিনি সেই দায়ের বিষয়ে আপত্তি করেন। এই মোকদ্দমায় ঐ আইনেতে সেই টাক্স প্রকৃতই ধার্য্য হইল কি না এই প্রশ্ন উত্থাপিত হয়। এই প্রশ্নটি সাধারণের পক্ষে গুরুতর।

(২) তদ্রূপ কোন মোকদ্দমায়, ব্যবস্থাপক যে সভা ঐ আইন প্রণয়ন করিলেন ঐ সভার তদ্রূপ আইন করিবার ক্ষমতা আছে কি না, এই প্রশ্ন উত্থাপিত হয়। এই প্রশ্নটি সাধারণের পক্ষে গুরুতর।

(৩) আনন্দ বৃটনীয় ভারতবর্ষের কোন আইন অনুসারে যদুর নামে নালিশ করেন। যদু এই উত্তর করিলেন

which the rights of the parties are governed is not any part of British India. This is a question of general importance to the public.

(4). A, a ryot contests the claim of Z, a zamíndár, to Rs. 2 enhanced rent. The determination of the issue raised between A and Z will form a case in point for the determination of similar issues between Z and his other ryots, or between neighbouring zamíndárs and their ryost. This is a question of common interest to a large class of persons.

(c) where on the face of the judgment, decree or order sought to be appealed against, there is a manifest error substantially affecting the merits of the case.

Illustration.

On the 1st April 1873, A institutes a suit against B for Rs. 150. The Judge dismisses the suit on the ground that it was barred under Act XIV of 1859. That Act, when the suit was brought, had been repealed, and under the Act which replaced it, the suit was brought in due time. The High Court may allow an appeal from the order dismissing the suit.

(d) where the High Court is satisfied that there has been gross misconduct substantially effecting the decision on the part of the Judge who passed the judgment, decree or order appealed against.

Time for making applications for leave to appeal.

6. Applications under section three, shall be made within a week of the making of the decree or order sought to be appealed against:

Applications under section five, shall be made within forty days of the making of the decree or order sought to be appealed against:

Provided that any application under section three or section five may be admitted after the period of limitation prescribed therefor when the applicant satisfies the Court that he was prevented from making the application within such period by causes beyond his control.

In computing the period of limitation prescribed by this section for applications, the day on which the judgment, decree or order sought to be appealed against was pronounced and the time requisite for obtaining a copy of such judgment, decree or order shall be excluded.

যে দেশের আইনদ্বারা উভয় পক্ষের অধিকারের বিচার করা উচিত সেই দেশটি ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত নয়। এই বিষয়টি সাধারণের পক্ষে গুরুতর।

(৪) যদু নামক কোন জমীদার আনন্দের খাজানা ২ টাকা বৃদ্ধি করিয়া লইতে চাহেন। আনন্দ সেই দাওয়ার বিপক্ষতা করে। এই মোকদ্দমায় বিবাদীয় বিষয়ের যে নিষ্পত্তি হয় তাহা যদুর ও তাঁহার অন্যান্য প্রজার কিম্বা নিকটস্থ অন্য জমীদারদের ও তাঁহাদের প্রজাদের মধ্যে সেই প্রকারের মোকদ্দমার নিষ্পত্তির নজীরস্বরূপ হইবে। অতএব এই বিষয়টি বহুতর লোকশ্রেণীর সাধারণ মঙ্গলামঙ্গলজনক হইতে পারে।

(গ) যে নিষ্পত্তির কি ডিক্রীর কি আজ্ঞার উপর অপীল করিতে চেষ্টা হয়, তন্মধ্যে যাহাতে বাস্তবে মোকদ্দমার দোষ গুণের বৈকল্য হয় এমত ভ্রম স্পষ্টই দেখা গেলে।

উদাহরণ।

আনন্দ ১৮৭৩ সালের আপ্রিল মাসের ১ তারিখে বলরামের নামে ১৫০৲ টাকা দাবীর মোকদ্দমা উপস্থিত করেন। বিচারপতি ১৮৫৯ সালের ১৪ আইন দ্বারা ঐ মোকদ্দমা উপস্থিত করিবার বাধা হইল বলিয়া মোকদ্দমা ডিস্মিস করেন। ফলতঃ মোকদ্দমা যে সময়ে উপস্থিত করা গিয়াছিল ঐ আইন তৎপূর্ব্বে রহিত হইয়াছিল ও তৎপরিবর্ত্তে যে আইন প্রচলিত হইল তদনুসারে মোকদ্দমা উপযুক্ত সময়ের মধ্যে উপস্থিত করা গেল। এই স্থলে ঐ মোকদ্দমা ডিস্মিস করিবার যে আজ্ঞা হইল তাহার উপর হাই কোর্ট আপীল করিবার অনুমতি দিতে পারিবেন।

(ঘ) যে নিষ্পত্তির কি ডিক্রীর কি আজ্ঞার উপর আপীল হয় তাহা যে বিচারপতি করিলেন তাঁহার গুরুতর অহিতাচার প্রযুক্ত বাস্তবে নিষ্পত্তির হানি হইয়াছে হাই কোর্টের হৃদ্বোধমতে এমত বিবেচনা হইলে ইতি।

আপীল করিবার অনুমতি প্রার্থনা করণের মিয়াদের কথা।

৬ ধারা। যে ডিক্রীর কি আজ্ঞার উপর আপীল করিবার প্রার্থনা হয়, তাহা করিবার তারিখঅবধি এক সপ্তাহের মধ্যে ৩ ধারামত দরখাস্ত করিতে হইবে।

৫ ধারামতে যে দরখাস্ত করা যায়, তাহা যে ডিক্রীর কি আজ্ঞার উপর আপীল করিবার প্রার্থনা হয় সেই ডিক্রী কি আজ্ঞা হইবার তারিখ অবধি চল্লিশ দিনের মধ্যে, ঐ দরখাস্ত করিতে হইবে।

কিন্তু দরখাস্তকারির অনিবার্য্য কোন কারণে সেই সময়ের মধ্যে তাঁহার দরখাস্ত করিবার বাধা হইল তিনি আদালতের হৃদ্বোধমতে ইহা জানাইলে, দরখাস্ত করিবার যে মিয়াদ নির্দ্ধারিত হইল সেই মিয়াদ গত হইলেও ৩ কি ৫ ধারামতে কোন দরখাস্ত গ্রাহ্য হইতে পারিবে।

এই ধারায় দরখাস্ত করিবার যে মিয়াদ নির্দ্ধারিত হইয়াছে তাহার হিসাব করিতে গেলে, যে নিষ্পত্তির কি ডিক্রীর কি আজ্ঞার উপর আপীল করিতে চেষ্টা হয় তাহা প্রচার করিবার দিন ও ঐ নিষ্পত্তি কি ডিক্রী কি আজ্ঞার নকল পাইতে যত দিন লাগে, তত দিন ঐ মিয়াদের মধ্যে ধরিতে হইবে না ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ১২ ডিসেম্বর।]

7. Except when prohibited by this Act or by some other rule of law, and subject to the provisions contained in the Bengal Civil Courts Act, 1871, sections twenty-two, twenty-six, and twenty-seven, appeals shall lie as follows:—

Appeals from decrees and orders of Munsifs and Subordinate and District Judges.

(*a*) from decrees and orders of Munsifs to the District Judge;

(*b*) from original decrees and orders of Subordinate Judges to the District Judge, except where the amount or value of the subject-matter of the suit exceeds five thousand rupees, in which case the appeal shall lie to the High Court;

(*c*) from appellate decrees and orders of Subordinate Judges to the High Court, and

(*d*) from all decress and orders of District Judges and Additional Judges, to the High Court.

8. The Court allowing any appeal under this Act shall fix a time within which it shall be presented: provided that the time so fixed shall not exceed ninety days from the date of the order allowing the appeal.

Time within which appeals allowed under this Act shall be presented.

Every such appeal presented after the period of limitation so prescribed therefor shall be dismissed.

9. Except as hereinbefore otherwise provided, all appeals allowed under this Act shall be subject to the rules relating to appeals cantained in the Code of Civil Procedure and in the Indian Limitation Act, 1871.

Rules of Civil Procedure Code and Limitation Act to apply.

10. Any Court to which an application is made under section three, may, in lieu of allowing an appeal as hereinbefore provided, state a case on any point of law arising in the suit, and refer the statement, with its own opinion thereon, for the consideration of the High Court.

Power to state case in lieu of allowing appeal.

The High Court shall have power to hear and determine any case so stated, and shall fix an

৭ ধারা। এই আইনদ্বারা কিম্বা আইনের অন্য কোন বিধিক্রমে নিষিদ্ধ না হইলে, বঙ্গদেশীয় দেওয়ানী আদালত বিষয়ক ১৮৭১ সালের আইনের ২২ ও ২৬ ও ২৭ ধারার বিধান মানিয়া নিম্নলিখিত স্থলে আপীল হইতে পারিবে,—

মুনসেফের ও সবর্ডিনেট জজের ও জিলার জজ সাহেবের ডিক্রির ও আজ্ঞার উপর আপীলের কথা।

(ক) মুনসেফদের ডিক্রীর ও আজ্ঞার উপর জিলার জজ সাহেবের নিকট আপীল হইতে পারিবে।

(খ) সবর্ডিনেট জজেরা আদৌ মোকদ্দমার বিচার করিয়া যে ডিক্রী কি আজ্ঞা করেন তাহার উপর জিলার জজ সাহেবের নিকট আপীল হইতে পারিবে। কিন্তু যে বিষয় লইয়া মোকদ্দমা হয় তাহা কি তাহার মূল্য পাঁচ সহস্র টাকার অধিক হইলে, হাই কোর্টে আপীল হইবে।

(গ) সবর্ডিনেট জজেরা আপীলী মোকদ্দমায় যে ডিক্রী ও আজ্ঞা করেন তাহার উপর হাই কোর্টে আপীল হইতে পারিবে। ও

(ঘ) জিলার জজ সাহেবদের ও আডিশ্যনল জজ সাহেবদের সকল ডিক্রীর ও আজ্ঞার উপর হাই কোর্টে আপীল হইতে পারিবে ইতি।

৮ ধারা। কোন আদালত এই আইনমতে কোন আপীল করিবার অনুমতি দিলে, তাহা যে সময়ের মধ্যে উপস্থিত করিতে হইবে এমত সময়ও নির্দ্ধার্য্য করিবেন। কিন্তু আপীল করিবার অনুমতির আজ্ঞা যে তারিখে করা যায়, সেই তারিখ অবধি নব্বই দিনের অধিক সময় নিদ্ধার্য্য করিতে হইবে না।

এই আইনমতে আপীল করিবার অনুমতি হইলে যে সময়ের মধ্যে তাহা উপস্থিত করিতে হইবে তাহার কথা।

তদ্রূপে নির্দ্ধারিত মিয়াদের পর কোন আপীল উপস্থিত করা গেলে ডিসমিস হইবে ইতি।

৯ ধারা। ইহার পূর্ব্বে কোন ধারায় ভাবান্তরের বিধান না থাকিলে, এই আইনমতে যে সকল আপীল হইবার অনুমতি হয়, দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনে ও মিয়াদবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭১ সালের আইনে আপীলবিষয়ক যেং বিধি আছে তাহা ঐ আপীলের উপর খাটিবে ইতি।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ও মিয়াদ বিষয়ক আইনের বিধি খাটিবার কথা।

১০ ধারা। কোন আদালতের নিকট ৩ ধারামতে দরখাস্ত করা গেলে, ঐ আদালত পূর্ব্বোক্ত বিধানমতে আপীল করিবার অনুমতি না দিয়া, মোকদ্দমায় আইনঘটিত যে কথা উত্থাপিত হইল, তাহা লিখিয়া, তদ্বিষয়ে আপনার মতও লিপিবদ্ধ করিয়া, হাই কোর্টের বিবেচনার্থে ঐ বর্ণনা অর্পণ করিতে পারিবেন।

আপীল করিবার অনুমতি দেওয়ার পরিবর্ত্তে বিষয় ব্যক্ত করিবার ক্ষমতার কথা।

তদ্রূপে যে বর্ণনা ব্যক্ত হয়, হাই কোর্ট তাহা শুনিয়া নির্ণয় করিতে সক্ষম হইবেন। ও তাহা শুনিবার জন্যে

early day for such hearing and cause notice of such day to be placed in the Court house.

অগৌণ কোন দিন নিরূপণ করিয়া হাই কোর্ট ঐ দিনের নোটিস প্রচার করাইবেন।

The parties to the suit may appear and be heard in person or by advocate or vakíl in the High Court.

মোকদ্দমার উভয় পক্ষ নিজে, কিম্বা আডবোকেট কি উকীল দ্বারা উপস্থিত হইয়া হাই কোর্টে আপনারদের কথা জানাইতে পারিবেন।

When a case is referred under this section, the Court referred to may alter, cancel or set aside any order or decree which the Court making the reference may have made in the suit, and may make such order as the Justice of the case may require.

এই ধারামতে কোন বর্ণনা অর্পণ করা গেলে, যে আদালত অর্পণ করেন, তিনি মোকদ্দমায় যে ডিক্রী কি আজ্ঞা করিলেন, যে কোর্টের প্রতি অর্পণ করা যায় তিনি সেই আজ্ঞা কি ডিক্রী পরিবর্ত্তন কি রহিত কি অন্যথা করিয়া ন্যায় বিচারানুযায়ি যে কোন আজ্ঞা প্রয়োজন তাহা করিতে পারিবেন।

When the case has been heard and determined, the High Court shall sent a copy of its judgment under the seal of the Court to the Court by which the statement was made, and such Court shall, on receipt of the copy, dispose of the suit conformably to the decision of the High Court.

মোকদ্দমা শুনিয়া নির্ণয় করা গেলে পর, যে আদালত ঐ বর্ণনা ব্যক্ত করিলেন হাই কোর্ট আপনার নিষ্পত্তির নকলে কোর্টের মোহর দিয়া সেই আদালতে পাঠাইবেন। ঐ আদালত ঐ নকল পাইলে যে কোর্টে প্রশ্ন পাঠাইলেন সেই কোর্টের নিষ্পত্তি অনুসারে মোকদ্দমা নিষ্পত্তি করিবেন ইতি।

Power to impose terms as to costs.

11. Whenever an appeal is allowed under section three or section five, and whenever a case is stated under section ten, the Court allowing the appeal or stating the case, may impose such terms as it thinks fit as to costs or otherwise on the party applying for the appeal.

খরচার বিষয়ে নিয়ম ধার্য্য করিবার ক্ষমতার কথা।

১১ ধারা। ৩ কি ৫ ধারামতে আপীল করিবার অনুমতি দেওয়া গেলে, ও ১০ ধারামতে মোকদ্দমার বর্ণনা লিখিত হইয়া অর্পণ করা গেলে, যে আদালত আপীল হইবার অনুমতি দেন কি বর্ণনা লিখিয়া দেন সেই আদালত আপীল করিবার দরখাস্তকারির উপর খরচ প্রভৃতির যে নিয়ম ধার্য্য করা উচিত বোধ করেন তাহা ধার্য্য করিতে পারিবেন ইতি।

Illustrations.

উদাহরণ।

(*a*). A applies for a second appeal. The Court may put him on the terms of giving security for costs, either before the presentation of the appeal or before its hearing, and under penalty of dismissal of the appeal in case security is not given, as to the Court seems just.

(ক) আনন্দ দ্বিতীয় আপীল হইবার অনুমতি প্রার্থনা করেন। আদালত যেমন বিহিত বোধ করেন তেমনি তাহার পক্ষে আপীল উপস্থিত করিবার, কিম্বা আপীল শুনা যাইবার পূর্ব্বে খরচার জামিন দিবার, ও না দেওয়া গেলে আপীল ডিসমিস হইবার নিয়ম ধার্য্য করিতে পারিবেন।

(*b*). A applies for a second appeal. He has not complied with the decree. The Court may put him on the terms of first complying with the decree.

(খ) আনন্দ দ্বিতীয় আপীল হইবার অনুমতি প্রার্থনা করেন। তিনি ডিক্রী অনুযায়ি কর্ম্ম করিলেন না। আদালত তাহার পক্ষে প্রথমে ডিক্রী অনুযায়ি কর্ম্ম করিবার নিয়ম ধার্য্য করিতে পারিবেন।

(*c*). A sues B and gets a decree which is affirmed on appeal. B applies for a second appeal on the ground that a question of law of public importance is involved. The Court is of opinion that such a question is involved, but that it is hard upon A to make him pay for its decision. It may put B on the terms of paying the costs, or of not receiving costs, or on such other terms as may appear to it to meet the justice of the case.

(গ) আনন্দ বলরামের নামে নালিশ করিয়া ডিক্রী পান। আপীল হইলে সেই ডিক্রী বহাল রাখা গেল। সাধারণের পক্ষে যাহা গুরুতর হইতে পারে আইনঘটিত এমত বিষয় এই মোকদ্দমায় লিপ্ত আছে বলিয়া, বলরাম দ্বিতীয় আপীল হইবার অনুমতি প্রার্থনা করেন। মোকদ্দমায় সেই প্রকারের বিষয় লিপ্ত আছে আদালতও এমত বোধ করেন, কিন্তু আনন্দের শিরে নিষ্পত্তির খরচ দেওয়া কঠিন জ্ঞান করেন। এমন স্থলে বলরামের পক্ষে খরচা দিবার কিম্বা খরচা না লইবার নিয়ম, কিম্বা মোকদ্দমার যথার্থ বিচার বিবেচনায় অন্য যে নিয়ম বিহিত বোধ করেন তাহা ধার্য্য করিতে পারিবেন।

12. Any order made under section eleven may be reversed or modified by the High Court on the decision of the appeal or case therein referred to.

Power to reverse orders under section 11.

Act not to apply to certain appeals and suits.

13. This Act does not apply—

(*a*) to appeals from any decree or order by the High Court or any Judge thereof;

(*b*) to special appeals presented before the passing of this Act; or

(*c*) to suits in which appellate decrees have been made within ninety days before the passing of this Act.

WHITLEY STOKES,
Secy. to the Govt. of India.

১২ ধারা। ১১ ধারামতে যে আজ্ঞা করা যায়, হাই কোর্ট ঐ ধারামত আপীলের কি বর্ণিত মোকদ্দমার নিষ্পত্তি করণ কালে ঐ আজ্ঞা অন্যথা কি মতান্তর করিতে পারিবেন ইতি।

১১ ধারামত আজ্ঞা অন্যথা করিবার ক্ষমতার কথা।

কোনং আপীলের ও মোকদ্দমার প্রতি আইন না খাটিবার কথা।

১৩ ধারা। এই আইন এইং আপীলের প্রতি খাটে না—

(ক) হাই কোর্টের কিম্বা ঐ কোর্টের কোন জজ সাহেবের কোন ডিক্রীর কি আজ্ঞার উপর কোন আপীলের প্রতি।

(খ) এই আইন প্রচলিত হওয়ার পূর্ব্বে যে খাস আপীল উপস্থিত করা যায় তাহার প্রতি।

(গ) যে মোকদ্দমায় আপীল হইয়া এই আইন প্রচলিত হইবার পূর্ব্ব নব্বই দিনের মধ্যে ডিক্রী করা গিয়া থাকে তহার প্রতি ইতি।

উইটলি ষ্টোক্‌স,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

JOHN ROBINSON *Bengalee Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 15, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ১৫ ডিসেম্বর ।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড ।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র ।

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

NOTIFICATION.

LEAVE OF ABSENCE.

The 2nd December 1874.—The unexpired portion of the leave under Section 21, Chapter VI of the Civil Leave Code, granted to Baboo Shib Dass Mookerjee, First Moonsif of Bongong, in the district of Nuddea, by Court's order No. 2137 of the 14th August 1874, is cancelled.

The 7th December 1874.—Moonshee Aminuddeen Mahomed, Moonsif of Satkaneah, in the district of Chittagong, is allowed leave of absence for one month from the date on which he may avail himself of it, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

By order, &c.,
H. J. S. COTTON,
Offg. Registrar.

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE, L.P.

NOVEMBER 1874.

HON'BLE V. H. SCHALCH, C.S.I.

No. 1.

As Circular Order No. 2 of March 1873 appears in some cases to have been misunderstood, District Officers should distinctly understand that receipts from lands declared by Government to be "forest tracts" should be credited to the Forest Department. Receipts from lands of the nature of forest tracts, but not set apart as such, are to be credited to "Miscellaneous *Land* Revenue." Casual and trifling receipts, such as sale of fruits and trees in office compounds, to "Miscellaneous Receipts."

No. 2.

THE following has been added as Clauses 13A, 13B, and 13C, Chapter XXV, Section 1, p. 341, Board's Rules :—

13A.—To meet the expenses contingent on filing appeals in ward's cases, District Officers should submit annually to the Legal Remembrancer an estimate of the probable cost for estates under the Court of Wards, in which litigation is pending, or in which litigation is foreseen in the course of the year estimated for.

13B.—The Legal Remembrancer will, after approving of these estimates, direct the District Officers to remit the required amount to the Bank of Bengal in Calcutta, where it will be placed at the credit of a fund called "The Litigation Fund." Cheques will be drawn by the Legal Remembrancer against this fund from time to time, as money may be required by him.

13C.—A separate account of the amounts debitable to each estate should be kept in the Legal Remembrancer's office, and the District Officer warned when the portion of the fund to the credit of any one of the estates is overdrawn. After the receipt of such warning, funds should be immediately sent.

[*Government Gazette,* 15*th December* 1874.]

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

ছুটী।

১৮৭৪ সাল ২ ডিসেম্বর।—নদীয়া জিলার অন্তর্গত বনগাঁয়ের প্রথম মুনসেফ শ্রীযুত বাবু শিবদাস মুখোপাধ্যায় হাই কোর্টের ১৮৭৪ সালের ১৪ আগস্টের ২১৩৭ নং আজ্ঞাক্রমে সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৭৪ সাল ৭ ডিসেম্বর।—চট্টগ্রাম জিলার অন্তর্গত সাতকনিয়ার মুনসেফ শ্রীযুত মুনশী আমীরুদ্দীন মহম্মদ যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

আজ্ঞাক্রমে,

এচ, জে, এস, কটন,
একটিং রেজিষ্ট্রার।

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭৪ সাল নবেম্বর মাস।

মান্যবর বি, এচ, শক সাহেব, সি, এস, আই।

১ নম্বর।

কোন২ স্থলে ১৮৭৩ সালের মার্চ মাসের ২ নং সরক্যুলর অর্ডরের অর্থ বুঝিতে ভ্রম হইয়াছে দেখা গেল। জিলার কর্ত্তৃপক্ষেরা ইহা স্পষ্টরূপে জানিবেন, গবর্নমেণ্ট যে ভূমি "বনপ্রদেশ" বলিয়া প্রকাশ করিয়াছেন তাহাহইতে টাকা পাওয়া গেলে, বনসংক্রান্ত কর্ম্মবিভাগের হিসাবে সেই টাকা জমা করিয়া লইতে হইবে। যে জমী বনপ্রদেশের তুল্য কিন্তু বনপ্রদেশ বলিয়া পৃথক করিয়া রাখা যায় নাই, তাহা-হইতে যে টাকা পাওয়া যায় তাহা "বিবিধ প্রকারের ভূমির রাজস্বের হিসাবে" জমা করিয়া লইতে হইবে। নানা কার্য্যালয়ের বাগানপ্রভৃতির ফল ও বৃক্ষাদি বিক্রয় হইয়া কদাচিত যে অল্প২ টাকা পাওয়া যায় তাহা বিবিধ প্রকারের জমার মধ্যে লিখিতে হইবে।

২ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ৫২৯ পৃষ্ঠায় ২৫ অধ্যায়ের ১ ধারায় ১৩ক, ১৩খ, ১৩গ, বলিয়া এই তিনটি ধারা সংযোগ করা গেল।

১৩ক।—নাবালগদের মোকদ্দমার আপীল উপস্থিত করিতে হইলে যে খরচ সম্ভাবনা, সেই খরচ শোধ করিবার উপায় করণার্থে জিলার কর্ত্তৃপক্ষদের কর্ত্তব্য এই, বৎসরের খরচের অনুমানপত্র লিখিবার সময়ে, কোর্ট ওয়ার্ডসের অধীন কোন মহালের সম্পর্কে যে মোকদ্দমা উপস্থিত আছে কিম্বা ঐ বৎসরের মধ্যে যে মোকদ্দমা হইবার সম্ভাবনা সেই২ মোকদ্দমায় কত টাকা খরচ হইতে পারে, তাঁহারা বৎসর২ ইহার অনুমানপত্র প্রস্তুত করিয়া লিগল রিমেমব্রানসর সাহেবের নিকট পাঠাইবেন।

১৩ খ।—লিগল রিমেমব্রানসর সাহেব ঐ অনুমানপত্র অনুমোদন করিলে পর, জিলার কর্ত্তৃপক্ষ-দিগকে কলিকাতার বাঙ্গাল ব্যাঙ্কে সেই টাকা পাঠাইতে আজ্ঞা করিবেন। সেই ব্যাঙ্কে "লিটিগেশন ফণ্ড" (অর্থাৎ মোকদ্দমার তহবীল) বলিয়া এক তহবীলের হিসাবে জমা করিয়া লওয়া যাইবে। লিগল রিমেমব্রানসর সাহেব উক্ত কার্য্য সংক্রান্ত টাকা চাহিলে, সময়ে২ সেই তহবীলের নামে চ্যাক দিয়া ঐ টাকা বাহির করিয়া লইবেন।

১৩ গ।—একং মহালের নামে যত টাকা খরচ লেখা যাইবে, লিগল রিমেমব্রানসর সাহেবের আফিসে তাহার স্বতন্ত্র হিসাব রাখিতে হইবে, ও কোন মহালের পক্ষে যত টাকা জমা করিয়া লেখা গিয়াছে তাহার অধিক টাকা খরচ হইলেই জিলার কর্ত্তৃপক্ষ সাহেবকে সেই কথা জানাইতে হইবে। তিনি জানিতে পাইলে আর টাকা ত্বরায় পাঠাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১৫ ডিসেম্বর।]

No. 3.

To obviate the inconvenience which is stated to be often felt by holders of estates for want of a rule providing for the timely notification of tranfers of estates from one district to another, District Officers are requested henceforward invariably to intimate to proprietors or farmers the transfer of their estates from the towjih of one district to that of another. When such transfer is complete, the intimation should be sent by the District Officer from whose district the transfer is made, and a copy should be forwarded to the District Officer receiving the transferred estate for information and guidance.

Such notices should also be served on the proprietors of farmers when tendering revenue at the treasury of the district on the revenue-roll of which they were borne previous to the transfer.

No. 4.

IN order to secure uniformity in the payment of travelling and halting allowance to officers, clerks, &c, employed by Managers of estates under the Court of Wards, the allowances should in future be granted on the scale sanctioned by Government to ministerial officers.

In cases where the salary of the officers is too small, and the allowance in consequence is inadequate, the rate should be calculated on the scale of Rs. 20 per mensem, care being taken that officers on small salaries are not unnecessarily deputed.

HON'BLE V. H. SCHALCH, C.S.I.

A. MONEY, ESQ., C.B.

No. 5.

THE attention of Commissioners and Collectors is drawn to the Resolution of the Government of India in the Financial Department, No. 3461, dated 5th December 1873, published at page 1376 of the *Calcutta Gazette* of the 10th December 1873, which imposes on Commissioners the duty of periodically inspecting all revenue treasuries in supersession of the orders under which such inspections were formerly conducted by the Accountant-General and Deputy Accountant-General. In continuation of this Resolution, the Resolution of the Government of India in the Financial Department, No. 3853, dated 19th June 1874, requires that a Commissioner, when inspecting a district treasury, should especially note the following and similar points—that the boxes in which the money is kept are in good order; that the guard is properly posted; that the treasurer is not allowed to keep too much money in his hands; that the spare stores of bill forms are kept under proper custody; that the Money Order accounts, deposit registers, and pension registers are all up to date; that the standing orders of the department are observed; that the circulars from the Accountant-General are understood and filed to date, and, generally, that the office registers and records are in good order. It should be understood, however, that these instructions are not restrictive. In any case in which a Commissioner finds that the treasury management is not satisfactory, he would necessarily go very much deeper into details in his inspection.

2. Every Collector and every Sub-divisional Officer in charge of a treasury should make a systematic inspection of the working of his treasury once in six months. For want of such inspections, abuses and errors have been found to prevail in treasuries for years, although they were of such a nature that they could not have failed to attract at once the attention of an inspecting officer looking at them from another stand-point than that of "the custom of the office."

3. Collectors should transmit copies of their inspection memorandums to Commissioners for information. No date for this return can be fixed, as it is not desired that the inspection shall be made on any fixed dates.

4. Commissioners should inspect every treasury in their division at least once in two years, the memorandums embodying the result of their inspection being forwarded to the Board, who will pass them on to the Accountant-General of Bengal in original.

[*Government Gazette*, 15*th December* 1874.]

৩ নম্বর।

কোন মহাল এক জিলাহইতে খারিজ হইয়া অন্য জিলায় দাখিল করা গেলে, মহালাদারদিগকে উপযুক্ত সময়মতে সেই কথা জানাইবার বিধি না থাকাতে অনেকবার কষ্ট বোধ হইয়া থাকে। তাহা নিবারণের জন্যে জিলার কর্তৃপক্ষদিগকে এই আজ্ঞা করা গেল, ভূম্যধিকারিদের কি ইজারদারদের মহাল এক জিলার তৌজীহইতে খারিজ হইয়া অন্য জিলার তৌজীতে লেখা গেলে, তাঁহারা সর্ব্বদা ঐ ভূম্যধিকারিদিগকে কি ইজারদারদিগকে ঐ কথা জানাইবেন। খারিজ দাখিলের কার্য্য সমাপ্ত হইলেই যে জিলাহইতে খারিজ করা যায় সেই জিলার কর্তৃপক্ষ ঐ কথার নোটিস দিবেন, ও যাহার জিলায় দাখিল করা যায় সেই কর্তৃপক্ষের জ্ঞান ও উপদেশার্থে তাঁহার নিকটও ঐ নোটিসের নকল পাঠাইবেন।

খারিজ দাখিল হইবার পূর্ব্বে যে জিলার তৌজীতে মহাল লেখা থাকে ভূম্যধিকারিরা কি ইজারদারেরা যে সময়ে সেই জিলার খাজানাখানায় জমা দিতে আইসেন সেই সময়েও তাঁহারদিগকে ঐ নোটিস দেওয়া উচিত।

---

৪ নম্বর।

কোর্ট ওয়ার্ডসের অধীন মহালের কার্য্যাধ্যক্ষদের অধীন যে কর্ম্মকারকেরা ও কেরাণী প্রভৃতি কর্ম্ম করিয়া থাকেন তাহাদের স্থানে২ যাইবার পথ খরচ ও তথায় থাকিবার খরচের একি প্রকারের নিয়ম থাকে, এই কারণে গবর্ণমেণ্ট আমলাগণের সেই খরচ যে হিসাবে দিয়া থাকেন এই অবধি সেই কর্ম্মকারকদের সেই খরচ সেই হিসাবে দেওয়া যাইবে।

কোন কর্ম্মকারকের বেতন অতি অল্প হওয়াতে সেই হিসাবমতে পথখরচ অকুলান হইলে, তাঁহার পক্ষে মাসে ২০ টাকা বেতনের হিসাবে খরচ দেওয়া যাইবে। কিন্তু যে কর্ম্মকারকদের বেতন অল্প, তাহারদিগকে পাঠান আবশ্যক না হইলে তাহারদিগকে পাঠাইতে হইবে না।

মান্যবর বি, এচ, শক সাহেব সি, এস, আই।

শ্রীযুত এ মনি সাহেব, সি, বি।

---

৫ নম্বর।

ফিনান্‌শ্যাল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭৩ সালের ৫ ডিসেম্বরের ৩৫৬১ নম্বরের যে নির্দ্ধারণপত্র ১৮৭৩ সালের ডিসেম্বর মাসের ১০ তারিখের কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় তৎপ্রতি কমিশানর ও কালেক্টর সাহেবদের মনোযোগ করিতে আদেশ হইল। পূর্ব্বে আকৌণ্টেণ্ট জেনরল ও ডেপুটী আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের প্রতি সময়ে২ রাজস্বসংক্রান্ত খাজনাখানার অবস্থা দৃষ্টি করিতে আজ্ঞা ছিল, উক্ত নির্দ্ধারণপত্রক্রমে সেই আজ্ঞা উঠিয়া গেল ও কমিশানর সাহেবদের প্রতি ঐ কর্ম্মের ভারঅর্পণ হইয়াছে। ঐ নির্দ্ধারণপত্র অবলম্বনে ফিনান্‌শ্যাল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭৪ সালের ১৯ জুনের ৩৮৫৩ নং নির্দ্ধারণপত্রে এই২ আজ্ঞা হইয়াছিল, কমিশানর সাহেব জিলার খাজানাখানা দেখিতে গেলে নিম্নলিখিত বিষয় ও সেই প্রকারের অন্য২ বিষয় বিশেষমতে দেখিবেন, অর্থাৎ যে বাক্সে টাকা রাখা যায় তাহা উত্তম থাকে, ও তৈনাতি উপযুক্ত স্থানে২ থাকে, ও খাজাঞ্চী আপন হাতে অতিরিক্ত টাকা রাখিতে না পায়, ও বিল লিখিবার ফার্ম্মের যাহা মৌজুদ আছে তাহা উপযুক্ত ব্যক্তির জিম্মায় থাকে, ও মনিআর্ডর হিসাব ও আমানতের রেজিষ্টর ও পেনশ্যানের রেজিষ্টর এই সকলের হিসাব ঠিক দিনদিনের তারিখ পর্য্যন্ত লেখা থাকে, ও কর্ম্মবিভাগের স্থায়ি সকল আজ্ঞা মানা যায়, ও আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের সকল আজ্ঞা বুঝা যায় ও দিনদিনের তারিখপর্য্যন্ত গাঁথিয়া রাখা যায়, ফলতঃ আফীসের সকল রেজিষ্টর ও কাগজপত্র সুধারামতে রাখা যায়। কিন্তু এই সকল উপদেশ কোন প্রকারে সংকোচার্থক বলিয়া বুঝিতে হইবে না। খাজানাখানার অধ্যক্ষতা কার্য্য হৃদ্বোধমতে চালান যাইতেছে না, কমিশ্যনর সাহেব ইহা দেখিতে পাইলেই পরিদর্শনের কার্য্য আরো সূক্ষ্মরূপে চালাইবেন।

২। প্রত্যেক জন কালেক্টর সাহেব, ও মহকুমার যে কর্তৃপক্ষের প্রতি খাজনাখানা রক্ষার ভার থাকে তিনি নিয়মবদ্ধরূপে ছয়২ মাসান্তর এক বার আপনার খাজানাখানার কর্ম্ম চালাইবার নিয়ম দৃষ্টি করিবেন। তদ্রূপ পরিদর্শন হওয়ার অভাব প্রযুক্ত কোন২ খাজানাখানায় কএক বৎসরাবধি অন্যায় ও ভ্রম চলিয়া আসিতেছে। "আফীসের রীতি" বলিয়া তাহা ধরা যায় না, কিন্তু ঐ ভ্রমাদির ভাব বিবেচনায় পরিদর্শনকারি কোন কার্য্যকারক সেই রীতি না ধরিয়া তাহা দেখিলে অনায়াসে সেই ভ্রম ধরিতে পারিতেন।

৩। কালেক্টর সাহেবেরা পরিদর্শন করিয়া যে মন্তব্য লেখেন, কমিশ্যনর সাহেবদের জ্ঞানার্থে তাহার নকল পাঠাইবেন। তাহা পাঠাইবার কোন তারিখ ধার্য্য হইতে পারে না, কারণ পরিদর্শন করিবার কোন তারিখ নির্দ্ধারিত না করাই ভাল।

৪। কমিশ্যনরেরা দুই বৎসরান্তর ন্যূনকল্পে একবার আপনাদের খণ্ডের অন্তর্গত প্রত্যেক খাজানাখানা দেখিয়া লইবেন। ও দেখিয়া যেং মন্তব্য লিখিয়া থাকেন তাহা বোর্ডে পাঠাইবেন। বোর্ডের সাহেবেরা আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকট সেই আসল পত্র পাঠাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১৫ ডিসেম্বর।]

5. The general rules* for the management of treasuries are contained in the orders marginally noted.

* Pamphlets issued by Accountant-General.

1. Rules for the guidance of treasury officers in the receipt and payment of money, the preparation of accounts in the local treasury, and the submission of accounts and returns to the Accountant-General, issued in 1866.

2. Rules for the management and control of local funds, including the district allotment for local works under the Magistrate, from the amalgamated District Road Fund, prescribed by Accountant-General, Bengal, issued in 1868.

3. Rules for observance by Judges, Magistrates, and other civil officers not in direct account with the Accountant-General in the receipt and payment of money appertaining to their courts or offices, issued in 1872.

4. Rules for sub-divisional treasure chests in Bengal, issued in 1873.

5. Indian Bill rules, issued in 1873.

6. Accountant-General's Circular No. 263, dated 22nd February 1873, promulgating rules for the custody, distribution, and sale of telegraph stamp labels.

7. Rules for the custody, distribution, and sale of postage stamp labels, being Supplement E of the Indian Post Office Manual of February 1873.

8. Inland and overland Money Order rules for the guidance of treasury officers, corrected up to 31st May 1874.

9. Rules for District Savings' Banks (revised), 1874.

Board's Rules.

10. Chapter II, Sections 7 to 12 of the Board's Rules.

11. Chapter XXI, Sections 1 to 6 of the Board's Rules.

6. In connection with the present orders of Government transferring the duty of inspection to Commissioners, the Accountant-General, Bengal, has, under the orders of Government, drawn up the annexed memorandum for the guidance of Commissioners and District Officers during the inspection of treasuries. In addition to what is there indicated, the Board would direct the attention of inspecting officers to the importance of satisfying themselves that the personal assurances which are periodically given by officers in charge of money and stamps are strictly and literally in accordance with fact. In this respect instances of laxity are constantly coming to light. Recently an officer certified that a certain sum (which had actually been paid out) was in his custody in the shape of pice; and in another case, a treasury officer was found to have periodically certified to the effect that he held certificates from the Sub-divisional officers, that they had themselves counted the money in their charge on a certain date and found it to be so much, whereas, in fact, the Sub-divisional officer had not certified to that effect. It is evident that if these personal certificates are not given in strict accordance with fact, not only are they useless, but they are mischievous, as creating an impression of security on the part of the controlling officers for which there is no ground. If in any case the requirement of these personal certificates impose on any officer a duty which practically he cannot perform, the proper course is obviously to point out the difficulty to a superior authority, and not to allow certificates to be submitted which comply with the requirement in form only.

Memorandum.

The Government of India having decided that the ordinary periodical inspection of treasuries shall in future be made by Commissioners instead of by the Accountant-General or his Deputy, the following questions are noted for guidance of inspecting officers as being of importance, with reference to the duties more immediately coming under the notice of the Accountant-General.

2. The Government of India in its latest Resolution (Financial Department, No. 3853, dated 19th June 1874), paragraph 2, enumerates the principal subjects to which the Commissioners' inspection should be directed, and observes that they cannot be expected to go into detail on question of account. Accordingly a few points only are noted on which laxity is frequently observed, where neglect is specially likely to frustrate the check of the Accountant-General's Office, and, where the opinion of an experienced officer is valuable, whether the precautions adopted are really effectual and systematically enforced.

[*Government Gazette*, 15*th December* 1874.]

৫। খাজানাখানার কার্য্য চালাইবার সাধারণ বিধি পার্শ্বলিখিত নানা আজ্ঞাপত্রে * লেখা আছে।

৬। গবর্ণমেণ্টের যে নূতন বিধিক্রমে কমিশ্যনর সাহেবদের প্রতি পরিদর্শন করিবার ভার অর্পণ করা গেল, তৎসম্পর্কে বঙ্গদেশের আকৌণ্টেণ্ট জেনরল সাহেব গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে নিম্নলিখিত স্মারক পত্র প্রস্তুত করিয়াছেন। কমিশ্যনর সাহেবেরা ও জিলার কর্ত্তৃপক্ষেরা খাজানাখানা পরিদর্শন করিতে গেলে, সেই বিধিমতে কার্য্য করিবেন। ঐ বিধিতে যাহা লেখা আছে বোর্ডের সাহেবেরা তদতিরিক্ত পরিদর্শনকারি কার্য্যকারকদিগকে নিম্নলিখিত বিষয়, অর্থাৎ টাকা ও ইষ্টাম্প যে আমলাদের জিম্মায় থাকে তাঁহারা আপনাদের হাতে থাকা টাকা প্রভৃতির বিষয়ে সময়ে২ যাহা কহেন তাহা দৃঢ় ও যথার্থমতে ঠিক হয়, এই বিষয় হৃদ্বোধমতে জানিয়া লইতে যত্নবান থাকিতে আদেশ করেন। এই বিষয়ে বারম্বার কার্য্যের শৈথিল্য দেখা যাইতেছে। সম্প্রতি কোন আমলা শংসিতরূপে কহিলেন যে, কএক টাকার পয়সা আমার জিম্মায় আছে, বাস্তবে তাহা নয়, তিনি সেই সকল পয়সা দিয়া ফেলিয়াছিলেন। অন্য স্থলে কোন খাজাঞ্চী নিরূপিত সময়ান্তরে এই মর্ম্মের সর্টিফিকট দিতেন, যে, আমার জিম্মায় যে টাকা আছে মহকুমার কর্ত্তৃপক্ষ অমুক তারিখে গণিয়া এত টাকা দেখিলেন এই মর্ম্মের সর্টিফিকট আমাকে লিখিয়া দিয়াছেন। বাস্তবে মহকুমার কর্ত্তৃপক্ষ সেই মর্ম্মের সর্টিফিকট দেন নাই। খাজাঞ্চিরা এইরূপ যে সর্টিফিকট দিয়া থাকেন তাহা সত্য না হইলে, কেবল অকর্ম্মণ্য নহে বরং ক্ষতিকর হয় যেহেতুক তত্ত্বাবধায়ী কর্ত্তৃপক্ষদের নিশ্চিন্তের যে ভাব জন্মে তাহা সম্পূর্ণরূপে অমূলক খাজাঞ্চীদের সেইরূপ সর্টিফিকট দেওয়ার আদেশ থাকাপ্রযুক্ত কোনং কর্ত্তৃপক্ষ যাহা করিয়া উঠিতে না পারেন যদি তাঁহার প্রতি এমত ভার অর্পিত হইয়া থাকে তবে উক্ত আদেশানুসারে কেবল দাঁড়ামত সর্টিফিকট দিবার অনুমতি না দিয়া, তদনুসারে কার্য্য করা যে অত্যন্ত কঠিন হইয়াছে উপরিস্থ কার্য্যকারকের নিকট ইহা দেখাইয়া দেওয়া শ্রেয়।

* আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের প্রকাশিত ক্ষুদ্র পুস্তক।

১। খাজানাখানার কার্য্যকারকেরা টাকা পাইলে ও দিলে ও স্থানীয় খাজানাখানার হিসাব প্রস্তুত করিলে, ও আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকট হিসাব ও রিটর্ন পাঠাইলে যে বিধিমতে কর্ম্ম করিবেন, সেই বিধি। ১৮৬৬ সালে প্রকাশ করা গেল।

২। স্থানীয় ফণ্ড সম্পর্কীয় কার্য্যের অধ্যক্ষতা ও তত্ত্বাবধারণ করিবার বিধি। বঙ্গদেশের আকৌণ্টেণ্ট জেনরল সাহেব জিলার মধ্যে পথ প্রস্তুত করিবার সমাহৃত তহবীল হইতে কতক টাকা নানা জিলার মাজিষ্ট্রেটের আজ্ঞাধীন স্থানীয় কর্ম্মের নিমিত্ত নিরূপণ হইবার যে বিধি করিলেন তাহাও ঐ বিধির মধ্যে ধরা গিয়াছে। এই বিধি ১৮৬৮ সালে প্রকাশ হইল।

৩ জজ ও মাজিষ্ট্রেট সাহেবেরা ও দেওয়ানী অন্য যে কার্য্যকারকেরা একেবারে আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকট হিসাব পাঠাইয়া না থাকেন, তাঁহারা আপনাদের আদালতের কি কার্য্যালয়ের সম্পর্কে টাকা পাইলে ও দিলে যে বিধিমতে কার্য্য করিবেন, এই বিধি ১৮৭২ সালে প্রকাশ করা গেল।

৪। বঙ্গদেশের নানা মহকুমার খাজানার বাক্স বিষয়ক বিধি ১৮৭৩ সালে প্রকাশ করা গেল।

৫। ভারতবর্ষীয় বিল বিষয়ক বিধি ১৮৭৩ সালে প্রকাশ করা গেল।

৬। আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের ১৮৭৩ সালের ২২ ফেব্রুআরির ২৬৩ নং সরক্যুলর। এই সরক্যুলরে টেলিগ্রাফ ইষ্টাম্পের টিকিট রাখিবার ও বিলি ও বিক্রয় করিবার বিধি আছে।

৭। ভারতবর্ষীয় পোষ্টআফিস বিষয়ক ১৮৭৩ সালের ফেব্রুআরি মাসের পরিশিষ্ট বিধি। অর্থাৎ ডাকের টিকিট রাখিবার ও বিলি ও বিক্রয় করিবার বিধি।

৮। খাজানাখানার কর্ম্মকারকদের উপদেশার্থে দেশাভ্যন্তরে ও ইঙ্গলণ্ডে প্রেরণীয় মনি আর্ডরের বিধি ১৮৭৪ সালের ৩১ মে পর্য্যন্ত সংশোধন করা গেল।

৯। মফঃসলের সেবিংব্যাঙ্ক বিষয়ে ১৮৭৪ সালের (সংশোধিত) বিধি।

বোর্ডের বিধিপুস্তক।

১০। বোর্ডের বিধিপুস্তকের ২ অধ্যায়ের ৭ অবধি ১২ পর্য্যন্ত পরিচ্ছেদ।

১১। বোর্ডের বিধি পুস্তকের ২১ অধ্যায়ের ১ অবধি ৬ পর্য্যন্ত পরিচ্ছেদ।

স্মারকপত্র।

সময়েং খাজানাখানার পরিদর্শন করার ভার এই অবধি আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের কি তাঁহার ডেপুটীর প্রতি অর্পিত না থাকিয়া কমিশ্যনর সাহেবদের প্রতি অর্পিত হইবে, ভারতবর্ষের গবর্ণমেণ্ট এমত স্থির করাতে, তাঁহারদের কর্ত্তব্য যেং কর্ম্মের বিষয় আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের বিশেষ তত্ত্বাধীন থাকে তৎসম্পর্কীয় নিম্নলিখিত কথা ঐ পরিদর্শনকারি কার্য্যকারকদের পক্ষে গুরুতর বলিয়া লেখা যাইতেছে।

২। কমিশ্যনর সাহেবেরা মুখ্য যেং বিষয়ের তত্ত্ব লইবেন ভারতবর্ষের গবর্ণমেণ্ট ফিনান্‌শ্যাল ডিপার্টমেণ্টের ১৮৭৪ সালের ১৯ জুনের ৩৮৫৩ নম্বরের নির্দ্ধারণপত্রের ২ দফায় তাহা বর্ণনা করিয়া কহিলেন যে, হিসাবের নানা বিষয় লইয়া তাঁহারা যে বিস্তারিতরূপে তত্ত্ব লইতে পারিবেন এমত আশা থাকিতে পারিবে না। অতএব কএকটি বিষয়মাত্র উল্লেখ করা যাইতেছে। বিশেষতঃ আকৌণ্টাণ্ট জেনরল সাহেবের আফিসে হিসাবের চুক নিবারণের জন্যে উপায় করা গেলেও কোনং স্থলে কর্ম্মের শৈথিল্য হওয়াতে সেই উপায় বৃথা হইয়া উঠে, অথচ সেইং বিষয়ে সর্ব্বদা শৈথিল্য দেখা যাইতেছে। এবং চুক নিবারণের যে উপায় করা গিয়াছে তাহা প্রকৃতার্থে সফলজনক কি না, ও তাহা নিয়মিতরূপে প্রবল করা গিয়া থাকে কি না, এইং বিষয়ে বহুকালীন পারদর্শী কর্ত্তৃপক্ষের অভিমত জ্ঞাত হওয়া অত্যন্ত লাভজনক হইতে পারে, ইহা বলিয়া সেইং বিষয়মাত্র উল্লেখ করা যাইতেছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১৫ ডিসেম্বর।]

3. Commissioners should, whenever practicable, acquaint the Accountant-General beforehand with their intention to visit treasuries, in order that they may be informed of any matters requiring special attention.

4. Other subjects will no doubt present themselves, but it is requested that Commissioners will always enquire into the following points, reporting the result to the Accountant-General in the form of which a supply accompanies this memorandum. The questions will be varied from time to time as occasion requires, but care will be taken to make them as few as possible, as they are by no means intended to form an exhaustive list.

Cash and Valuables.

(1) Are the following kept in the actual personal custody of the Treasury Officer:—

One key of each treasure chest.

Ditto ditto store of stamps.

Ditto ditto ditto opium.

Ditto currency chest (where one exists).

Blank forms of Supply Bills.

Ditto ditto Remittance Transfer Receipts.

Ditto ditto Money Orders.

Spare treasure locks and keys.

Currency.

(2) Are precautions taken, and by whom, that the receipt and issue of currency notes, small silver and copper, are as free as consistent with prudence, and that they are made impartially, and that the same system is pursued at sub-treasuries?

Note.—A preference is properly given to *bonâ fide* travellers is cashing foreign circle notes; and any attempt of interested persons to secure a monopoly of any kind of currency should be resisted, and at once reported to the Accountant-General. Where any suspicion exists of partiality or of misunderstanding on the part of the public, a conspicuous notice should be posted in English and Vernacular, stating what exchange facilities can be given.

(3) Are remittances acknowledged promptly, that is, on the day of arrival as well as afterwards when the outturn is reported?

Money Orders.

(4) Are satisfactory precautions taken that no one can get access to the advices of orders payable, except the one clerk responsible for them?

Accounts.

(5) Are the accounts and registers for the Accountant-General written up daily?

(6) Is a complete separation maintained between the Accountant's and Treasurer's Department? And does the Treasury Officer himself agree (*sic*) their accounts at the close of each day?

(7) Are all receipts and payments, and especially those that for any reason occur in an exceptional or irregular manner, brought at once to account? Is the rule strictly enforced at Sub-divisional treasuries?

[*Government Gazette*, 15*th December* 1874.]

৩। কমিশ্যনরেরা যে সময়ে খাজানাখানা দেখিতে যাইবেন তাহার পূর্ব্বে আকৌন্টান্ট জেনরল সাহেবকে তাহা জানাইলে ভাল হয়, তাহা হইলে যে২ বিষয়ে বিশেষ মনোযোগের প্রয়োজন থাকিতে পারে তিনি সেই২ কথা কমিশ্যনরদিগকে জানাইয়া রাখিতে পারিবেন।

৪। কমিশ্যনর সাহেবদের সর্ব্বদাই নিম্নলিখিত বিষয়ের সন্ধান লওয়া প্রয়োজন। তদ্ভিন্নও আর কএকটি বিষয় উপস্থিত হইতে পারে। সেই২ বিষয়ের সন্ধান লইয়া তাঁহারা আকৌন্টান্ট জেনরল সাহেবকে তাহার ফল জানাইবেন। যে পাঠে লিখিয়া জানাইবেন তাহার কএকখানি এই স্মারক-পত্রের সঙ্গে পাঠান যাইতেছে। সেই সকল বিষয়ের প্রশ্ন সময়ে২ প্রয়োজনমতে পরিবর্ত্তন করা যাইতে পারিবে। তাহার সংখ্যা সাধ্যমতে অল্প করিতে চেষ্টা হইবে, কিন্তু তদ্ভিন্ন যে আর কোন বিষয়ের সন্ধান লইবার বাকী না থাকিবে এমত নয়।

নগদ ও বহুমূল্য দ্রব্যাদি বিষয়ক প্রশ্ন।

১। নিম্নলিখিত বিষয় খাজানাখানার কর্ত্তৃপক্ষের নিজ জিম্মায় থাকে কি না,

খাজানা রাখিবার প্রত্যেক সিন্দুকের একং২টি চাবি।

মৌজুদ ইষ্টাম্পের ঐ ঐ ঐ।

আফীনের ঐ ঐ ঐ।

নোটপ্রভৃতি রাখিবার সিন্দুক থাকিলে তাহার চাবি।

সগলোই বিল লিখিবার শাদা পাঠ।

প্রেরণীয় টাকার খারিজদাখিলের রসীদের শাদা পাঠ।

মনি অর্ডরের ... ... ঐ ঐ।

খাজানার অতিরিক্ত তালা ও চাবি।

চলিত মুদ্রা নোটপ্রভৃতি।

(২) সদ্বিবেচনাপূর্ব্বক যত দূর চলিতে পারে তত দূর নোট ও রেজকী মুদ্রা ও পয়সা স্বচ্ছন্দে লইবার ও চালান করিবার উপায় করা গিয়া থাকে কি না, ও কাহারদ্বারা করা যায়, ও পক্ষপাতী না হইয়া সেই কার্য্য চলিতেছে কি না, ও অধীন খাজানাখানায় সেই নিয়ম চলে কি না।

মন্তব্য।—অন্য চক্রের নোট ভাঙ্গাইতে আনা গেলে, যাঁহারা প্রকৃত প্রস্তাবে এক স্থানহইতে অন্য স্থানগামি পথিক তাঁহারদেরই সেই নোট প্রথম ভাঙ্গান যাইবে। স্বার্থপর কোন ব্যক্তি একচেট্যারূপে কোন এক প্রকারের চলিত মুদ্রা লইতে চেষ্টা করিলে, তাহাদের সেই উদ্যোগ নিবারণ করিয়া আকৌন্টেন্ট জেনরল সাহেবের নিকট অগৌণে রিপোর্ট করিতে হইবে। পক্ষপাতিত্বরূপে কার্য্য হইতেছে কিম্বা সাধারণ লোকের বুঝিবার ভ্রম হইল এমত সন্দেহ থাকিলে, যে প্রকারের নোট কি মুদ্র ভাঙ্গাইয়া দেওয়া যাইতে পারিবে ইহার এক নোটিস ইংরাজী ও দেশীয় ভাষায় লিখিয়া টাঙ্গাইয়া দেওয়া যাইবে।

(৩) অন্য স্থানহইতে খাজানা পঁহুছিলে সমুদয় খাজানার রিপোর্ট করণ সময়ে যেমন ঐ টাকা পাওয়ার কথা স্বীকার করা যায়, তেমনি যে দিনে পঁহুছে সেই দিনেই তাহা পাওয়ার কথা স্বীকার করা যায় কি না।

মনি আর্ডর বিষয়ক প্রশ্ন।

(৪) যে আর্ডর অনুসারে টাকা দেওয়া যাইবে সেই আর্ডর দেওয়ার যে জ্ঞাপনপত্র পাঠান গিয়া থাকে তাহার জন্যে একি জন কেরাণী দায়ী আছে, সেই ব্যক্তি ছাড়া আর কোন কাহার হাতে পড়িতে না পারে, ইহার উপযুক্ত উপায় করা গিয়াছে কি না।

হিসাব বিষয়ক প্রশ্ন।

(৫) আকৌন্টেন্ট জেনরল সাহেবের নিমিত্ত যে হিসাব ও রেজিষ্টর লিখিত হয় তাহা প্রতিদিন লেখা গিয়া থাকে কি না।

(৬) হিসাবির ও খাজাঞ্চীর কর্ম্মবিভাগ সম্পূর্ণরূপে পৃথক করিয়া রাখা যাইতেছে কি না, ও প্রতি-দিনের অবসানে খাজানাখানার কর্ত্তৃপক্ষ সাহেব আপনি হিসাব মিলাইয়া দেখেন কি না।

(৭) যত টাকার আয় ও ব্যয় হয় তাহা সকলই, বিশেষতঃ যাহা সামান্যতো কি নিয়মমতে আয়ব্যয় না হয় তাহা,*একেবারে হিসাবে লেখা যাইতেছে কি না। মহকুমার খাজানাখানায়ও সেই বিধি আঁটাআঁটিরূপে প্রবল করা গয়া থাকে কি না।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ১৫ ডিসেম্বর।]

Miscellaneous.

(8) Does the Collector personally consider the three months' estimate sent to the Accountant-General?

(9) Are all references from the Accountant-General answered, or receiving attention?

(10) Are proper precautions taken that every letter received is brought under the personal notice of the Treasury Officer?

A. MONEY, ESQ., C.B.

No. 6.

THE following addition is made to para. 17A of the Land Acquisition Instructions promulgated with Circular Order No. 4 of January 1873:—"And at the time of the award of the Court being declared, he should request the Judge to state the amount of costs incurred in the proceedings, and by what persons and in what proportions they are to be paid."

No. 7.

AFTER the word "things" in the fourth line of Circular Order No. 11 of November 1872, add the words "*minus* the cost of repairs of houses."

[*Government Gazette,* 15*th December* 1874.]

বিবিধ বিষয়ের প্রশ্ন।

(৮) আকৌন্টেন্ট জেনরল সাহেবের নিকট তিনং মাসের যে অনুমানপত্র পাঠান গিয়া থাকে কালেক্টর সাহেব নিজে তাহা বিবেচনা করিয়া দেখেন কি না।

(৯) আকৌন্টেন্ট জেনরল সাহেব যেং কথা জিজ্ঞাসা করেন সেই সমুদয়ের উত্তর দেওয়া গিয়াছে, কিম্বা সকলের প্রতি মনোযোগ হইতেছে কি না।

(১০) যত পত্র পাওয়া যায় খাজানাখানার কর্ত্তৃপক্ষের বিবেচনার নিমিত্ত সকলই তাঁহার সম্মুখে আনা গিয়া থাকে কি না।

শ্রীযুত এ মনি সাহেব, সি, বি।

---

৬ নম্বর।

১৮৭৩ সালের জানুআরি মাসের ৪ নং সরক্যুলর অর্ডরের সহিত ভূমি গ্রহণের উপদেশপত্রের ১৭ক নং যে ধারা প্রচার করা গিয়াছিল, তাহাতে এই পদ সংযোগ করিয়া দিতে হইবে।—এবং আদালতের ফয়সালা প্রকাশ করিবার সময়ে, মোকদ্দমাঘটিত ঐ কার্য্যে যত টাকা খরচ ধরিতে হইবে ও যাহাদের যে হিসাবে ঐ খরচ দিতে হইবে তিনি জজ সাহেবকে সেই কথাও জানাইতে আদেশ করিবেন।

---

৭ নম্বর।

১৮৭২ সালের নবেম্বর মাসের ১১ নং সরক্যুলর অর্ডরের ৫ পংক্তিতে "তাহার মধ্যে" এই কথার পর "ঘরের মেরামত করিবার খরচ ছাড়া" এই কথা সংযোগ করিয়া দিতে হইবে।

JHON ROBINSON, *Bengalee Translator.*

Numb. 1847. ১৮৪৭ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 22, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ২২ ডিসেম্বর।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

HOME DEPARTMENT.

NOTIFICATIONS.—Establishments.

Fort William, the 9th December 1874.

No. 922.—Mr. F. H. Harding, of Her Majesty's Bengal Civil Service, reported his arrival at Calcutta to the Government of Bengal on the 24th ultimo.

No. 924.—Mr. D. Norton, of Her Majesty's Bengal Civil Service, reported his arrival at Calcutta to the Government of Bengal on the 24th ultimo.

The 11th December 1874.

No. 929.—Mr. Harry Lee, of Her Majesty's Bengal Civil Service, reported his arrival at Calcutta to the Government of Bengal on the 25th ultimo.

Arthur Howell,
Secy. to the Govt. of India.

DEPARTMENT OF REVENUE, AGRICULTURE, AND COMMERCE.

NOTIFICATION.—Agriculture, Horticulture, and Famine.

Fort William, the 11th December 1874.

No. 2769.—It is hereby notified for public information that as relief operations in Bengal have now practically closed, no further grants from the Relief Fund will be made by the Central Executive Committee, and they do not desire to receive further subscriptions.

A. O. Hume,
Secy. to the Govt. of India.

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATIONS.—Accounts.

Fort William, the 8th December 1874.

No. 6991.—The following Resolution is published for general information :—

Resolution.—A question has arisen as to the course which should be taken, with reference to the provisions of section 10 of the "Government Savings Bank Act, 1873," by Secretaries to Government and District Savings Banks in dealing with applications from parents for the payment to them of deposits made by them or by persons other than the minors on behalf of their minor children.

2. The Governor-General in Council observes that the word "guardian" in section 10 of the Act referred to means, or at any rate includes, a natural guardian, that is, the father or, at his death, the mother of a minor child; and is pleased to direct that Secretaries of Government and District Savings Banks should be instructed to pay to the father of a minor, or, where the father is not living, to the mother, any deposit made on behalf of a minor child by any person other than the minor himself, if the money is required for the use of the minor.

Ordered, that the foregoing Resolution be communicated to the Governments of Madras and Bombay for information and further orders; to the Comptroller-General; and the Accountants-General, Madras and Bombay, for information; and to the Secretary and Treasurer, Bank of Bengal, for information and guidance.

[*Government Gazette*, 22nd *December* 1874.]

হোম ডিপার্টমেণ্ট।

সিবিলশতাবিষয়ক,—বিজ্ঞাপন।

কোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ৯ ডিসেম্বর।

৯২২ নম্বর।—শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সরবিসের শ্রীযুত এফ, এচ, হার্ডিং সাহেব কলিকাতায় পঁহুছিয়াছেন বলিয়া গত মাসের ২৪ তারিখে বঙ্গদেশের গবর্ণমেণ্টে রিপোর্ট করেন।

৯২৪ নম্বর।—শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত ডি, নর্টন সাহেব কলিকাতায় পঁহুছিয়াছেন বলিয়া গত মাসের ২৪ তারিখে বঙ্গদেশের গবর্ণমেণ্টে রিপোর্ট করেন।

১৮৭৪ সাল ১১ ডিসেম্বর।

৯২৯ নম্বর।—শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত হারি লী সাহেব, কলিকাতায় পঁহুছিয়াছেন বলিয়া গত মাসের ২৪ তারিখে বঙ্গদেশের গবর্ণমেণ্টে রিপোর্ট করেন।

আর্থর হোয়েল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

রাজস্ব, ও কৃষি ও বাণিজ্য সম্পর্কীয় কর্ম্মবিভাগ।

কৃষি ও উদ্যান ও দুর্ভিক্ষ সম্পর্কীয় বিজ্ঞাপন।

কোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ১১ ডিসেম্বর।

২৭৬৯ নম্বর।—বঙ্গদেশের উপকারার্থ কার্য্য বাস্তবিক বন্দ হওয়াতে সদর একসেকিটিব কমিটী উপকারার্থ ফণ্ডহইতে আর টাকা দিবেন না ও উক্ত কমিটী চাঁদাও আর গ্রহণ করিতে ইচ্ছুক নহেন সাধারণের জ্ঞানার্থে এই কথা প্রকাশ করা গেল।

এ, ও, হিউম,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

ফিনান্‌শ্যল ডিপার্টমেণ্ট।

হিসাববিষয়ক।—বিজ্ঞাপন।

কোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ৮ ডিসেম্বর।

৬৯৯১ নম্বর।—নিম্নলিখিত নির্দ্ধারণপত্র সাধারণের জানিবার নিমিত্ত প্রকাশ করা গেল।—

নির্দ্ধারণ।—গবর্ণমেণ্টের সেবিংব্যাঙ্ক বিষয়ক ১৮৭৩ সালের আইনের ১০ ধারার বিধানের উপলক্ষে গবর্ণমেণ্টের ও মফঃসলের সেবিংব্যাঙ্কের সেক্রেটরীরা এই কথা জিজ্ঞাসা করিয়াছেন, পিতামাতা কিম্বা অন্য কোন ব্যক্তি বালক কি বালিকাদের নিমিত্ত যে টাকা জমা করিয়া দেন, পিতামাতা সেই টাকা বাহির করিয়া লইতে চাহিলে, আমাদের কি করা উচিত।

২। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরণর জেনরল সাহেব কহিলেন, ঐ আইনের ১০ ধারায় অভিভাবক যে শব্দের উল্লেখ হইয়াছে সেই শব্দে স্বাভাবিক রক্ষক অর্থাৎ বালক কি বালিকার পিতা ও তাঁহার অভাবে মাতা বুঝায়, অন্ততঃ ঐ শব্দে পিতা কি মাতাও গণ্য হয়। আরও তিনি আজ্ঞা করিয়াছেন যে বালক কি বালিকা ছাড়া কোন ব্যক্তি ঐ বালকের কি বালিকার নিমিত্ত টাকা জমা করিয়া দিলে, যদি ঐ বালকের কি বালিকার প্রয়োজনের নিমিত্তে ঐ টাকা বাহির করিয়া লওয়া আবশ্যক হয় তবে গবর্ণমেণ্টের ও মফঃসলের সেবিংব্যাঙ্কের সেক্রেটরীদের প্রতি পিতাকে ও পিতা অভাবে মাতাকে ঐ টাকা দিবার আদেশ থাকিবে।

পূর্ব্বোক্ত নির্দ্ধারণপত্র বোম্বাইয়ের ও মান্দ্রাজের গবর্ণমেণ্টের জ্ঞানার্থে ও তাহাদের অধীন আজ্ঞা প্রচার করণার্থে তাঁহারদের নিকট, এবং বোম্বাইয়ের ও মান্দ্রাজের কনট্রোলর জেনরল সাহেবের ও আকোণ্টেণ্ট জেনরল সাহেবদের জ্ঞানার্থে, ও বাঙ্গাল ব্যাঙ্কের সেক্রেটরী ও ট্রেজরর সাহেবের জ্ঞান ও উপদেশার্থে পাঠাইবার আজ্ঞা হইল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ২২ ডিসেম্বর।]

Fort William, the 9th December 1874.

No. 7120.—Mr. C. J. Rivett-Carnac, of the Financial Department, passed the departmental examination by by the higher standard on the 18th ultimo. On the same date Messrs. F. J. Atkinson, C. E. Crawley, H. G. H. Keene, H. J. Brereton, Isan Chundra Bosu, M. A., and J. W. McNair, of the Financial Department, passed the departmental examination by the lower standard.

The 10th December 1874.

No. 7145.—Mr. R. B. Chapman returned from furlough on the 5th instant, and received charge of the Office of Secretary to the Government of India, in the Financial Department, from Mr. E. F. Harrison on the forenoon of the 9th idem.

Mr. E. F. Harrison resumed charge of the Offices of Comptroller General and Head Commissioner of Paper Currency on the forenoon of the 9th instant.

The 11th December 1874.

No. 7146.—Mr. H. A. Mangles is allowed privilege leave for one month and five days, with effect from the 3rd instant.

PENSIONS AND GRATUITIES.

The 11th December 1874.

No. 7091.—The Governor-General in Council directs that the following section be added to Supplement A to the Civil Pension Code :—

Section 9.—A native member of the covenanted civil service who, under the rules of the civil fund of the service of the presidency to which he belongs, is precluded from subscribing to the fund for pensions to his widow and children, may be allowed to pay to Government subscriptions calculated at the same rates and under the same rules as are applicable to his European colleagues appointed to the service under the same conditions as himself. In consideration of such payments, every such member and his family shall be allowed by Government the same benefits that are enjoyed by subscribers to the Bengal Civil Fund and their families. Provided always that subscriptions shall not be received on behalf of a wife married in the lifetime of another wife or on behalf of a child born of a wife married in the lifetime of another wife, and that such wife and child shall not receive any allowance from Government.

R. B. CHAPMAN,
Secy. to the Govt. of India.

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATION.—ESTABLISHMENT.

Fort William, the 10th December 1874.

No. 653.—Lieutenant-Colonel F. S. Taylor, R.E. Consulting Engineer to the Government of India for Guaranteed Railways, Calcutta, returned from the privilege leave granted him in Public Works Department Notification No. 589, dated 30th October 1874, and resumed charge of his duties on the afternoon of the 21st November 1874.

The 11th December 1874.

No. 655.—Mr. J. Macpherson, Assistant Controller, 2nd Grade, on probation, joined his appointment in the Office of the Accountant-General, Public Works Deparment, on the forenoon of the 9th December.

C. H. DICKENS, *Col., R. A.,*
Secy. to the Govt. of India.

[*Government Gazette,* 22*nd December* 1874.]

১৮৭৪ সাল ৯ ডিসেম্বর।

৭১২০ নম্বর।—ফিনানশ্যাল ডিপার্টমেণ্টের শ্রীযুত সি, জে, রিবেট কার্ণাক সাহেব, গত মাসের ১৮ তারিখে কার্য্যবিভাগসংক্রান্ত উচ্চতর কক্ষির পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন। ঐ তারিখে ফিনানশ্যাল ডিপার্টমেণ্টের শ্রীযুত এফ, জে, আটকিন্সন সাহেব, ও শ্রীযুত সি, ই, কলি সাহেব, ও শ্রীযুত এচ, জি, এচ, কীন সাহেব, ও শ্রীযুত এচ, জে, ব্রিরটন সাহেব, ও শ্রীযুত ঈশানচন্দ্র বসু, এম, এ, ও শ্রীযুত জে, ডবলিউ, মাকনের সাহেব কার্য্যবিভাগসংক্রান্ত নিম্নতর কক্ষির পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন।

১৮৭৪ সাল ১০ ডিসেম্বর।

৭১৪৫ নম্বর।—শ্রীযুত আর, বি, চাপমন সাহেব এই মাসের ৫ তারিখে নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করিয়া এই মাসের ৯ তারিখের পূর্ব্বাহ্ণে শ্রীযুত ই, এফ, হারিসন সাহেবের স্থানে ফিনানশ্যাল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরীর কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

শ্রীযুত ই এফ, হারিসন সাহেব এই মাসের ৯ তারিখের পূর্ব্বাহ্ণে কন্‌ট্রোলর জেনরলের ও নোট প্রচলন কার্য্যের প্রধান কমিশ্যনরের কর্ম্মের ভার পুনঃ গ্রহণ করিলেন।

১৮৭৪ সাল ১১ ডিসেম্বর।

৭১৪৬ নম্বর।—শ্রীযুত এচ, এ, মাক্লেন সাহেব এই মাসের ৩ তারিখ অবধি এক মাস পাঁচ দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

পেনশ্যন ও পারিতোষিক বিষয়ক।

১৮৭৪ সাল ১১ ডিসেম্বর।

৭০৯১ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সিবিল কার্য্যকারকদের পেনশ্যন বিষয়ক বিধির A চিহ্নিত পরিশিষ্ট বিধিতে নিম্নলিখিত ধারা সংযোগ করিয়া দিতে আজ্ঞা করিয়াছেন।

১ ধারা। চিহ্নিত সিবিল সরবিসের এদেশীয় কোন ব্যক্তি যে রাজধানীর অধীনে কর্ম্ম করিয়া থাকেন, সেই রাজধানীর সিবিল ফণ্ডের বিধিমতে আপনার স্ত্রী সন্তানাদির নিমিত্ত পেনশ্যন ফণ্ডে চাঁদা দিতে না পারিলেও তিনি যে নিয়মানুসারে যে সরবিসে নিযুক্ত হন সেই নিয়মানুযায়ি সেই সরবিসে তাঁহার ইউরোপীয় সহকর্ম্মকারকেরা যে হিসাবে ও যে বিধিমতে চাঁদা দিয়া থাকেন, তিনিও সেই হিসাবে গবর্ণমেণ্টে চাঁদা দিতে পারিবেন ও তাঁহার প্রতি সেই বিধি খাটিবে। বাঙ্গাল সিবিল ফণ্ডে যাঁহারা চাঁদা দিয়া থাকেন তাঁহারা ও তাঁহাদের পরিবারের লোকেরা যে উপকার প্রাপ্ত হন, এদেশীয় ব্যক্তি উক্ত প্রকারে চাঁদা দিলে গবর্ণমেণ্ট তাঁহার প্রতি ও তাঁহার পরিবারীয় লোকদের প্রতি সেই লভ্য ভোগের অনুমতি দিবেন। পরন্তু এক স্ত্রীর বিদ্যমানে অন্য স্ত্রীকে বিবাহ করিলে তাঁহার নিমিত্তে, কিম্বা এক স্ত্রীর বিদ্যমানে অন্য স্ত্রীকে বিবাহ করিয়া যে সন্তান হয় তাহার নিমিত্তে চাঁদা গ্রাহ্য হইবে না ও ঐ স্ত্রী ও সন্তান গবর্ণমেণ্টহইতে পেনশ্যন পাইতে পারিবেন না।

আর, বি, চাপমান,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশতা বিষয়ক বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৭৪ সাল ১০ ডিসেম্বর।

৬৫৩ নম্বর।—কলিকাতার গারাণ্টিড রেলওয়ের পক্ষে ভারতবর্ষের গবর্ণমেণ্টের কনসলটিং ইঞ্জিনিয়র লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত এফ, এস, টেনর সাহেব, আর, ই, পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৪ সালের ৩০ অকটোবরের ৫৮৯ নং বিজ্ঞাপনমতে যে অনুগ্রহের ছুটী পান তাহাহইতে প্রত্যাগমন করিয়া ১৮৭৪ সালের নবেম্বর মাসের ২১ তারিখের অপরাহ্ণে আপন কর্ম্ম পুনর্গ্রহণ করিলেন।

১৮৭৪ সাল ১১ ডিসেম্বর।

৬১৫ নম্বর।—পরীক্ষার্থে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট কন্‌ট্রোলর শ্রীযুত জে, মাকফরসন সাহেব ডিসেম্বর মাসের ৯ তারিখের পূর্ব্বাহ্ণে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে আকৌণ্টাণ্ট জেনরলের কার্য্যালয়ে স্বীয় কর্ম্ম গ্রহণ করিলেন।

সি, এচ, ডিকিন্স, কর্ণেল, আর, এ,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

৪২০ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—নিম্নলিখিত কার্য্যকারকেরা সোণহইতে গণ্ডক চক্রে প্রেরিত হইলেন।

প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু কেদার নাথ দাস।
দ্বিতীয় শ্রেণীর ঐ ঐ ,, সি, বি, এস কটন সাহেব।
তৃতীয় শ্রেণীর ঐ ঐ ,, ই, আর, হগান সাহেব।

রাজকীয় কার্য্যের নিমিত্তে উপরোক্ত স্থানান্তরে নিয়োগ করা গেল।

৩২১ নম্বর।—অবস্থিতির কথা।—কুপর্স হিল কালেজের পরীক্ষোত্তীর্ণ নিম্নলিখিত ছাত্রেরা যমুনা নামক সৈন্য জাহাজে বোম্বাইয়ে পঁহুছিয়া নিম্নলিখিত মতে অবস্থিত হইলেন।

শ্রীযুত ডব্লিউ, এ, ইঙ্গলিস সাহেব,
,, ডি, বি, হরনু সাহেব,
} দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র হইয়া সোণ চক্রে অবস্থিত হইলেন।

জলসেচন সম্পর্কীয়।

৪২২ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ দ্বিতীয় শ্রেণীর চৌকীর নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভুমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহাবাদ জিলার অন্তর্গত ভজপুর পরগণার থেকশী মৌজায় পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখা কর্ত্তৃক চিহ্নিত বক্সার খালের ৩৭ মাইলের ৪১ অবধি ৪৬ চেইনে যে ভুমি লওয়া গিয়াছে তাহার প্রায় ১৫০০ ফুট পশ্চিমে স্থিত ন্যূনাধিক ২ একর ১।। পোল পরিমিত এক খণ্ড ভুমির প্রয়োজন।

রবিবার ও নিয়মিত বন্দের দিন ভিন্ন প্রতি দিন পূর্ব্বাহ্নু বেলা ১০ ঘণ্টা অবধি অপরাহ্ন বেলা ৪ ঘণ্টার মধ্য কোন সময়ে বক্সারে বক্সার খণ্ডের একসেকিটিব ইঞ্জিনিয়রের কার্য্যালয়ে উক্ত ভুমি খণ্ডের নকশা দেখা যাইতে পারিবে।

উক্ত ভুমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে জলসেচন শাখায় বঙ্গদেশের গবর্ণমেণ্টের
একটিং জাইণ্ট সেক্রেটরীর পরিবর্ত্তে,
জি, এ, সেরল, লেপ্টেনেণ্ট কর্ণেল এস, সি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ২২ ডিসেম্বর।]

Report of leave granted to Rural Sub-Registrars named below and the temporary appointments made for carrying on their work during the months of August, September, October, and November last.

Name of Sub-Registrar on leave.	Name of the Sub-Registrar appointed	Nature and period of leave.	Date of making over charge.	REMARKS.
Moulvi Araf-ur-Rohman, Sub-Registrar of Chundagaon.	Moulvi Fazal Islam, Officiating Sub-Registrar.	Sick leave for three months.	15th August 1874.	
Moulvi Haidar Hossun, Sub-Registrar of Mantessur.	None ...	Casual leave for four days	10th September 1874..	The Sub-Registrar was summoned to attend the Judge's Court, Burdwan.
Baboo Durga Charan Ghose, Sub-Registrar of Sorupkati.	Baboo Komal Churn Ghose, Officiating Sub-Registrar.	Leave on private affairs for seven days.	7th October 1874.	
Moulvi Kasim-ul-din, Sub-Registrar of Morreilgunge	Munshi Hamiduddin Mohammad, Second Clerk, Jessore Registry Office.	Leave on private affairs for one month	15th October 1874.	
Baboo Jadunath Upadhyay, Sub-Registrar of Hajipore.	Baboo Sheo Gobinda Behari Sing, Sub-Registrar's Head Clerk.	Leave on private affairs for one month.	24th October 1874.	
Baboo Kalachand Chatterjea, Sub Registrar of Dhakan	Baboo Ramgati Banerjea, Sudder Registry Head Clerk.	Leave on private affairs for six days.	27th October 1874.	
Baboo Prankrishna Datta, Sub-Registrar of Salhar.	None ...	Leave for two weeks on private affairs.	27th October 1874...	The work of the Sub-Registry office was carried on at the sudder station during the Sub-Registrar's absence
Baboo Krishtonath Banerjee, Sub-Registrar of Satkhira	Baboo Koylash Chunder Chuckerbutty, Registry Head Clerk.	Leave for one week on private affairs.	27th October 1874.	
Munshi Abd-ul-Aziz, Sub-Registrar of Bhatiari.	Baboo Taruk Chandra Das, Officiating Fifth Clerk, Sudder Registry Office.	Leave on private affairs for eight days.	5th November 1874.	
Moulvi Muhammad Hafiz, Sub-Registrar of Nalchitti	Baboo Bonomali Rai, Sudder Registry Office Head Clerk.	Leave on private affairs for one month.	15th November 1874.	
Syad Waliullah, Sub-Registrar of Brahmanberea.	Baboo Bhugwan Chandra Bose, Deputy Collector.	Leave on private affairs for fifteen days	1st October 1874.	

T. F. BIGNOLD,
Offg. Inspector-General of Registration.

CALCUTTA, the 1st December 1874.

[*Government Gazette, 22nd December* 1874.]

নিম্নলিখিত গ্রামা সব-রেজিষ্ট্রারদের ছুটী ও আগষ্ট ও সেপ্টেম্বর ও অক্টোবর ও নবেম্বর মাসে তাঁহাদের কর্ম্ম চালাওনের কিয়ৎকালীন নিয়মবিষয়ক রিপোর্ট।

ছুটিপ্রাপ্ত সব-রেজিষ্ট্রারের নাম।	নিযুক্ত সব-রেজিষ্ট্রারের নাম।	যে প্রকারের ও যত কালের ছুটী।	কর্ম্মের ভার অর্পণ করিবার তারিখ।	মন্তব্য।
চৌদ্দগাঁয়ের সব-রেজিষ্ট্রার শ্রীযুত মৌলবী আবদর রহমান।	একটিং সব-রেজিষ্ট্রার শ্রীযুত মৌলবী ফজল ইসলাম।	পীড়াপ্রযুক্ত তিন মাস ছুটী।	১৮৭৪ সাল ১৫ আগষ্ট।	
মহেশ্বরের সব-রেজিষ্ট্রার শ্রীযুত মৌলবী হয়দর হুসেন।	কেহ নাই ...	চারি দিন ছুটী	১৮৭৪ সাল ১০ সেপ্টেম্বর।	সব-রেজিষ্ট্রারের নামে বৰ্দ্ধমানের জজের আদালতে উপস্থিত হইবার সমন হইয়াছিল।
স্বরূপকাটির সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু দুর্গাচরণ ঘোষ।	একটিং সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু কমলচরণ ঘোষ।	নিজ প্রয়োজনার্থে সাত দিন ছুটী।	১৮৭৪ সাল ৭ অক্টোবর।	
ষশোহরের সব-রেজিষ্ট্রার শ্রীযুত মৌলবী কাসিমুদ্দিন।	যশোহরের রেজিষ্টরী আফিসের দ্বিতীয় কেরাণী শ্রীযুত মুনসী হামিদুদ্দীন মহম্মদ।	নিজ প্রয়োজনার্থে এক মাস ছুটী।	১৮৭৪ সাল ১৫ অক্টোবর।	
কাকপুরের সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু যদুনাথ উপাধ্যায়।	সব-রেজিষ্ট্রারের প্রধান কেরাণী শ্রীযুত বাবু শিবগোবিন্দ বিহারি সিংহ।	নিজ প্রয়োজনার্থে এক মাস ছুটী।	১৮৭৪ সাল ২৪ অক্টোবর।	
মুন্সিগঞ্জের সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু কালাচাঁদ চট্টোপাধ্যায়।	সদর রেজিষ্টরী আফিসের প্রধান কেরাণী শ্রীযুত বাবু রামগতি বন্দ্যোপাধ্যায়।	নিজ প্রয়োজনার্থে ছয় দিন ছুটী।	১৮৭৪ সাল ২৭ অক্টোবর।	
নড়াইলের সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ দত্ত।	কেহ নাই ...	নিজ প্রয়োজনার্থে দুই সপ্তাহ ছুটী।	১৮৭৪ সাল ২৭ অক্টোবর	সব-রেজিষ্ট্রারের অনুপস্থিত কালে সদর মোকামের সব-রেজিষ্টরী আফিসে কার্য্য চালান হয়।
সাতক্ষীরার সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু কৃষ্ণনাথ বন্দ্যোপাধ্যায়।	রেজিষ্টরী আফিসের প্রধান কেরাণী শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র চক্রবর্ত্তী	নিজ প্রয়োজনার্থে এক সপ্তাহ ছুটী।	১৮৭৪ সাল ২৭ অক্টোবর।	
ভটিয়ারির সব-রেজিষ্ট্রার শ্রীযুত মুনসী আবদুল আজীজ।	সদর-সব-রেজিষ্টরী আফিসের একটিং পঞ্চম কেরাণী শ্রীযুত বাবু তারকচন্দ্র দাস।	নিজ প্রয়োজনার্থে আট দিন ছুটী।	১৮৭৪ সাল ৫ নবেম্বর।	
মলচিটির সব-রেজিষ্ট্রার শ্রীযুত মৌলবী মহম্মদ হাফিজ।	সদর-সব-রেজিষ্টরী আফিসের প্রধান কেরাণী শ্রীযুত বাবু বনমালী রায়।	নিজ প্রয়োজনার্থে এক মাস ছুটী।	১৮৭৪ সাল ১৫ নবেম্বর।	
ব্রাহ্মণবাড়িয়ার সব-রেজিষ্ট্রার শ্রীযুত সৈয়দ ওয়ালীউল্লা।	ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভগবানচন্দ্র বসু।	নিজ প্রয়োজনার্থে পনের দিন ছুটী।	১৮৭৪ সাল ১ অক্টোবর	

টি, এফ, বিগনলড,
রেজিষ্টরী করণকার্য্যের একটিং ইনস্পেক্টর জেনরল।

১৮৭৪ সাল ১ ডিসেম্বর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ২২ ডিসেম্বর।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 22, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ২২ ডিসেম্বর ।

PART III.

Acts of the Legislative Council of India.

তৃতীয় খণ্ড ।

ভারতবর্ষের মন্ত্রিসভার আইন ।

GOVERNMENT OF INDIA.

LEGISLATIVE DEPARTMENT.

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 8th December 1874, and is hereby promulgated for general information:—

ACT No. XIV OF 1874.

An Act to ascertain the enactments in force in various parts of British India, and for other purposes.

Preamble.

WHEREAS various parts of British India have never been brought within, or have from time to time been removed from, the operation of the general Acts and Regulations and the jurisdiction of the ordinary Courts of Judicature;

And whereas doubts have arisen in some cases as to which Acts or Regulations are in force in such parts, and in other cases as to what are the boundaries of such parts: And whereas among such parts are the territories specified in the first schedule hereto annexed, and it is expedient to provide readier means than now exist for ascertaining the

ভারতবর্ষের গবর্ণমেণ্ট ।

ব্যবস্থাপক কর্ম্মবিভাগ ।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের এই আইন, ১৮৭৪ সালের ডিসেম্বর মাসের ৮ তারিখে মহিমবর শ্রীযুত গবরনর জেনরল সাহেবকর্ত্তৃক অনুমোদিত হওয়াতে সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে ।

১৮৭৪ সালের ১৪ আইন ।

ব্রিটনীয় ভারতবর্ষের নানা স্থানে যে২ আইন প্রচলিত আছে তাহা নির্দ্দিষ্ট করণার্থ ও অন্যান্য কার্য্যার্থ আইন ।

হেতুবাদ ।

ব্রিটনীয় ভারতবর্ষের নানা স্থান কখনই সাধারণ আইনের ও আকটের বিধানের ও সাধারণ আদালতের বিচারাধিপত্যের অধীন করা যায় নাই, অন্যান্য স্থান সময়ে২ সেই২ বিধানের ও বিচারাধিপত্যের বহির্ভূত করা গিয়াছে,—

স্থলবিশেষে সেই২ স্থানে কোন্২ আইন কি আকট প্রবল আছে, স্থলান্তরে সেই২ স্থানের সীমা বা কি, এই২ বিষয়ের সন্দেহ হইয়াছে । আরো এই আইনের প্রথম তফসীলে যে২ প্রদেশের নাম লেখা আছে, সেই২ প্রদেশ উক্ত কএক স্থানের মধ্যেই আছে, অতএব উক্ত প্রদেশে যে২ আইন প্রবল আছে তাহা, ও সেইং স্থানের সীমা নিরূপণ করিবার, ও তথায় আইনঅনুসারে কর্ম্ম

enactments in force in such territories and the boundaries thereof, and for administering the law therein:

And whereas it is expedient to declare that certain Acts are in force in a tract of land lying between the Railway Station at Satná and the eastern boundary of the Jabalpur Division;

It is hereby enacted as follows:—

Short title.

1. This Act may be called "The Scheduled Districts Act, 1874:"

Local extent.

This Act extends in the first instance to the whole of British India other than the territories mentioned in the first schedule hereto annexed, and it shall come into force in each of the Scheduled Districts on the issue of a notification under section three relating to such District.

Interpretation-clause.

In this Act the term "Scheduled Districts" means the territories mentioned in the first schedule hereto annexed; and, from the date fixed in the resolution next hereinafter mentioned, it shall also include any other territory to which the Secretary of State for India, by resolution in Council, may declare the provisions of the thirty-third of Victoria, chapter three, section one, to be applicable.

Repeal of enactments.

2. The enactments mentioned in the second schedule hereto annexed shall be repealed.

Notification of enactments in force in Scheduled Districts.

3. The Local Government, with the previous sanction of the Governor General in Council, may from time to time, by notification in the *Gazette of India* and also in the local Gazette, (if any)

(*a*) declare what enactments are actually in force in any of the Scheduled Districts, or in any part of any such District,

(*b*) declare of any enactment that it is not actually in force in any of the said Districts or in any part of any such District,

(*c*) correct any mistake of fact in any notification issued under this section:

Provided that a declaration once made under clause (*a*) or clause (*b*) of this section shall not be altered by any subsequent declaration other than a declaration under clause (*c*) of this section.

Effect of notification under section 3.

4. On the issue, under section three, of a notification declaring what enactments are in force, or not in force, in any Scheduled District, the enactments so noti-

সম্পাদন করিবার যেং উপায় আছে, তদপেক্ষা সহজ উপায়ের বিধান করা বিহিত।

আরও সটনার রেলওয়ে স্টেশনের ও জবলপুর খণ্ডের পুর্ব্ব সীমার মধ্যে যে প্রদেশ আছে, সেই প্রদেশের মধ্যে কোনং আইন যে প্রবল আছে ইহার আজ্ঞা করা বিহিত,

এইহেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "তফসীলে লেখা প্রদেশ বিষয়ক ১৮৭৪ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

যত দূর ব্যাপ্ত হয় তাহার কথা।

এই আইনের প্রথম তফসীলে যেং প্রদেশের নাম লেখা আছে, এই আইন আদৌ সেইং প্রদেশ ছাড়া ব্রিটনীয় ভারতবর্ষের সমস্ত দেশে ব্যাপ্ত হইবে, এবং তফসীলে লেখা কোন প্রদেশ সম্পর্কে ৩ ধারামত জ্ঞাপনপত্র প্রকাশ হইলে, সেই প্রদেশেও প্রবল করা যাইবে।

অর্থ করণের ধারা।

এই আইনে "তফসীলে লেখা প্রদেশ" এই কথায় এই আইনের প্রথম তফসীলে লেখা প্রদেশ বুঝাইবে। এবং ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব মন্ত্রিসভায় নির্দ্ধারণ করিয়া অন্য যে প্রদেশে বিক্টরিয়ার ৩৩ বৎসরের আইনের ৩ অধ্যায়ের ১ ধারা খাটে বলিয়া নির্দ্ধার্য্য করেন, ঐ নির্দ্ধারণপত্রে যে তারিখ নির্দ্দিষ্ট হয় সেই তারিখঅবধি ঐ প্রদেশও তফসীলে লেখা প্রদেশের মধ্যে গণ্য হইবে ইতি।

যেং আইন রহিত হইল তাহার কথা।

২ ধারা। এই আইনের দ্বিতীয় তফসীলে যেং আইন নির্দ্দিষ্ট করা গেল তাহা রহিত হইবে ইতি।

তফসীলে লেখা প্রদেশে যেং আইন প্রবল আছে তাহার জ্ঞাপনপত্রের কথা।

৩ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতি লইয়া, সময়েং ইণ্ডিয়া গেজেটে, ও স্থানীয় গেজেট থাকিলে সেই গেজেটেও জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া,

(ক) তফসীলে লেখা কোনং প্রদেশে কিম্বা উক্ত অন্যতর প্রদেশের কোন অংশে যেং আইন প্রবল আছে তাহা প্রকাশ করিতে পারিবেন।

(খ) উক্ত প্রদেশের মধ্য কোন প্রদে শ কিম্বা তাহার কোন অংশে অমুক আইন প্রবল নয় ইহা প্রকাশ করিতে পারিবেন।

(গ) এই ধারামতে যে জ্ঞাপনপত্র প্রকাশ করা যায় তাহার মধ্যে বৃত্তান্তঘটিত কোন চুক থাকিলে তাহা সংশোধন করিতে পারিবেন।

কিন্তু এই ধারার (ক) কিম্বা (খ) প্রকরণমতে কোন কথা প্রকাশ হইলে পর, এই ধারার (গ) প্রক[illegible] প্রকাশিত কথাভিন্ন অন্য কথার দ্বারা তাহা [illegible] করা যাইতে পারিবে না ইতি।

৩ ধারামত জ্ঞাপনপত্রের ফলের কথা।

৪ ধারা। তফসীলে লেখা কোন প্রদেশে যে আইন প্রবল আছে বা যেং আইন প্রবল নয়, ৩ ধারামতে এই বিষয়ের জ্ঞাপনপত্র প্রকাশ করা গেলে পর সেই জ্ঞাপনপত্রের মর্ম্মানু-

fied shall be deemed to be in force or not in force, according to the tenor of the notification, in such District, and every such notification shall be binding on all Courts of law.

Power to extend enactments to Scheduled Districts.

5. The Local Government, with the previous sanction of the Governor General in Council, may from time to time, by notification in the *Gazette of India* and also in the local Gazette (if any), extend to any of the Scheduled Districts, or to any part of any such District, any enactment which is in force in any part of British India at the date of such extension.

Appointment of officers and regulation of their procedure.

6. The Local Government may from time to time,

(*a*) appoint officers to administer civil and criminal justice and to superintend the settlement and collection of the public revenue, and all matters relating to rent, and otherwise to conduct the administration, within the Scheduled Districts,

(*b*) regulate the procedure of the officers so appointed; but not so as to restrict the operation of any enactment for the time being in force in any of the said Districts,

(*c*) direct by what authority any jurisdiction, powers or duties incident to the operation of any enactment for the time being in force in such District shall be exercised or performed.

Continuance of existing rules and officers.

7. All rules heretofore prescribed by the Governor General in Council or the Local Government for the guidance of officers appointed within any of the Scheduled Districts for all or any of the purposes mentioned in section six and in force at the time of the passing of this Act, shall continue to be in force unless and until the Governor General in Council or the Local Government, as the case may be, otherwise directs.

All existing officers so appointed previous to the date on which this Act comes into force in such District, shall be deemed to have been appointed hereunder.

Settlement of questions as to boundary.

8. Whenever any question arises as to the line of boundary between any of the Scheduled Districts and other territory, such officer as the Local Government or (where the said

সারে সেই প্রদেশে সেই পত্রের লিখিত আইন প্রবল আছে কি প্রবল নয় বলিয়া জ্ঞান হইবে, ও তদ্রূপ প্রত্যেক জ্ঞাপন পত্র আইনের অধীন সকল আদালতে মান্য হইবে ইতি।

তফসীলে লেখা প্রদেশে আইন প্রযুক্ত করিবার ক্ষমতার কথা।

৫ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানে যে সময়ে যে আইন প্রবল থাকে, স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতি লইয়া, সময়েং ইণ্ডিয়া গেজেটে, ও স্থানীয় গেজেট থাকিলে সেই গেজেটেও, জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া, তফসীলে লেখা কোন প্রদেশে কিম্বা কোন প্রদেশের কোন অংশে ঐ আইন প্রচলন করিতে পারিবেন ইতি।

কর্ম্মকারকদের নিয়োগ ও তাঁহাদের কার্য্যপ্রণালীর বিধানের কথা।

৬ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং,

(ক) তফসীলে লেখা প্রদেশের মধ্যে দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমার বিচার করিবার, ও রাজস্বের বন্দোবস্ত ও আদায় করণ কার্য্যের ও খাজনা সম্পর্কীয় সকল বিষয়ের তত্ত্বাধারণ করিবার, ও প্রকারান্তরের রাজকার্য্য নির্ব্বাহ করিবার কর্ম্মকারকদিগকে নিযুক্ত করিতে পারিবেন।

(খ) তদ্রূপে যে কার্য্যকারকেরা নিযুক্ত হন তাঁহাদের কার্য্য প্রণালীর বিধান করিতে পারিবেন। কিন্তু উক্ত কোন প্রদেশে যৎকালে যে আইন চলন থাকে তৎকালে সেই আইনের বিধানমত কার্য্য সংকোচ করণভাবে ঐ কার্য্য প্রণালীর বিধান করিবেন না।

(গ) উক্ত প্রদেশের মধ্যে যৎকালে যে আইন প্রবল থাকে সেই আইনের বিধানমতে বিচারাধিপত্য কি ক্ষমতা কি কর্ত্তব্য কর্ম্ম যে কর্ত্তৃপক্ষের দ্বারা সম্পাদিত কি নিষ্পন্ন হইবে, ইহার আদেশ করিতে পারিবেন ইতি।

যেং বিধি চলিতেছে ও যেং কার্য্যকারক আছেন তাহার ও তাঁহাদের থাকিবার কথা।

৭ ধারা। ৬ ধারায় যেং কার্য্যের উল্লেখ হইয়াছে, সেই সকল কি তন্মধ্যে কোন কার্য্যপক্ষে তফসীলে লেখা কোন প্রদেশে নিযুক্ত কার্য্যকারকদের উপদেশার্থে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট ইতিপূর্ব্বে যে সকল বিধি প্রণয়ন করিয়াছেন, তন্মধ্যে যে সকল বিধি এই আইন প্রচলিত হওনকালে প্রবল আছে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব কিম্বা বিষয়বিশেষে স্থানীয় গবর্ণমেণ্ট যত কাল ভাবান্তরের আজ্ঞা না করেন, তত কাল সেই সকল বিধি প্রবল থাকিবে।

এই আইন যে তারিখে সেই প্রদেশে প্রবল করা যায় তথায় যে সকল কার্য্যকারক তৎপূর্ব্বে নিযুক্ত হইয়া আছেন, তাঁহাদিগকে এই আইনমতে নিযুক্ত করা গেল এমত জ্ঞান হইবে ইতি।

সীমা বিবাদের নিষ্পত্তির কথা।

৮ ধারা। তফসীলে লেখা অন্যতর প্রদেশের ও অন্য প্রদেশের মধ্যে সীমার যে রেখা ধরিতে হইবে এই বিষয়ের কোন কথা উঠিলে, স্থানীয় গবর্ণমেণ্ট (কিম্বা উক্ত প্রদেশ ও সেই অন্য প্র-

District and the other territory are not subject to the same Local Government) as the Governor General in Council, from time to time appoints, may consider and determine such line of boundary;

and the order made thereon by such officer, if confirmed by the Government which appointed him, shall be conclusive in all Courts of justice.

Place of imprisonment or transportation.

9. Any person liable to be imprisoned or to be transported beyond sea under any order or sentence passed by any officer appointed under section six, may (subject to such rules as the Governor General in Council may from time to time prescribe in this behalf) be imprisoned in such jail or transported to such place as the Local Government directs.

Extension to Satná strip of Acts relating to public gambling, Pándhari-tax and Salt.

10. Acts No. III of 1867, No. XIV of 1867, and No. XXV of 1869 are hereby declared to be in force in the tract of land ceded to the British Government in the year 1863 and lying between the Railway Station at Satná and the eastern boundary of the Jabalpur District.

Saving of criminal jurisdiction over European British subjects.

11. Nothing contained in this Act or in any notification issued under the powers hereby conferred shall be deemed

(*a*) to affect the criminal jurisdiction of any Court over European British subjects, or

(*b*) to affect any law other than laws contained in Acts or Regulations or in rules made in exercise of powers conferred by such Acts or Regulations

---

THE FIRST SCHEDULE.

(*See section* 1).

PART I.

SCHEDULED DISTRICTS, MADRAS.

1. *In Ganjam.*

(1.) The Gumsur Maliahs including Chokapad.
(2.) The Surada Maliahs.
(3.) The Chinna Kimedi Maliahs.
(4.) The Pedda Kimedi Maliahs.
(5.) The Bodagoda Maliahs.
(6.) The Surangi Maliahs.
(7.) The Parla Kimedi Maliahs.
(8.) The Muttás of Koradá and Renaba (otherwise called Sríkarma).

দেশ স্থানীয় একি গবর্ণমেণ্টের অধীন না থাকিলে) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়েং যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি, সেই সীমা বিবেচনা করিয়া নির্ণয় করিবেন।

ও সেই কার্য্যকারক তদ্বিষয়ের যে আজ্ঞা করেন, যে গবর্ণমেণ্ট তাঁহাকে নিযুক্ত করিলেন সেই গবর্ণমেণ্ট তাহা অনুমোদন করিলে, সেই আজ্ঞা সকল আদালতে সিদ্ধান্ত হইবে ইতি।

যে স্থানে কারাদণ্ড কি দ্বীপান্তর প্রেরণদণ্ড ভোগ হইবে তাহার কথা।

৯ ধারা। ৬ ধারামতে যে কার্য্যকারক নিযুক্ত হন, তাঁহার কোন আজ্ঞা কি দণ্ডাজ্ঞামতে কোন ব্যক্তিকে কারাবদ্ধ করিতে কিম্বা দ্বীপান্তর প্রেরণ করিতে হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট যে জেল কিম্বা যে স্থানের আজ্ঞ করেন তাহাকে সেই জেলে কারাবদ্ধ করা যাইবে কিম্বা সেই স্থানে প্রেরণ করা যাইবে, কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়েং এই বিষয়ের যে বিধি করেন তাহা প্রবল মানিতে হইবে ইতি।

প্রকাশরূপে জুয়া খেলা ও পাণ্ধারি টক্স ও লবণ বিষয়ক আইন সটনায় প্রচলিত করিবার কথা।

১০ ধারা। সটনার রেলওয়ে ষ্টেশনের ও জবলপুর জিলার পূর্ব্ব সীমার মধ্য যে ভূমিখণ্ড ১৮৬৩ সালে ব্রিটনীয় গবর্ণমেণ্টের প্রতি প্রদান করা যায়, এতৎক্রমে তন্মধ্যে ১৮৬৭ সালের ৩ আইন ও ১৮৬৭ সালের ১৪ আইন ও ১৮৬৯ সালের ২৫ আইন প্রচলিত হইবার আজ্ঞা হইল ইতি।

ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের অপরাধের বিচারাধিপত্য রক্ষার কথা।

১১ ধারা। এই আইনের কোন কথাদ্বারা, কিম্বা এই আইনে যেং ক্ষমতা দেওয় গেল তদনুসারে যে জ্ঞাপনপত্র প্রচার করা যায় তদ্দ্বারা.

(ক) ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের অপরাধ বিষয়ে কোন আদালতের বিচারাধিপত্যের বৈলক্ষণ্য হইল, কিম্বা

(খ) আইন কি আক্টের মধ্যে যেং বিধান থাকে, তাহা ছাড়া, কিম্বা ঐং আইনে কি আক্টে যেং ক্ষমতা-দেওয়া গেল সেইং ক্ষমতানুসারে যে বিধি করা যায় তাহা ছাড়া কোন বিধানের বৈলক্ষণ্য হইল, এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

প্রথম তফসীল।

(১ ধারা দেখ।)

প্রথম খণ্ড।

মান্দ্রাজের অন্তর্গত তফসীলে লেখা প্রদেশ।

১। গাঞ্জাম।

(১) গুমসুর মালিয়া, ইহার মধ্যে চোকাপদ।
(২) সুরদা মালিয়া।
(৩) চিন্না কিমেদী মালিয়া।
(৪) পেড্ডা কিমেদী মালিয়া।
(৫) বোডাগুডা মালিয়া।
(৬) সুরাঙ্গী মালিয়া।
(৭) পারলা কিমেদী মালিয়া।
(৮) কোরদার ও রোণবার (নামান্তর শ্রীকর্ম্মার) মুটা।

(9.) The Chighatti Maliah.
(10.) The Jurada Maliah.
(11.) The Jalantra Maliah.
(12.) The Mandasa Maliah.
(13.) The Budarasinghi Maliah.
(14.) The Kuttingia Maliah.

II. *In Vizagapatam.*

(1.) The Jeypur Zamíndárí.
(2.) Golconda Hills, west of the River Boderu.
(3.) The Madugol Maliahs.
(4.) The Kasipur Zamíndárí.
(5.) The Panchipenta Maliahs.
(6.) Mondemkolla, in the Merangi Zamíndárí.
(7.) The Konda Muttá of Belgám.
(8.) The Gúmma and Konda Muttás of Kurpam.
(9.) The Kottam, Rám and Konda Muttás of Pálkonda.

III. *In the Godávari District.*

(1.) The Bhadráchalam Táluq.
(2.) The Rákapilli Táluq.
(3.) The Rampá Country.

IV. *In the Indian Ocean.*

The Laccadive Islands including Minicoy.

PART II.

SCHEDULED DISTRICTS, BOMBAY.

I.—The Province of Sindh.
II.—The Panch Mahals.
III.—Aden.
IV.—The villages belonging to the following Mehwassi Chiefs:—
(1.) The Párví of Káthí.
(2.) The Párví of Nál.
(3.) The Párví of Singpúr.
(4.) Walwi of Gaohállí.
(5.) The Wassáwa of Chikhlí.
(6.) The Párví of Nawalpúr.

PART III.

SCHEDULED DISTRICTS, BENGAL.

I.—The Jalpáigorí and Darjeeling Divisions.
II.—The Hill tracts of Chittagong.
III.—The Santhál Parganas.
IV.—The Chutiá Nágpur Division.
V.—The Mahals of Angúl and Banki.

PART IV.

SCHEDULED DISTRICTS, NORTH-WESTERN PROVINCES.

I. The Jhánsí Division comprising the Districts of Jhánsí, Jalaun and Lalatpur.
II. The Province of Kumáon and Garhwál.
III. The Terai Parganas, comprising—Bázpúr, Káshípúr, Jaspúr, Rudarpúr, Gadarpúr, Kilpúrí, Nának-Matthá and Bilherí.

(৯) চিঘাটী মালিয়া ।
(১০) জুরদা মালিয়া ।
(১১) জলন্ত্র মালিয়া ।
(১২) মন্দসা মালিয়া ।
(১৩) বুদরসিংহী মালিয়া ।
(১৪) কুটিঙ্গিয়া মালিয়া ।

২ । বিজিগাপাটামে ।

(১) জয়পুর জমীদারী ।
(২) গোলকুণ্ড পর্ব্বত, বোদেরু নদীর পশ্চিম ।
(৩) মড়ুগোল মালিয়া ।
(৪) কাশীপুর জমীদারী ।
(৫) পঞ্চিপেণ্টা মালিয়া ।
(৬) মোন্দেমকোল্লা (মেরাঙ্গী জমীদারীর অন্তর্গত ।)
(৭) বেলগামের কোন্দা মুটা ।
(৮) কুর্পামের গুমা ও কোন্দা মুটা ।
(৯) পালকুণ্ডের কোটাম ও রাম ও কোন্দা মুট ।

৩ । গোদাবরী প্রদেশে ।

(১) ভদ্রাচলম তালুক ।
(২) রাকপিলি তালুক ।
(৩) রম্পা দেশ ।

৪ । ভারতবর্ষীয় সাগরে ।

লাক্ষাদ্বীপ, ইহার মধ্যে মিনিকয় ।

দ্বিতীয় খণ্ড ।

বোম্বাইয়ের অন্তর্গত তফসীলে লেখা প্রদেশ ।

১ সিন্ধু দেশ ।
২ পাঞ্চ মাহাল ।
৩ আদেন ।
৪ মেহওয়াসী সরদারদের এই২ গ্রাম ।
১ কাঠির পারবী ।
২ নলের পারবী ।
৩ সিংহপুরের পারবী ।
৪ গাওহালির ওয়ালুই ।
৫ চিখলীর ওয়াসাওয়া ।
৬ নবলপুরের পারবী ।

তৃতীয় খণ্ড ।

বঙ্গদেশের অন্তর্গত তফসীলে লেখা প্রদেশ ।

(১) জলপাইগুড়ি ও দারজীলিঙ্গ খণ্ড ।
(২) চট্টগ্রামের পার্ব্বত্য দেশ ।
(৩) সাঁওতাল পরগনা ।
(৪) চুটিয়া নাগপুর খণ্ড ।
(৫) আঙ্গুলের ও বাঁকীর মহাল ।

চতুর্থ খণ্ড ।

উত্তর পশ্চিম দেশান্তর্গত তফসীলে লেখা প্রদেশ ।

১ ঝান্সী খণ্ড, ইহার মধ্যে ঝান্সী ও জালাউন ও ললতপুর জেলা ।
২ কুমাউন ও গড়ওয়াল দেশ ।
৩ তেরাই পরগনা,—ইহার মধ্যে বাজপুর, কাশীপুর, যশপুর, রুদ্রপুর, গদারপুর, কিলপুরী, নানক মঠা ও বিলহেরী ।

IV. In the Mirzapur District :—

(1.) The tappás of Agori Khás and South Kon in the Pargana of Agori.

(2.) The tappá of British Singrauli in the Pargana of Singrauli.

(3.) The tappás of Phulwá, Dudhi and Barhá in the Pargana of Bichipár.

(4.) The portion lying to the South of the Kaimor Range.

V. The Family Domains of the Mahárájá of Benares comprising the following parganas :—

Bhadohi and Kheyra Mángror in the Mirzapur District,

Kaswá Rájá in the Benares District.

VI. The tract of country known as Jaunsar Báwar in the Dehra Dún District.

PART V.

SCHEDULED DISTRICTS, PANJÁB.

The Districts of Hazára, Peshávar, Kohát, Bannu, Dera Ismail Khán, Dera Ghází Khán, Lahaul and Spiti.

PART VI.

SCHEDULED DISTRICTS, CENTRAL PROVINCES.

Chhattisgarh Zamindáris, viz. :—

1. Khariár.
2. Bindrá Nawágarh.
3. Sahezpúr.
4. Gándai.
5. Silhetí.
6. Barbaspúr.
7. Thákurtolá.
8. Lohárá.
9. Gondardehí.
10. Fingeswar.
11. Pándariá.
12. Pendrá.
13. Mátín.
14. Uprorá.
15. Kendá.
16. Láphá.
17. Chhúrí.
18. Korbá.
19. Chapá.
20. Borá Sámbhar.
21. Phúljhar.
22. Kolábirá.
23. Rámpúr.

Chándá Zamindáris.

1. Ahírí.
2. Ambágarh Chaukí.
3. Andhí.
4. Dhanorá.
5. Dúdhmálá.
6. Gewardá.
7. Jhárápáprá.
8. Khutgáon.
9. Korácha.
10. Kotgal.
11. Muramgáon.
12. Pánábáras.
13. Palasgarh.
14. Rángí.
15. Sirsundí.
16. Sonsarí.
17. Chándálá.
18. Gilgáon.
19. Páwí Mutándá.
20. Pategáon.

Chhindwárá Jágírdáris.

1. Haraí.
2. Chhátcr.
3. Gorakhghát.
4. Gorpání
5. Baktágarh.
6. Bardágarh.
7. Pachmarhí.
8. Partábgarh.
9. Almod.
10. Sonpúr.
11. Bariám Pagárá.

[*Government Gazette, 22nd December* 1874.]

৪। মিরজাপুর প্রদেশে।

(১) অগোরী পরগনার অন্তর্গত অগোরী খাস ও দক্ষিণ কোণের তপ্পা।

(২) সিঙ্গরৌলী পরগনার অন্তর্গত ব্রিটনীয় সিঙ্গরৌলীর তপ্পা।

(৩) বিচিপার পরগনার অন্তর্গত ফুলওরা ও দুধী ও বরহার তপ্পা।

(৪) কইমোর পর্ব্বৎ শ্রেণীর দক্ষিণাংশ।

৫। বারাণসীর মহারাজের পরিবারীয় অধিকার, ইহার মধ্যে এই২ পরগনা,—

মিরজাপুর জিলার অন্তর্গত ভাদহী ও খেরা মাঙ্গরোর।

বারাণসী জিলার অন্তর্গত কসওয়া রাজা।

৬। দেরাদুন জিলার অন্তর্গত জৌনসর বাওর নামক দেশ খণ্ড।

পঞ্চম খণ্ড।

পঞ্জাবের অন্তর্গত তফসীলে লেখা প্রদেশ।

এই২ জিলা, হাজরা, পেশাওর, কোহাট, বন্নু, ডেরা ইসমায়েল খাঁ, ডেরা গাজিখাঁ, লাহৌল ও স্পিতি।

ষষ্ঠ খণ্ড।

মধ্য প্রদেশের অন্তর্গত তফসীলে লেখা প্রদেশ।

ছত্রিশগড় জমীদারী অর্থাৎ।

১। খরিয়ার।
২। বিন্দ্রা নওয়াগড়।
৩। সহেজপুর।
৪। গান্দই।
৫। সিলহেটী।
৬। বরবশপুর।
৭। ঠাকুরটোলা।
৮। লোহারা।
৯। গোন্দরদেহী।
১০। ফিঙ্গেশ্বর।
১১। পান্দরয়া
১২। পেনদ্রা।
১৩। মাতিন।
১৪। উপরোরা।
১৫। কেন্দা।
১৬। লাপহা।
১৭। ছুরী।
১৮। কোরবা।
১৯। চপা।
২০। বোরাসামম্ভর।
২১। ফুলঝার।
২২। কোলাবিরা।
২৩। রামপুর।

চান্দা জমীদারী।

১। আহিরী।
২। আম্বাগড় চৌকী।
৩। আন্ধী।
৪। ধনোরা।
৫। দুধমালা।
৬। গেওয়ারদা।
৭। ঝারাপাপরা।
৮। খুটগাঁও।
৯। কোরাচা।
১০। কোটগল।
১১। মুরমগাঁও।
১২। পাণাবারস।
১৩। পলাশগড়।
১৪। রাঙ্গী।
১৫। শিরসুন্দী।
১৬। সোমসারী।
১৭। চান্দালা।
১৮। গিলগাঁও।
১৯। পাবী মুটাণ্ডা।
২০। পাতেগাঁও।

ছিন্দওয়ারা জায়গীরদারী।

১। হরই।
২। ছাতের।
৩। গোরক্ষঘাট।
৪। গোরপানী।
৫। বক্তাগড়।
৬। বরদাগড়।
৭। পচমাঢ়ী।
৮। প্রতাপগড়।
৯। আলমোদ।
১০। সোনপুর।
১১। বরিয়াম পগারা।

PART VII.

The Chief Commissionership of Coorg.

PART VIII.

The Chief Commissionership of the Andaman and Nicobar Islands.

PART IX.

The Chief Commissionership of Ajmer and Mairwára.

PART X.

The Chief Commissionership of Assam.

PART XI.

The Hill Tracts of Arakan.

PART XII.

The Pargana of Mánpur.

PART XIII.

The Cantonment of Morar.

THE SECOND SCHEDULE.

(See section 2).

Number and year.	Title.
XI of 1846 ...	An Act for the exemption of certain Territory in the Province of Candeish and the Zillah Ahmednuggur from the operation of the General Regulations.
XXXVII of 1855	An Act to remove from the operation of the general Laws and Regulations certain Districts inhabited by Sonthals and others, and to place the same under the superintendence of an Officer to be specially appointed for that purpose.
X of 1857 ...	An Act to amend Act XXXVII of 1855.
XXII of 1860 ...	An Act to remove certain tracts on the Eastern border of the Chittagong District from the jurisdiction of the tribunals established under the general Regulations and Acts.
XIV of 1861 ...	An Act to remove certain tracts of Country in the Rohilcund Division from the jurisdiction of the tribunals established under the general Regulations and Acts.

সপ্তম খণ্ড।

কুর্গের প্রধান কমিশ্যনরী।

অষ্টম খণ্ড।

আন্দামান ও নিকোবার দ্বীপের প্রধান কমিশ্যনরী।

নবম খণ্ড।

আজমের ও মেরওয়ারার প্রধান কমিশ্যনরী।

দশম খণ্ড।

আসামের প্রধান কমিশ্যনরী।

একাদশ খণ্ড।

আরাকানের পার্ব্বত্যদেশ।

দ্বাদশ খণ্ড।

মানপুর পরগনা।

ত্রয়োদশ খণ্ড।

মোরার সেনানিবেশ স্থান।

দ্বিতীয় তফসীল।

(২ ধারা দেখ।)

নম্বর ও সাল।	নাম।
১৮৪৬ সা. ১১ আ ...	খাঁদেশ প্রদেশের অন্তর্গত কএক দেশ ও আহমদনগর জিলা, সাধারণ আইনের বিধানহইতে মুক্ত করণার্থ আইন।
১৮৫৫ সা. ৩৭ আ ...	সাঁওতাল ও অন্যান্য জাতীয় লোকদের নিবাস কতক জিলা সাধারণ বিধান ও আইনের আমলহইতে স্বতন্ত্র করিবার, এবং ঐ২ জিল সেই২ কর্ম্মের নিমিত্তে বিশেষমতে নিযুক্ত এক জন কার্য্যকারকের তত্ত্বাবধারণে রাখিবার আইন।
১৮৫৭ সা ১০ আ ...	১৮৫৫ সালের ৩৭ আইন সংশোধনার্থ আইন।
১৮৬০ সা. ২২ আ ...	চট্টগ্রাম জিলার পূর্ব্বসীমার কতক দেশ সাধারণ আইন ও আক্টমতে স্থাপিত আদালত প্রভৃতির এলাকাহইতে পৃথক করিবার আইন।
১৮৬১ সা. ১৪ আ. ...	সাধারণ আইন ও আক্ট অনুসারে স্থাপিত আদালতের বিচারাধিপত্যহইতে রুহিলখণ্ড খণ্ডের অন্তর্গত কএক দেশ পৃথক করিবার আইন।

THE SECOND SCHEDULE—*concluded.*

Number and year.	Title.
XIX of 1864 ...	An Act to remove certain tracts of Country in the District of Mirzapore from the jurisdiction of the local Courts.
IV of 1868 ...	An Act to exempt certain villages in the Bombay Presidency from the operation of the Regulations and Acts in force in that Presidency.
XXII of 1869 ...	An Act to remove the Gáro Hills from the jurisdiction of the tribunals established under the General Regulations and Acts and for other purposes.

নম্বর ও সাল।	নাম।
১৮৬৪ সা· ১৯ আ ...	স্থানীয় আদালতের বিচারাধিপত্যহইতে মৃজাপুর জিলার অন্তর্গত কএক স্থান পৃথক করিবার আইন।
১৮৬৮ সা· ৪ আ· ...	বোম্বাই দেশে যে২ আইন ও আক্‌ট প্রবল আছে তাহার বিধানহইতে উক্ত দেশান্তর্গত কএক গ্রাম মুক্ত করণার্থ আইন।
১৮৬৯ সা· ২২ আ ...	সাধারণ আইন ও আক্‌টক্রমে স্থাপিত বিচারালয়ের বিচারাধিপত্যহইতে গারো পর্ব্বত পৃথক করণার্থ ও অন্যান্য কার্য্যার্থ আইন।

BENGAL ACT.

IV of 1863 ...	An Act to amend Act XXII of 1860 (to remove certain tracts on the Eastern border of the Chittagong District from the jurisdiction of the tribunals established under the general Regulations and Acts.)

বঙ্গদেশীয় আইন।

১৮৬৩ সা· ৪ আ· ...	১৮৬০ সালের ২২ আইন (অর্থাৎ চট্টগ্রাম জিলার পূর্ব্বসীমার কতক দেশ সাধারণ আইন ও আক্‌টমতে স্থাপিত আদালতপ্রভৃতির এলাকা হইতে পৃথক করিবার আইন) সংশোধনার্থ আইন।

WHITLEY STOKES,
Secy. to the Govt. of India.

উইট্‌লি ষ্টোকস,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 8th December 1874, and is hereby promulgated for general information :—

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের এই আইন, ১৮৭৪ সালের ডিসেম্বর মাসের ৮ তারিখে মহিমবর শ্রীযুত গবরনর জেনরল সাহেবকর্ত্তৃক অনুমোদিত হওয়াতে সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

ACT No. XV OF 1874.

১৮৭৪ সালের ১৫ আইন।

An Act for declaring the local extent of certain Enactments, and for other purposes.

কোন২ আইন যত দূর ব্যাপ্ত হয় তাহা নির্দ্দিষ্ট করণার্থ ও অন্যান্য কার্য্যার্থ আইন।

Preamble.

WHEREAS it is expedient to declare the local extent of certain Acts passed by the Governor General of India in Council, the Legislative Council of India, and the Council of the Governor General of India assembled for the purpose of making Laws and Regulations; And whereas it is also expedient to consolidate the laws relating to the local extent of

হেতুবাদ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের, ও ভারতবর্ষের ব্যবস্থাপক মন্ত্রিসভার, এবং আইন ও ব্যবস্থা প্রণয়নার্থে অধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের মন্ত্রিসভার প্রণীত কোন২ আইন যত দূর ব্যাপ্ত হয় ইহা নির্দ্দিষ্ট করা বিহিত। এবং মান্দ্রাজ ও বোম্বাই দেশের, ও বঙ্গদেশের অন্তর্গত ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বঙ্গ-

certain Acts and Regulations in the Presidencies of Fort St. George and Bombay, and in the Lower and the North-Western Provinces of the Presidency of Fort William in Bengal:

It is hereby declared and enacted as follows:—

Short title.

1. This Act may be called "The Laws Local Extent Act, 1874."

Interpretation-clause.

2. In this Act the expression "Scheduled Districts" means the territories mentioned in the sixth schedule hereto annexed.

Local extent of Acts in first schedule.

3. The Acts mentioned in the first schedule hereto annexed are now in force throughout the whole of British India, except the Scheduled Districts.

Local extent of enactments in second schedule.

4. The enactments mentioned in the second schedule hereto annexed are now in force throughout the whole of the territories now subject to the government of the Governor of Fort St. George in Council, except the Scheduled Districts subject to such government.

Local extent of enactments in third schedule.

5. The enactments mentioned in the third schedule hereto annexed are now in force throughout the whole of the territories now subject to the government of the Governor of Bombay in Council, except the Scheduled Districts subject to such government.

Local extent of enactments in fourth schedule.

6. The enactments mentioned in the fourth schedule hereto annexed are now in force throughout the whole of the territories now subject to the government of the Lieutenant-Governor of Bengal, except the Scheduled Districts subject to such government.

Local extent of enactments in fifth schedule.

7. The enactments mentioned in the fifth schedule hereto annexed are now in force throughout the whole of the territories now subject to the government of the Lieutenant-Governor of the North-Western Provinces of the Presidency of Fort William, except the Scheduled Districts subject to such government.

প্রভৃতি দেশের ও উত্তর পশ্চিম দেশের কোন২ আইন ও আকট যত দূর ব্যাপ্ত হয় এতদ্বিষয়ক আইন সংগ্রহ করা বিহিত।

এই হেতুক নিম্নলিখিতমতে নির্দ্দেশ ও বিধান করা গেল।—

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "নানা স্থানে আইনের ব্যাপকতা বিষয়ক ১৮৭৪ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

অর্থ করণের ধারা।

২ ধারা। এই আইনে "তফসীলে লেখা প্রদেশ" এই কথায় এই আইনের ষষ্ঠ তফসীলের নির্দ্দিষ্ট দেশ বুঝাইবে ইতি।

প্রথম তফসীলে যে২ আইনের উল্লেখ হইয়াছে তাহা যে২ স্থানে ব্যাপ্ত হয় তাহার কথা।

৩ ধারা। এই আইনের প্রথম তফসীলে যে২ আইনের উল্লেখ হইয়াছে, তাহা এইক্ষণে তফসীলে লেখা প্রদেশ ছাড়া ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত সমস্ত দেশে প্রচলিত আছে ইতি।

দ্বিতীয় তফসীলে যে২ আইনের উল্লেখ হইয়াছে তাহা যে২ স্থানে ব্যাপ্ত হয় তাহার কথা।

৪ ধারা। এই আইনের দ্বিতীয় তফসীলে যে২ আইনের উল্লেখ হইয়াছে, তাহা এইক্ষণে মান্দ্রাজের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর সাহেবের শাসনাধীন তফসীলে লেখা প্রদেশ ছাড়া তাঁহার শাসনাধীন তাবদ্দেশে প্রচলিত আছে ইতি।

তৃতীয় তফসীলে যে২ আইনের উল্লেখ হইয়াছে তাহা যে২ স্থানে ব্যাপ্ত হয় তাহার কথা।

৫ ধারা। এই আইনের তৃতীয় তফসীলে যে২ আইনের উল্লেখ হইয়াছে, তাহা এইক্ষণে বোম্বাইয়ের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর সাহেবের শাসনাধীন তফসীলে লেখা প্রদেশ ছাড়া তাঁহার শাসনাধীন তাবদ্দেশে প্রচলিত আছে ইতি।

চতুর্থ তফসীলে যে২ আইনের উল্লেখ হইয়াছে তাহা যে২ স্থানে ব্যাপ্ত হয় তাহার কথা।

৬ ধারা। এই আইনের চতুর্থ তফসীলে যে২ আইনের উল্লেখ হইয়াছে, তাহা এইক্ষণে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন তফসীলে লেখা প্রদেশ ছাড়া তাঁহার শাসনাধীন তাবদ্দেশে প্রচলিত আছে ইতি।

পঞ্চম তফসীলে যে২ আইনের উল্লেখ হইয়াছে তাহা যে২ স্থানে ব্যাপ্ত হয় তাহার কথা।

৭ ধারা। এই আইনের পঞ্চম তফসীলে যে২ আইনের উল্লেখ হইয়াছে তাহা এইক্ষণে ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন তফসীলে লেখা প্রদেশ ছাড়া তাঁহার শাসনাধীন তাবদ্দেশে প্রচলিত আছে ইতি।

Savings.

8. Nothing herein contained shall—

(a) bar the power of the Governor General in Council or the Local Government, under any law for the time being in force, to extend to any place any Act mentioned in the said first schedule;

(b) extend any Act empowering the Local Government to extend the same or any part thereof, or affect in any manner the exercise of such power;

(c) affect the operation of any Act or Regulation heretofore extended to or declared to be in force in any of the Scheduled Districts;

(d) revive any enactment which has been repealed either generally or with reference to some special subject;

(e) extend Madras Regulation VII of 1832 to any place in which Madras Act I of 1866 is in force;

(f) extend Act No. XVII of 1840, or Act No. VII of 1852, or Madras Regulation I of 1805, or Madras Regulation II of 1807, to any place in which Madras Act No. VI of 1871 is in force;

(g) extend Act No. IX of 1861 to any part of the territories subject to the government of the Governor of Bombay in Council;

(h) extend Act No. XI of 1841 or No. XII of 1842 to any place in which Bombay Act No. III of 1867 is in force;

(i) extend to the Villages mentioned in the schedule to Act No. IV of 1868 any law not now in force therein;

(j) extend to any of the towns of Calcutta, Madras and Bombay any law not now in force therein;

(k) affect the operation of any enactment not mentioned in any of the schedules hereto annexed.

Enactments repealed.

9. The enactments mentioned in the seventh schedule hereto annexed shall be repealed to the extent specified in the third column thereof.

বিধানাদি রক্ষার কথা।

৮ ধারা। (ক) যৎকালে যে আইন প্রচলিত থাকে তৎকালে সেই আইনমতে উক্ত প্রথম তফসীলের উল্লিখিত কোন আইন কোন স্থানে প্রচলন করিতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবরনর জেনরল সাহেবের কি স্থানীয় গবর্ণমেণ্টের যে ক্ষমতা আছে, এই আইনের কোন কথা দ্বারা সেই ক্ষমতা নিবৃত্ত হইবে না।

(খ) যে আইনদ্বারা স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি সেই আইন কি তাহার কোন অংশ বিস্তৃতরূপে ব্যাপ্ত করিবার ক্ষমতা দেওয়া গেল, এই আইনের কোন কথা দ্বারা সেই আইন বিস্তৃত করিয়া ব্যাপ্ত করা যাইবে না, কিম্বা কোন প্রকারেই ঐ ক্ষমতার বৈকল্য হইবে না।

(গ) ইতিপূর্ব্বে কোন আইন কি আকট তফসীলে লেখা কোন প্রদেশে ব্যাপ্ত হইলে কিম্বা তথায় প্রচলিত আছে বলিয়া নির্দ্দেশ করা গেলে, এই আইনের কোন কথা দ্বারা সেই আইনের কি আক্টের বিধানমত কার্য্যের বৈকল্য হইবে না।

(ঘ) কোন আইন সাধারণমতে কিম্বা বিশেষ কোন বিষয় ধরিয়া রহিত হইয়া থাকিলে, এই আইনের কোন কথাদ্বারা তাহা পুনঃ প্রবল হইবে না।

(ঙ) মান্দ্রাজের ১৮৬৬ সালের ১ আইন যেং স্থানে প্রচলিত আছে, এই আইনের কোন কথাদ্বারা সেইং স্থানে মান্দ্রাজের ১৮৩২ সালের ৭ আইন প্রচলিত হইবে না।

(চ) মান্দ্রাজের ১৮৭১ সালের ৬ আইন যে কোন স্থানে প্রচলিত আছে, এই আইনের কোন কথা দ্বারা সেই স্থানে ১৮৪০ সালের ১৭ আইন কি ১৮৫২ সালের ৭ আইন কিম্বা মান্দ্রাজের ১৮০৫ সালের ১ আইন কি মান্দ্রাজের ১৮০৭ সালের ২ আইন প্রচলিত হইবে না।

(ছ) এই আইনের কোন কথা দ্বারা বোম্বাইয়ের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর সাহেবের শাসনাধীন দেশের কোন স্থানে ১৮৬১ সালের ৯ আইন প্রচলিত হইবে না।

(জ) বোম্বাইয়ের ১৮৬৭ সালের ৩ আইন যে কোন স্থানে প্রচলিত আছে, এই আইনের কোন কথা দ্বারা সেই স্থানে ১৮৪১ সালের ১১ আইন কি ১৮৪২ সালের ১২ আইন প্রচলিত হইবে না।

(ঝ) ১৮৬৮ সালের ৪ আইনের তফসীলে যেং গ্রামের উল্লেখ হইয়াছে, তন্মধ্যে যে আইন এইক্ষণে প্রবল নয়, এই আইনের কোন কথা দ্বারা সেই আইন তথায় প্রচলিত হইবে না।

(ঞ) কালকাত ও মান্দ্রাজ ও বোম্বাই নগরে যে আইন এইক্ষণে প্রবল নয়, এই আইনের কোন কথা দ্বারা সেইং নগরে সেই আইন প্রচলিত হইবে না।

(ট) পশ্চাৎ লিখিত কোন তফসীলে যেং আইনের উল্লেখ হয় নাই, এই আইনের কোন কথা দ্বারা সেইং আইনের বিধানমত কার্য্যের বৈকল্য হইবে না ইতি।

যেং আইন রহিত হইল তাহার কথা।

৯ ধারা। এই আইনের সপ্তম তফসীলে যেং আইনের উল্লেখ হইয়াছে, ঐ তফসীলের তৃতীয় ঘরে যত দূর নির্দিষ্ট হইল সেইং আইন তত দূর রহিত হইবে ইতি।

[*Government Gazette, 22nd December* 1874.]

FIRST SCHEDULE.

(*See section* 3).

ACTS OF THE SUPREME COUNCIL.

YEAR AND NO.	SUBJECT.
1836, XXVI ...	Governor General's Camp Police.
1837, IV ...	Power to acquire land.
1838, XXV ...	Wills executed before the 1st January 1866.
1839, XXIX ...	Dower, when marriage was contracted before 1st January 1866.
„ XXX ...	Inheritance, where descent took place before 1st January 1866.
„ XXXII ...	Interest.
1840, VI ...	Bills of Exchange.
1841, X ...	Registration of ships.
„ XI ...	Military Courts of Requests.
„ XVIII ...	Exportation of Military Stores.
„ XIX ...	Curators in cases of successions.
1842, IX ...	Lease and Release.
„ XII ...	Military Bázárs.
1843, V ...	Slavery.
1847, XX ...	Copyright.
1850, V ...	Coasting Trade.
„ XI ...	Navigation Laws.
„ XII ...	Default of Public Accountants.
„ XVIII ...	Protection of Judicial Officers.
„ XIX ...	Binding of Apprentices.
„ XXI ...	Non-forfeiture of rights by loss of Caste.
„ XXXIV ...	State Prisoners.
„ XXXVII ...	Inquiries into the behaviour of Public Servants.
1852, XXX ...	Naturalization of Aliens.
„ XXXIII ...	Enforcement of Judgments of Charter Courts and Military Courts of Requests.
1853, II ...	Burdens on land.
1854, XVIII ...	Railways.
„ XXXI ...	Barring entails: conveyances by married women.
1855, XI ...	Mesne profits and improvements.
„ XII ...	Executors and Administrators.
„ XIII ...	Compensation for loss occasioned by death caused by actionable wrong.
„ XXIII ...	Administration of mortgaged estates in cases of descents occurring or devises made before the 1st January 1866.
„ XXIV ...	Penal servitude.
„ XXVIII ...	Interest.

FIRST SCHEDULE—*continued.*

YEAR AND NO.	SUBJECT.
1856, IX ...	Bills of Lading.
„ XI ...	Desertion by European Soldiers.
„ XV ...	Marriage of Hindú Widows.
1857, XI ...	Offences against the State.
XXV ...	Forfeiture by Mutineers.
1858, III ...	State Prisoners.
„ XXXV ...	Estates of Lunatics not subject to jurisdiction of Supreme Courts.
„ XXXVI ...	Lunatic Asylums.
1859, I ...	Merchant Seamen.
„ III ...	Cantonment Joint Magistrates.
„ VIII ...	Civil Procedure.
„ IX ...	Sections 16, 17, 18 and 20. Forfeitures.
„ XIV (sec. 15)	Suits to recover possession of land.
„ XV ...	Patents.
1860, XXI ...	Registration of Societies.
„ XXVII ...	Collection of debts on successions.
1861, IX ...	Minors.
„ XXIII ...	Amending Civil Procedure Code.
1862, III ...	Government Seal.
1863, VI ...	Sea Customs.
„ XVI ...	Excise Duty payable on Spirits used in Arts and Manufactures.
„ XXIII ...	Claims to waste-lands.
„ XXXI ...	Gazette of India.
1864, III ...	Foreigners.
„ VI ...	Whipping.
1865, III ...	Common Carriers.
„ XI ...	Mofussil Courts of Small Causes.
„ XV ...	Marriage and Divorce among Parsees.
„ XXI ...	Intestate succession among Parsees
1866, V ...	Bills of Exchange, Commercial Law.
„ X ...	Companies.
„ XXI ...	Dissolution of marriages of Native Converts.
„ XXVIII ...	Trustees and Mortgagees' Powers.
1867, X ...	References by Courts of Small Causes in the Mofussil.
„ XXV ...	Printing Presses, &c.
1868, X ...	Amending Consolidated Customs Act.
1869, XV ...	Evidence of Prisoners.
1870, I ...	Quarantine.

SECOND SCHEDULE.

(*See section* 4).

(*a*).—MADRAS REGULATIONS.

YEAR AND No.		SUBJECT.
1802,	III (ss. 1, 11, part of s. 16 only).	Procedure of Civil Courts.
"	V (s. 30) ...	Sadr Adálat to act according to justice, &c.
"	XIII ...	Records of Courts.
"	XIX (s. 2)...	Covenanted Civil Servants forbidden to lend.
"	XXV ...	Settlement of Land-revenue.
"	XXVI (ss. 1, 2 & 3 only).	Registration of málguzárí land.
"	XXIX ...	Karnams.
1803,	I ...	Board of Revenue.
"	II ...	Conduct of Collectors, &c.
1804,	V ...	Court of Wards.
1805,	I ...	Salt-revenue.
1806,	II (parts of ss. 1 & 7).	Collectors and Karnams.
1807,	II ...	Salt-revenue.
1808,	VII ...	Martial Law.
1816,	IV ...	Village Munsifs.
"	V ...	Village Panchâyats.
"	IX (s. 43 only).	Prosecution of Zila Magistrates.
"	XI ...	Sections 8, 9, 10, Heads of villages: Section 11, cl. 1, Stolen property: Section 13, Discovery of corpses: Section 14, Register of persons confined by heads of villages; and Section 17, Magistrates charged with maintenance of peace.
"	XII ...	Reference of claims regarding land and produce to Village and District Panchâyats.
"	XIV ...	Native Pleaders.
1817,	VII ...	Maintenance of Bridges, &c.; Escheats.
"	VIII (s. 9 only).	Sale for arrears of revenue of estate belonging to Native Officer or Soldier.
1819,	I ...	Land-revenue.
"	II ...	State Prisoners.
1821,	IV (s. 4) ...	Petty Thefts.
1822,	IV ...	Explanation of Madras Regulation XXV, 1802.
"	VII (cl. 1 of s. 3 only).	Native Officers in Revenue and other Public Departments.
"	IX ...	Embezzlement by public servants and malversation in revenue matters.
1823,	III ...	Embezzlement by public servants and malversation in revenue matters.
1828,	VII ...	Powers of Subordinate and Assistant Collectors.

SECOND SCHEDULE—*continued.*

MADRAS REGULATIONS.

YEAR AND No.		SUBJECT.
1829,	V ...	Hindú Wills and Estates.
1830,	I ...	Prohibition of Widow-burning.
1831,	III ...	Unlawful assemblies; threatening Officers; ryots refusing to attend at annual settlement.
"	V (s. 7, cl. 2 only).	Liability of Ministerial Officers for reception of improperly stamped document.
"	VI ...	Hereditary Village Offices.
"	X ...	Prohibition of Sale of Estates of Minors for Arrears of Revenue.
1832,	III ...	Limitation for Suits against orders of Revenue Authorities under Madras Regulation VII of 1828.
"	VII ...	Cantonments.
"	XI ...	Hidden Treasure.
"	XIV	Purchase of clothes from Soldiers.

(*b*).—ACTS OF THE SUPREME COUNCIL RELATING TO THE MADRAS PRESIDENCY.

YEAR AND No.		SUBJECT.
1837,	XXXVI ...	Criminal Jurisdiction of Collectors.
1838,	XII ...	Hidden Treasure.
1839,	VII ...	Tahsildárs.
1840,	VIII ...	Awards of Panchâyats.
"	XVII ...	Penalties for breach of Salt Laws.
1844,	VI ...	Duties.
1846,	I ...	Pleaders.
"	IX ...	Harbours.
1849,	X ...	Commissioners of Revenue.
1852,	VII ...	Penalties for breach of Salt Laws.
1853,	XX ...	Pleaders.
1855,	X ...	Section 10—Recusant witnesses.
